Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad


# কর্মসংস্থান

দাম : ৪ টাকা

www.karmosangsthan.com

Vol. 32 ■ Issue No. 42 ■ 26th October 2019 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88


ভেতরের পাতায়

- জেলা প্রাথমিক বিদ্যালয়ে ক্লার্ক, গার্ড
- সেনাবাহিনীতে ৪০ অফিসার
- মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- চাকরির পরীক্ষায় গাইড ও সাফল্যের প্রস্তুতি

## পুরসভায় ৩৬ মজদুর

ভদ্রেশ্বর পুরসভা মজদুর, হেল্পার, পাম্প অপারেটর ও ড্রাইভার পদে ৩৬ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য : **মজদুর :** ক্লাস এইট পাশরা ভালো স্বাস্থ্য ও খেলোধূলায় দক্ষতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে মূল মাইনে : ৪,৯০০-

☞ এরপর ৪ পাতায়

### কেন্দ্রীয় সংস্থা ভিলাই স্টিল প্লান্টে

## ২৯৬ টেকনিশিয়ান

**মাধ্যমিক, আই.টি.আই ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ার**

কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা স্টিল অথরিটি অফ ইন্ডিয়ার ভিলাই স্টিল প্লান্ট অপারেটর-কাম-টেকনিশিয়ান-ট্রেনি, অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান (ট্রেনি/বয়লার অপারেটর), জুনিয়র স্টাফ নার্স ট্রেনি, ফার্মাসিস্ট, সাব ফায়ার স্টেশন অফিসার, ফায়ারম্যান কাম ইঞ্জিন ড্রাইভার (ট্রেনি) পদে ২৯৬ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**অপারেটর কাম টেকনিশিয়ান (ট্রেনি) :** মাধ্যমিক পাশরা পলিটেকনিক থেকে ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স, মেটালার্জি, কেমিক্যাল ও ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্সে মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধীরা হলে ৪০%) নম্বর পেয়ে পাশ হলে আবেদন করতে পারেন। মূল মাইনে : ১৬,৮০০-২৪,১১০ টাকা। শূন্যপদ : ১২৩টি। এর মধ্যে ইলেক্ট্রিক্যাল

☞ এরপর ১৬ পাতায়

## কেন্দ্রীয় সংস্থায় কয়েকশো অ্যাপ্রেন্টিস

**আই.টি.আই থেকে পাশ ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ার**

কেন্দ্রীয় সরকারি সংস্থা এন.এইচ.পি.সি. লিমিটেডের লোকতাক পাওয়ার স্টেশনে কাজের জন্য 'আই.টি.আই. অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস' ও 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' হিসাবে কিছু লোক নিচ্ছে। কারা কোন ট্রেডে যোগ্য :

**আই.টি.আই. অ্যাপ্রেন্টিস :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান, লাইনম্যান/ওয়্যারম্যান, পাওয়ার ইলেক্ট্রিশিয়ান, ফিটার, মেশিনিস্ট, ইন্সট্রুমেন্ট মেকানিক, মেকানিক (মোটর ভেহিক্যাল), প্লাম্বার, ম্যাসন (বিল্ডিং কন্সট্রাক্টর) ও কার্পেন্টার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা) :** সিভিল, ইলেক্ট্রিক্যাল,

☞ এরপর ৯ পাতায়

## ঝাড়গ্রামে ২৬ ক্লার্ক, গ্রুপ 'ডি'

ঝাড়গ্রাম জেলা পরিষদের অফিস 'লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট', 'কম্পিউটার অ্যাসিস্ট্যান্ট', 'স্টেনোগ্রাফার', 'সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার' ও 'গ্রুপ-ডি' পদে ২৬ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

☞ এরপর ৪ পাতায়

## বিনা খরচে ইঞ্জিনিয়ারিং পড়ে আর্মিতে চাকরি

ভারতীয় স্থলবাহিনী বিনা খরচায় ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পড়িয়ে (১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিম কোর্সে) লেফটেন্যান্ট পদে চাকরি দিচ্ছে। শুরুতে 'ক্যাডেট' হিসাবে ট্রেনিং। ৩ বছর পরই মাসে ৫৬,১০০ টাকা করে স্টাইপেন্ড পাবেন। তারপর চতুর্থ বছরের পরীক্ষায় সফল হলে

☞ এরপর ৯ পাতায়

## ৩০ ডেপুটি ম্যানেজার

ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া 'ডেপুটি ম্যানেজার (টেকনিক্যাল)' পদে ৩০ জন লোক নিচ্ছে। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে।

☞ এরপর ৫ পাতায়

### পারমাণবিক শক্তি দফতরে

## ১০০ স্টেনো ও অ্যাসিস্ট্যান্ট

নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।, স্টেনো গ্রেড-।, ড্রাইভার কাম পাম্প অপারেটর কাম ফায়ারম্যান-এ, নার্স পদে ১০০ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

অ্যাসিস্ট্যান্ট গ্রেড-। (এইচ.আর.) : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ তোলার গতি থাকতে হবে। কম্পিউটারে ওয়ার্ড,

☞ এরপর ৯ পাতায়


১৬৪ পাতার

কর্মসংস্থান গোষ্ঠীর

সফল

দাম মাত্র ৩০ টাকা

আমরা 'Common' প্রশ্নোত্তর দিই না। 'Uncommon' এর মধ্যে কীভাবে 'Common' পাওয়া যায় তার পথ বাতলাই

এবার আরো বেশি পাতা আরো সম্ভাব্য প্রশ্নোত্তর

প্রতিটি চাকরির পরীক্ষায় এখন প্রশ্নের ধরন ও রীতি বদলে যাচ্ছে। নতুন ধরনের কঠিন ও আপাত কঠিন প্রশ্ন আর তার উত্তর চটপট বের করার কৌশল শেখানোর

হাতে-কলমে কোচিং

বাঙালি ছেলেমেয়েদের ঘরে বসে চাকরির পরীক্ষার কোচিং নেওয়ার পথ দেখিয়েছে সফল। যুগ বদলের সঙ্গে-সঙ্গে একেবারে সাম্প্রতিক কালের প্রশ্নও গেছে বদলে। সেই নতুন ধরনের প্রশ্নের উত্তর চটপট বের করার কলা-কৌশল শেখাচ্ছেন

বিনামূল্যে ৩২ পাতার পুলিশের সাব-ইন্সপেক্টর ও পি.এস.সি'র মিসলেনিয়াস প্রশ্নোত্তর




অক্টোবর সংখ্যায় আছে

- ✓ পি.এস.সি মিসলেনিয়াস পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
- ✓ রাজ্য পুলিশের সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
- ✓ পি.এস.সি ক্লার্কশিপ পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
- ✓ রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
- ✓ সিপিডব্লুডি জুনিয়র ইঞ্জি. (ইলেক্ট্রি.) পরীক্ষার সম্ভাব্য ১০০ প্রশ্নোত্তর
- ✓ আইবিপিএস ক্লার্ক পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
- ✓ সিপিডব্লুডি জুনিয়র ইঞ্জি.(মেকা.) পরীক্ষার সম্ভাব্য ১০০ প্রশ্নোত্তর

সংবাদপত্রের হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।

Help Line : 983062 4170


### ICAR বোর্ডের 'NET'এর মাধ্যমে

## কৃষি দফতরে লেকচারার

রাজ্য কৃষি বিশ্ববিদ্যালয় ও অন্যান্য কৃষি বিশ্ববিদ্যালয়ের 'লেকচারার / অ্যাসিস্ট্যান্ট প্রফেসর' হওয়ার জন্য 'ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট 'NET' পরীক্ষার মাধ্যমে কয়েকশো ছেলেমেয়ে নিচ্ছে।

নেওয়া হবে এইসব শাখায় : অ্যাগ্রিকালচারাল বায়োটেকনোলজি, অ্যাগ্রিকালচারাল এন্টোমোলজি, অ্যাগ্রিকালচারাল মাইক্রোবায়োলজি, ইকনমিক বটানি অ্যান্ড প্ল্যান্ট জেনেটিক রিসোর্স, জেনেটিক্স অ্যান্ড প্লান্ট ব্রিডিং, নেমাটোলজি, প্ল্যান্ট বায়ো-কেমিস্ট্রি, প্ল্যান্ট প্যাথলজি, প্ল্যান্ট ফিজিওলজি, সীড সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ফ্লোরিকালচার অ্যান্ড ল্যান্ডস্কেপিং, ফ্রুট সায়েন্স, স্পাইসেস, প্ল্যান্টেশন অ্যান্ড মেডিসিনাল অ্যান্ড অ্যারোমেটিক প্ল্যান্টস, ভেজিটেবিল সায়েন্স, অ্যানিম্যাল বায়োকেমিস্ট্রি, অ্যানিম্যাল বায়োটেকনোলজি, অ্যানিম্যাল জেনেটিক্স অ্যান্ড ব্রিডিং, অ্যানিম্যাল নিউট্রিশন,

☞ এরপর ২ পাতায়

## ৪৩ ইঞ্জিনিয়ার

সেন্টার ফর ডেভেলপমেন্ট অফ অ্যাডভান্সড কম্পিউটিং 'প্রোজেক্ট ইঞ্জিনিয়ার' পদে ৪৩ জন লোক নিচ্ছে। কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স / ইলেক্ট্রনিক্স অ্যান্ড

☞ এরপর ৭ পাতায়

## ২২ ড্রাইভার

দার্জিলিং জেলা সুপারিন্টেন্ডেন্ট অফ পুলিশ ড্রাইভার পদে ২২ জন লোক নিচ্ছে। ক্লাস এইট পাশরা ১-৯-২০১৯'এর হিসাবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। হাল্কা গাড়ি

☞ এরপর ২ পাতায়

## রাজ্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে ইঞ্জিনিয়ারিং ও ফার্মাসির ডিগ্রি কোর্স

**নিজস্ব প্রতিনিধি :** পশ্চিমবঙ্গের বিশ্ববিদ্যালয়, ইঞ্জিনিয়ারিং কলেজ, সরকারি কলেজ, টেকনোলজিক্যাল কলেজ, শিবপুরের বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি, যাদবপুর বিশ্ববিদ্যালয়, আলিয়া বিশ্ববিদ্যালয়, সিস্টার নিবেদিতা বিশ্ববিদ্যালয়, নেওটিয়া বিশ্ববিদ্যালয়-সহ সারা পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজে 'ইঞ্জিনিয়ারিং (বি.ই.)', 'টেকনোলজি (বি.টেক.)', 'আর্কিটেকচার (বি. আর্ক)', 'মেরিন ইঞ্জিনিয়ারিং', 'প্রিন্টিং টেকনোলজি'র ডিগ্রি কোর্স আর যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ফার্মাসি, ইঞ্জিনিয়ারিং (বি.ই.) ও টেকনোলজি (বি.টেক.)'এর ডিগ্রি কোর্সে ভরতির জন্য ২০২০ সালের জয়েন্ট এন্ট্রান্স (WBJEE - 2020) পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ইউনিভার্সিটি ইনস্টিটিউট অফ টেকনোলজি ছাড়া অন্যান্য বিশ্ববিদ্যালয় ও সরকারি কলেজে ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, ফার্মাসি ও

☞ এরপর ৭ পাতায়


সরকারি হাসপাতালে নার্সিং (GNM ও B.Sc.) ট্রেনিং দিয়ে চাকরি, স্কলারশিপ ও এডুকেশন লোন

যোগ্যতা : উচ্চমাধ্যমিক / গ্র্যাজুয়েট / পোস্ট-গ্র্যাজুয়েট / কলেজ পাঠরত ছেলে ও মেয়েরা আবেদনযোগ্য

নিজস্ব প্রতিনিধি : পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ তথা বেসরকারী স্বাস্থ্য বিভাগে স্টাফ নার্স পদে প্রচুর চাহিদা ও চাকরির অফুরন্ত সুযোগের কথা মাথায় রেখে 'ন্যাশনাল ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড প্যারামেডিক্যাল সায়েন্স' ও 'অ্যাসোসিয়েট গ্রুপ অফ নার্সিং ইনস্টিটিউশন — আমার স্টেট' এর যৌথ উদ্যোগে ৯০০ ছেলে ও মেয়েকে GNM ও B.Sc. নার্সিং ট্রেনিং ও সরাসরি কাউন্সিলিং এর মাধ্যমে ভর্তি শুরু হয়েছে।

বিশেষত্ব : ▰ কোর্সগুলি ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল তথা গভঃ স্বীকৃত যাহা সরকারী ও বেসরকারী চাকুরীতে ১০০% মান্যতাপ্রাপ্ত। ▰ নিজস্ব কলেজ ক্যাম্পাসে থাকা-খাওয়া, ক্লাস ও প্র্যাকটিক্যালের সুবিধা। ▰ সরকারী হাসপাতালে প্র্যাকটিক্যাল / ক্লিনিক্যাল এর ব্যবস্থা। ▰ শিক্ষান্তে ক্যাম্পাসিং বা নিশ্চিত চাকরির তথা স্কলারশিপের ব্যবস্থা।

বিশেষ দ্রষ্টব্য : আমাদের গ্রুপ অফ ইনস্টিটিউশন থেকে বহু ছাত্রছাত্রী পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্ত সরকারী ও বেসরকারী হাসপাতালে কর্মরত।

ভর্তির আবেদন করতে / আবেদনপত্র পেতে / ভর্তি বিষয়ে বিস্তারিত জানতে যোগাযোগ করুন :

'ন্যাশনাল ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড প্যারামেডিকেল সায়েন্স'
(Govt. Regd.- ISO 9001 : 2015 Certified)

কোলকাতা : 41P, Palm Avenue, Kolkata- 700019
033-22870873, 8116131802, 8145960410,
বারাসাত (হসপিটালের কাছে) : 8972046553,
বহরমপুর (মেডিকেল কলেজ রোড এর বিপরীতে) : 7450978001,
বর্ধমান (হসপিটাল / G.T. রোড) : 7319013461,
শিলিগুড়ি (প্যাটেল রোড /হেরিটেজ মোড়) : 8167033305



MALE নার্সিং-এ GNM / BSC নার্সিং সরাসরি ভর্তি
MBBS বাংলাদেশ

Call @ 9830687078


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে গড়িয়াহাট ম্যালের মুখোমুখি
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

**স্কুল-কলেজ-শিক্ষা**

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC. মাসে 600/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রাণাঘাট, বড় জাগুলি, কাচরাপাড়া, শ্যামনগর। P.H - 7584006555. LG

**SI CLASSES**
-এর WBCS কোর্স সম্পর্কে বিস্তারিত জানতে দেখুন — WWW.SICLASSES.COM MS

**Math, G.I, GK বেলঘরিয়া**
মধ্যমগ্রামে চাকরির পরীক্ষার সেরা গাইড। PSC, SSC, রেল, ব্যাঙ্ক 600PM চন্দ্র স্যার 9903500682 R

GNM B.Sc নার্সিং ব্যাঙ্গালোর D.El.Ed, B.Ed, B.P.Ed-W.B. Ph.D, M.Phil, M.Ed-M.P., LLB, M.P.Ed, Engg, ফার্মেসী। এছাড়া যে কোন কোর্স রেগুলার : ডিস্টেন্সে হয়। BIHM, বোলপুর - 7001731491, মালদা - 9641350551. UM

**GNM / B.Sc. নার্সিং**
শেষ 14টি আসন খালি। INC অনুমোদিত কলেজ। ফ্রী নোটস। 100% Job Assistance. IASBM, দমদম - 9073386337 SA

**নার্সিং ভর্তি !!!**
পুং/স্ত্রী GNM (মোট ১,৫০,০০০) & BSC নার্সিং (মোট ৩,০০,০০০) INC. কলকাতায় পড়ানো হয়। MNCC - (M) 8336015296. SH

**WBCS, PSC, কম্বাইন্ড**
হাতে ধরে শেখানো হয়। All Subject. ICE বালিগঞ্জ, New Admission - 9804412898. R

**নার্সিং (GNM / B.SC) ফার্মেসী, B.Sc এগ্রিকালচার**
প্রভৃতি কোর্সে ভর্তি চলিতেছে। বেঙ্গল কলেজ অফ নার্সিং, লক্ষীপুর মাঠ, বর্ধমান। Mob : 9635430947, 9434211612 MS

মাসে কুড়ি হাজার আয়। ফ্রিজ এসি মাত্র চার মাসে গ্যারান্টি সহ প্র্যাক্টিক্যাল ক্লাসে সারানো শিখুন। GR ট্রেনিং সেন্টার। বগুলা- 9007932433 N

মাত্র ৭ মাসে ইন্টিরিয়র ও গ্রাফিক্স ডিজাইন শিখুন সবচেয়ে কম খরচে এবং 100% Interview। চুঁচুড়া, হুগলী। Mob: 7980247585. N

**Math ও GI, হাবড়া মছলন্দপুর, বারাসাত**
WBP, KP, RPF, ৮ বাহিনী, MTS, 10 + 2, CGL, Rail, WBCS ইত্যাদি পরীক্ষায় 90% নম্বর পেতে Basic ও Adv. ব্যাচে chapterwise শেখানো হয়। প্রাণদীপ মণ্ডল- 8293255605 SH

**Vision Institute**
**B.Ed & M.Ed.**
**Ph.D, LLB, Pharmacy Engg. & Management**
**GNM, B.Sc নার্সিং**
এছাড়া সব বিষয়ে ডিগ্রি ও মাস্টার ডিগ্রি কোর্স (Regular & Distance)
কলকাতা — 7603004974, 7603004973/1

**কর্মখালি**

**এয়ারপোর্ট, মেট্রো ডাইরেক্ট নিয়োগ**
দমদম Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে 119 জন M/F কর্মী চাই। যোগ্যতা - ৮ম / স্নাতক। বেতন - 17300/- - 45900/-. থাকা-খাওয়া ফ্রী। M : 9732296073. SA (A)

**এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্ক**
গভঃ স্বীকৃত সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো ও Pvt. ব্যাঙ্কে M/F নিয়োগ চলছে। যোগ্যতা - ৮ম / স্নাতক। বেতন - 14300/- – 42700. বয়স : 18 – 35. Ex. আর্মির বিশেষ সুযোগ। M - 9851453605. SA (A)

**কর্মখালি**

**"পুজোর ভ্যাকান্সি"**
গভঃ স্বীকৃত Airport ও মেট্রো ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে 47 জন M/F নিয়োগ চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন। পদ : ক্লার্ক, SV., পিওন, গ্রাউন্ড স্টাফ, অন্যান্য। M : 8695726932 SA(A)

**Airport ও মেট্রো**
Govt. R/L No. - 3923. গভঃ স্বীকৃত অফিসের মাধ্যমে বিনা ডোনেশনে M/F কর্মী চাই। যোগ্যতা - ৮ম - স্নাতক। বেতন - 17200 – 48500. M - 8967867616. SA (A)

**পুজোর ভ্যাকান্সি**
বিনা ডোনেশনে Airport, মেট্রো ও ব্যাঙ্কে কন্ট্রাক্টারের অধীনে 109 জন M / F কর্মী চাই। যোগ্যতা -৮ম / স্নাতক। বেতন - 16700/- – 49300/-. থাকা - খাওয়া ফ্রীতে। যোগাযোগ- M : 9563998788 SA (A)

**আর্জেন্ট ভ্যাকান্সি**
লিখিত এগ্রিমেন্ট পেপার-সহ ব্যাঙ্ক DSA ও Airport-এ কন্ট্রাক্টরের অধীনে M/F জয়েনিং চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন 18600/- – 45800/-. M – 7551841713. SA (A)

**দোহাই, আর ঠকবেন না**

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান।

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

**এক জানলায়**
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার জন্য
কর্মসংস্থান, সমাজ ও Appointment & Career News -এর বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

**বীরভূম ও মুর্শিদাবাদ**
UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

**পুরুলিয়া ও বাঁকুড়া**
Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com

**উত্তর কলকাতা**
SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : ashimchowdhury12@gmail.com

**দক্ষিণ ২৪ পরগণা**
Authenza Media Infotech Pvt. Ltd.
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
Tel. : 033 2423 0349
8100960001
Email : onlineadbooking1@gmail.com

সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য আবেদন করুন এই ই-মেল আইডিতে
appointmentnews@gmail.com
অথবা
যোগাযোগ করুন এই নম্বরে - 9874922004

**বিশেষ বিজ্ঞপ্তি**

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, কর্মসংস্থান।

## কৃষি দফতরে লেকচারার

১ পাতার পর

অ্যানিম্যাল ফিজিওলজি, অ্যানিম্যাল রিপ্রোডাকশন অ্যান্ড গাইনোকলজি, ডেয়ারি কেমিস্ট্রি, ডেয়ারি মাইক্রোবায়োলজি, ডেয়ারি টেকনোলজি, লাইভস্টক প্রোডাক্ট টেকনোলজি, লাইভস্টক প্রোডাকশন ম্যানেজমেন্ট, পোল্ট্রি সায়েন্স, ভেটেরিনারি মেডিসিন, ভেটেরিনারি মাইক্রোবায়োলজি, ভেটেরিনারি প্যারাসিটোলজি, ভেটেরিনারি প্যাথলজি, ভেটেরিনারি ফার্মাকোলজি, ভেটেরিনারি পাবলিক হেলথ, ভেটেরিনারি সার্জারি, অ্যাকোয়াকালচার, ফিশারিজ রিসোর্স ম্যানেজমেন্ট, ফিশ প্রসেস টেকনোলজি, ফিশ নিউট্রিশন, ফিশ হেলথ, ফিশ জেনেটিক্স অ্যান্ড ব্রিডিং, অ্যাগ্রিকালচারাল কেমিক্যাল, অ্যাগ্রিকালচারাল মেটেরোলজি, অ্যাগ্রোফরেস্ট্রি, অ্যাগ্রোনমি, এনভায়রণমেন্টাল সায়েন্স, সয়েল সায়েন্স, অ্যাগ্রিকালচার বিজনেস ম্যানেজমেন্ট, অ্যাগ্রিকালচারাল ইকনমিক্স, অ্যাগ্রিকালচারাল এক্সটেনশন, অ্যাগ্রিকালচারাল স্ট্যাটিস্টিক্স, হোম সায়েন্স, ফার্ম, মেশিনারি অ্যান্ড পাওয়ার, অ্যাগ্রিকালচারাল স্ট্রাকচার অ্যান্ড প্রসেস ইঞ্জিনিয়ারিং, ল্যান্ড অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড আই.টি., বায়ো-ইনফর্মেটিক্স, ভেটেরিনারি অ্যানাটমি, ফুড টেকনোলজি।

অ্যাগ্রিকালচার, বায়োটেকনোলজি, মলিকিউলার বায়োলজি অ্যান্ড বায়োটেকনোলজি, জেনেটিক ইঞ্জিনিয়ারিং, বটানি, প্ল্যান্টসায়েন্স, লাইফ সায়েন্স, এন্টোমোলজি, জুলজি, সেরিকালচার, এপিকালচার, প্ল্যান্ট প্রোডাকশন, হর্টিকালচার, অ্যাগ্রিকালচারাল বটানি, নেমাটোলজি, প্ল্যান্ট প্যাথলজি, প্ল্যান্ট বায়োকেমিস্ট্রি, অ্যাগ্রিকালচারাল বায়োকেমিস্ট্রি, প্ল্যান্ট ফিজিওলজি, সীড সায়েন্স, সীড টেকনোলজি, ফ্লোরিকালচার, পোমোলজি, অলিরিকালচার, ভেজিটেবিল সায়েন্স, ভেটেরিনারি, অ্যানিম্যাল সায়েন্স, ডেয়ারি, ফিশারি সায়েন্স, ডেয়ারি মাইক্রোবায়োলজি, ডেয়ারি ইঞ্জিনিয়ারিং, পোল্ট্রি সায়েন্স, ভিরোলজি, মাইকোলজি, ইমিউনোলজি, ভেটেরিনারি সার্জারি, অ্যাকোয়াকালচার, স্ট্যাটিস্টিক্স, অ্যাগ্রিকালচারাল স্টাটিস্টিক্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড কমিউনিকেশন, ফিশ নিউট্রিশন অ্যান্ড ফিশ সাইকোলোজি, ফিশ নিউট্রিশন, ফিশারি সায়েন্স, মেরিন বায়োলজি ইত্যাদি বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার জন্য আবেদন করতে পারেন। এবছরের ফাইনাল পরীক্ষাথীরাও যোগ্য। কোন শাখার জন্য কী কী বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য তা বিস্তারিতভাবে ওয়েবসাইটে পাবেন।

ন্যূনতম বয়স হতে হবে ১-৭-২০১৯'র হিসাবে অন্তত ২১ বছর। প্রার্থী বাছাই করবে অ্যাগ্রিকালচারাল সায়েন্টিস্ট রিক্রুটমেন্ট বোর্ড। ICAR-NET -2019'এর মাধ্যমে। অনলাইন পরীক্ষা হবে ৯ ডিসেম্বর থেকে ১৫ ডিসেম্বর পর্যন্ত। এইসব কেন্দ্রে : ব্যারাকপুর (০৫), ভুবনেশ্বর (০৭), গুয়াহাটি (১৪), রাঁচী (৩০), পটনা (২৫)। এই পরীক্ষায় ১৫০ নম্বরের ১৫০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে। সময় থাকবে ২ ঘন্টা। এই পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৫০% (ও.বি.সি. হলে ৪৫%, তপশিলী, প্রতিবন্ধী হলে ৪০%) নম্বর পেলে সফল হবেন। নেগেটিভ মার্কিং আছে।

দরখাস্ত করতে পারেন অনলাইনে, ৪ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.asrb.org.in, www.icar.org.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে।

এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ (ও.বি.সি. হলে ৫০০, তপশিলী ও মহিলা হলে ২৫০) টাকা দিতে হবে। টাকা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিংয়ে। অনলাইনে দরখাস্ত করার পর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য জানতে পারবেন ওপরের ওই ওয়েবসাইট থেকে।

## কো-অপারেটিভ সার্ভিস কমিশনের পরীক্ষা

কো-অপারেটিভ সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং ৩/২০১৮'এর বিভিন্ন পদের লিখিত পরীক্ষা হবে ৩ নভেম্বর। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.webcsc.org

## জুডিশিয়াল সার্ভিসের ফল বেরোল

পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের ২০১৯ সালের জুডিশিয়াল সার্ভিসের চূড়ান্ত ফল বেরোল। সফলদের তালিকা পাবেন : www.psconline.gov.in

## ২২ ড্রাইভার

১ পাতার পর

চালানোর কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। পারিশ্রমিক মাসে ১১,৫০০ টাকা। চাকরি হবে চুক্তিতে। প্রার্থী বাছাই হবে ড্রাইভিং টেস্ট ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে।

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, পুরো বায়োডাটা দিয়ে। সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, ড্রাইভিং লাইসেন্সের স্ব-প্রত্যয়িত নকল, (২) বাসিন্দ সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (৩) এখনকার তোলা ৩ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো। দরখাস্ত পৌঁছনো চাই ৩১ অক্টোবরের মধ্যে। এই ঠিকানায় : The Superintendent of Police, Darjeeling District, M.T. Section Bloom Field Dali Police Lines, Darjeeling.

# জেলা প্রাথমিক বিদ্যালয়ে ৫ ক্লার্ক ও নাইট গার্ড

আলিপুরদুয়ার জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ লোয়ার ডিভিশন ক্লার্ক, সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার ও নাইট গার্ড পদে ৫ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**লোয়ার ডিভিশন ক্লার্ক** : মাধ্যমিক পাশরা ১৮ থেকে ৪০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৬০০ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, জেনাঃ ই.সি. ১, তঃজাঃ ১)।

**নাইট গার্ড** : ক্লাস এইট পাশরা ১৮ থেকে ৪০ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার** : মাধ্যমিক পাশরা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে আর সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের লাইসেন্স থাকলে যোগ্য। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৯০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

সব পদের বেলায় প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। ক্লার্ক পদের বেলায় ৩০ নম্বরের লিখিত পরীক্ষায় থাকবে এইসব বিষয় : জেনারেল নলেজ, অঙ্ক। এরপর ইন্টারভিউয়ে তাকবে ১০ নম্বর। নাইট গার্ড পদের বেলায় রাইটিং স্কিল ও ইন্টারভিউ হবে। সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদের বেলায় ১০ নম্বরের লিখিত পরীক্ষায় থাকবে জেনারেল নলেজ ও অঙ্ক। তারপর ২০ নম্বরের প্র্যাক্টিক্যাল টেস্ট ও ১০ নম্বরের ইন্টারভিউ হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : 02/DPSC/APD.

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নিচের বয়ানে। তখন সঙ্গে দেবেন : (ক) বয়স, শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতার স্ব-প্রত্যয়িত নকল, (খ) আধার কার্ড বা, ভোটার গার্ডের স্ব-প্রত্যয়িত নকল, (গ) নিজের নাম-ঠিকানা লেখা ও প্রতিটিতে ৫ টাকার ডাকটিকিট সাঁটা ২টি খাম, (ঘ) এখনকার তোলা ও নিজের সই করা ২ কপি পাশপোর্ট মাপের ফটো, (ঙ) রেজিস্টার্ড মেডিক্যাল প্রাক্টিশনারের দেওয়া ফিজিক্যাল ফিটনেস সার্টিফিকেট, (চ) ২৫০ (তপশিলী হলে ১৫০) টাকার ব্যাঙ্ক ড্রাফট। 'The Chariman, District Primary School Council, Alipurduar'এর অনুকূলে। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of 'SAE (UR)/LDC (UR/SC/UR-EC)/ Night Guard (UR) (যে পদের জন্য দরখাস্ত করবেন, তাতে টিক চিহ্ন দেবেন)। দরখাস্ত পাঠাবেন সাধারণ ডাকে। পৌঁছনো চাই ৮ নভেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Chairman, District Primary School Council, Alipurduar, Court Complex, P.O. - Alipurduar Court, Dist. Alipurduar. দরখাস্তের বয়ান :

1. Name in the full (Capital letter) :
2. Father's Name :
3. Mother's Name :
4. Full Postal Address : a) Permanent :
   b) Present :
5. Nationality :
6. Religion :
7. Date of Birth :
8. Age as on 01.09.2019 :
9. Profession :
10. Educational Qualification :
11. Technical Qualification [only for SAE post] :
12. Caste :
13. Name of the post applied for : [SAE (UR), LDC (UR/SC/ UR-EC) & Night Guard (UR)]
['✓' (Tick) for appropriate post]
14. Mobile No. :
15. Email-Id :

**Declaration :** I do hereby declare that the above particulars of my Bio-Data are true and fair to the best of my knowledge and belief. If at any stage of the recruitment process any particular / information is found I shall be liable to be punished as per rules and I shall not claim my candidature for the examination.

Date:
Place:

Signature of the candidate

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০১৯ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা হবে খুব শিগগিরই। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘন্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **শুচিস্মিতা দে**।

1. 'রামকৃষ্ণ মিশন' কে প্রতিষ্ঠা করেন?
(a) স্বামী বিবেকানন্দ (b) স্বামী অশোকানন্দ (c) স্বামী কীর্তিদানন্দ (d) স্বামী অভেদানন্দ

2. কোন গভর্নর জেনারেল সতীদাহ প্রথা রদ করেছিলেন?
(a) লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক (b) স্যার চার্লস মেটকাফ (c) লর্ড এলেনবোরো (d) লর্ড হেনরি হার্ডিঞ্জ

3. ভারতীয় সংবিধানের 73তম সংশোধন নীচের কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত?
(a) নগর পরিকল্পনা (b) পঞ্চায়েত ব্যবস্থা (c) বিদ্যুৎ সরবরাহ (d) নদী বাঁধ তৈরি

4. 'আকাদেমিক অ্যাসোসিয়েশন' কে গঠন করেন?
(a) হেনরি ভিভিয়ান ডিরোজিও (b) মধুসূদন দত্ত (c) মদনমোহন তর্কালঙ্কার (d) সুরেন্দ্রনাথ ঠাকুর

5. অসমের নুনমাটি অঞ্চল কোন শিল্পের সঙ্গে যুক্ত?
(a) লবণ (b) পেট্রোলিয়াম (c) কাগজ (d) সূতিবস্ত্র

6. সোভিয়েত রাশিয়ার যুদ্ধ বিমানবাহী জাহাজ অ্যাডমিরাল গোর্শকভ ভারতে কী নামে ভারতীয় নৌবাহিনীতে অন্তর্ভুক্ত করা হয়েছে?
(a) INS বিরাট (b) INS চক্র (c) INS শৌর্য (d) INS বিক্রমাদিত্য

7. ভারতের দীর্ঘতম জাতীয় সড়ক কোনটি?
(a) NH44 (b) NH 1 (c) NH 2 (d) NH 10

8. ভারতের প্রথম কৃত্রিম উপগ্রহ 'আর্যভট্ট' কত সালে মহাকাশে পাঠানো হয়?
(a) 1970 (b) 1975 (c) 1978 (d) 1980

9. 'গুলামগিরি' বইটি কার লেখা?
(a) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (b) আচার্য বিনোবা ভাবে (c) জ্যোতিবা ফুলে (d) দাদু দয়াল

10. 'প্রজেক্ট সংকল্প' নীচের কোন রোগটি দূরীকরণের জন্য চালু হয়েছিল?
(a) ম্যালেরিয়া (b) এইডস (c) ক্যান্সার (d) টিবি

11. ভারতের কোন রাজ্যে সবথেকে বেশি কফি উৎপাদিত হয়?
(a) তামিলনাড়ু (b) আন্ধ্রা প্রদেশ (c) কর্ণাটক (d) কেরালা

12. মেঘালয় রাজ্য কত সালে প্রতিষ্ঠা হয়?
(a) 1970 (b) 1971 (c) 1972 (d) 1973

13. কোন মোগল সম্রাট 'রোশন আখতার' নামে পরিচিত?
(a) দ্বিতীয় শাহ আলম (b) দ্বিতীয় আকবর (c) মুহাম্মদ শাহ (d) বাহাদুর শাহ জাফর

14. আকবর, জৈন ধর্মগুরু হরি বিজয় সূরিকে কী উপাধি দিয়েছিলেন?
(a) জগৎপ্রতাপ (b) জগৎগুরু (c) জগৎপ্রভু (d) দীনপ্রভু

15. শের শাহ সূরির শাসনকালে কোন অঙ্গরাজ্যের শাসককে 'কাজী ফজিলৎ' নামে অভিহিত করা হত?
(a) বাংলা (b) বিহার (c) অযোধ্যা (d) ওড়িশা

16. দিল্লির কোন সুলতান 'তুরকান-ই-চাহগনি' প্রবর্তন করেন?
(a) গিয়াস-উদ-দ্বীন বলবন (b) আলা-উদ-দ্বীন খলজি (c) মহম্মদ বিন তুঘলক (d) ইলতুৎমিস

17. কোন বংশের শাসকরা বিক্রমশিলা মহাবিহার তৈরি করেন?
(a) গুপ্ত (b) নন্দ (c) মৌর্য (d) পাল

18. দক্ষিণ আমেরিকা মহাদেশের পশ্চিমদিকে কোন মহাসাগর আছে?
(a) আতলান্তিক (b) প্রশান্ত (c) ভারত (d) সুমেরু

19. ভারতের জাতীয় জলচর প্রাণী কোনটি?
(a) ইলিশ মাছ (b) অজগর সাপ (c) রুই মাছ (d) ডলফিন

20. কোন পর্বতমালা গাঙ্গেয় সমভূমি ও দাক্ষিণাত্য মালভূমির মধ্যে প্রাকৃতিক সীমারেখা তৈরি করেছে?
(a) বিন্ধ্য (b) আরাবল্লী (c) রাজমহল (d) সাতপুরা

21. ভারতের সংখ্যালঘু সম্প্রদায় কোনগুলি?
(a) শিখ, মুসলিম, খ্রিস্টান, জোরাস্ট্রিয়ান, বৌদ্ধ ও জৈন (b) শিখ, মুসলিম, খ্রিস্টান, সাঁওতাড়, বৌদ্ধ ও জৈন (c) শিখ, মুসলিম, খ্রিস্টান, জোরাস্ট্রিয়ান, বৌদ্ধ, জৈন ও মুণ্ডা (d) শিখ, মুসলিম, পারসি, জোরাস্ট্রিয়ান, বৌদ্ধ ও জৈন

22. গ্রীষ্মকালে ক্রান্তীয় পর্ণমোচী উদ্ভিদের পাতা ঝড়ে যায় কেন?
(a) মাটি থেকে জল শোষণ কমে যাওয়ার জন্য (b) পাতার বাষ্পীভবনের ফলে জল কমে যাওয়ার জন্য (c) বায়ুমণ্ডলের শুষ্কতা বেড়ে যাওয়ার জন্য (d) বায়ুমণ্ডলের আর্দ্রতা বেড়ে যাওয়ার জন্য

23. প্রধানত কোন রোগ দূরীকরণের জন্য বি.সি.জি টীকাকরণ করা হয়?
(a) ম্যালেরিয়া (b) জন্ডিস (c) জাপানি এনকেফেলাইটিস (d) টিউবারকুলোসিস

24. কিছু বন্যপ্রাণীর দেহে ডোরাকাটা দাগ থাকে কেন?
(a) শিকারের সুবিধার জন্য (b) ছদ্মবেশ ধারণের সুবিধার জন্য (c) গাছে ওঠার সুবিধার জন্য (d) সাঁতার কাটার সুবিধার জন্য

25. 'গতিমান' শব্দটি নীচের কোনটির সঙ্গে সংযুক্ত?
(a) এরোপ্লেন (b) হেলিকপ্টার (c) ট্রেন (d) মালবাহী জাহাজ

26. 'কিতাব-ই-রেহালা' বইটি কার লেখা?
(a) হিউয়েন সাং (b) ইবন বতুতা (c) ফা হিয়েন (d) টলেমি

27. তামাক চাষের জন্য মাটিতে কী থাকা দরকার?
(a) পটাশ (b) ক্যালশিয়াম (c) নাইট্রোজেন (d) ম্যাগনেশিয়াম

28. দু'জন মোগল সম্রাট তাঁদের আত্মজীবনী লিখেছিলেন। তাঁরা কারা?
(a) বাবর ও হুমায়ুন (b) হুমায়ুন ও জাহাঙ্গীর (c) বাবর ও জাহাঙ্গীর (d) জাহাঙ্গীর ও শাহজাহান

29. 'ইন্ডিয়ান ওপিনিয়ন' নামে সংবাদপত্র কে চালু করেন?
(a) জওহরলাল নেহরু (b) সুভাষচন্দ্র বসু (c) সর্দার বল্লভভাই প্যাটেল (d) মোহনদাস করমচাঁদ গান্ধী

30. দাক্ষিণাত্য মালভূমিতে প্রধানত কোন শিলা দেখা যায়?
(a) ব্যাসল্ট (b) গ্রানাইট (c) লাইমস্টোন (d) স্যান্ডস্টোন

31. 'আটাকামা' মরুভূমি কোন দেশে আছে?
(a) কানাডা (b) ব্রাজিল (c) চিলি (d) আর্জেন্টিনা

32. সম্প্রতি আবিষ্কৃত 'কাজিন সারা' লেক কোন দেশে আছে?
(a) বাংলাদেশ (b) ভুটান (c) নেপাল (d) ভারত

33. 'অজন্তা' গুহা ভারতের কোন রাজ্যে আছে?
(a) মহারাষ্ট্র (b) তামিলনাড়ু (c) আন্ধ্রা প্রদেশ (d) গুজরাত

34. নাগাল্যান্ডের প্রধান ভাষা কী?
(a) ইংরিজি (b) নাগা (c) অসমিয়া (d) খাসি

35. নীচের কোন ঝড়টির গতিবেগ সবথেকে বেশি?
(a) হারিকেন (b) টর্নেডো (c) টাইফুন (d) সাইক্লোন

36. কোন দেশে গ্রাফিন ইলেক্ট্রনিক কাগজ আবিষ্কৃত হয়েছে?
(a) চিন (b) ভারত (c) জার্মানি (d) রাশিয়া

37. নীচের কোনটি পশ্চিমবাহিনী নদী?
(a) মহানদী (b) গঙ্গা (c) নর্মদা (d) গোদাবরী

38. নীচের কোনটি একটি তাম্রখনি?
(a) ক্ষেত্রী (b) কোলার (c) রেনুকূট (d) রৌরকেল্লা

39. নীচের চারটি বংশের মধ্যে কোনটি সবথেকে প্রাচীন?
(a) মৌর্য (b) গুপ্ত (c) কুষাণ (d) কান্ব

40. 'ব্ল্যাক প্যাগোডা' কোথায় আছে?
(a) মাদুরাই (b) কোনার্ক (c) মিশর (d) গ্যাংটক

41. 'ভান্ডি' কোন রাজার প্রধান সচিব ছিলেন?
(a) অশোক (b) হর্ষবর্ধন (c) কণিষ্ক (d) সমুদ্রগুপ্ত

42. ভারতের সঙ্গে কোন ইউরোপীয় বণিকরা প্রথম বাণিজ্য শুরু করে?
(a) ইংরেজ (b) ডাচ (c) ইতালিয় (d) পর্তুগিজ

43. 'ভালকানাইজেশন' পদ্ধতিতে রবারের সঙ্গে কী মিশানো হয়?
(a) সালফার (b) ফসফরাস (c) পটাশিয়াম (d) সোডিয়াম

44. মানুষ প্রথম কোন ধাতুর ব্যবহার করতে শেখে?
(a) লোহা (b) সোনা (c) রুপো (d) তামা

45. কে প্রথম 'হোমরুল আন্দোলন' শুরু করেন?
(a) অ্যানি বেসান্ত (b) লালা লাজপত রাই (c) স্বামী বিবেকানন্দ (d) মোহনদাস করমচাঁদ গান্ধী

46. 'হাইড্রোজেন বোম' কে তৈরি করেছিলেন?
(a) ওয়ার্নার ভন ব্রাউন (b) রবার্ট ওপেনহাইমার (c) এডওয়ার্ড টেলর (d) স্যামুয়েল কোহেন

47. কোন সাগরের ওপর দিয়ে বিশ্বের প্রথম সেতু তৈরি হতে চলেছে, যা দু'টি মহাদেশকে সংযুক্ত করবে?
(a) লোহিত সাগর (b) ভূমধ্যসাগর (c) বঙ্গোপসাগর (d) আরব সাগর

48. ভারত ও চিন সীমান্তের সরকারি নাম কী?
(a) ডুরান্ড লাইন (b) তিনবিঘা করিডর (c) ম্যাকমোহন লাইন (d) র‍্যাডক্লিফ লাইন

49. রেশম তন্তু আসলে কী?
(a) শর্করা (b) ফ্যাট (c) প্রোটিন (d) সেলুলোজ

50. নীচের কোনটির দ্রাব্যতা থেকে নদীতে জলদূষণের পরিমাপ করা হয়?
(a) অক্সিজেন (b) নাইট্রোজেন (c) ওজোন (d) ক্লোরিন

51. ওলগা তোকারজুক কোন দেশের লেখিকা?
(a) পোল্যান্ড (b) অস্ট্রিয়া (c) ফ্রান্স (d) ব্রিটেন

52. 'বাদশাহনামা'র লেখক কে?
(a) আবুল ফজল (b) সুরদাস (c) ঈশ্বরকৃষ্ণ (d) আব্দুল হামিদ লাহোরী

53. 'মনসবদারি প্রথা' আকবর কোন দেশ থেকে গ্রহণ করেছিলেন?
(a) ইতালি (b) গ্রিস (c) পারস্য (d) মিশর

54. হর্ষবর্ধন কোন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত ছিলেন?
(a) নালন্দা (b) তক্ষশিলা (c) বিক্রমশিলা (d) সিংহল

55. 'আল-হিলাল' নামে সাপ্তাহিক সংবাদপত্র কে প্রতিষ্ঠা করেন?
(a) মোহনদাস করমচাঁদ গান্ধী (b) দাদাভাই নওরোজি (c) আবুল কালাম আজাদ (d) মহম্মদ আলি জিন্না

56. হরিষেণ কার সভাকবি ছিলেন?
(a) স্কন্দগুপ্ত (b) সমুদ্রগুপ্ত (c) হর্ষবর্ধন (d) কণিষ্ক

57. 'হরিজন' পত্রিকার সম্পাদক কে ছিলেন?
(a) সর্দার বল্লভভাই প্যাটেল (b) মোহনদাস করমচাঁদ গান্ধী (c) আবুল কালাম আজাদ (d) ভীমরাও রামজি আম্বেদকর


58. 'বিশ্ব পশু দিবস' কবে পালিত হয়?
(a) 3 অক্টোবর (b) 4 অক্টোবর (c) 5 অক্টোবর (d) 6 অক্টোবর

59. কোন মোগল সম্রাট 'জিজিয়া' কর পুনঃপ্রবর্তন করেন?
(a) হুমায়ুন (b) আকবর (c) ঔরঙ্গজেব (d) শাহজাহান

60. ইবন বতুতা কার শাসনকালে ভারতে এসেছিলেন?
(a) রাজিয়া সুলতানা (b) মহম্মদ বিন তুঘলক (c) মহম্মদ ঘোরী (d) ইলতুৎমিস

61. সেলুকাস নিকেটর কোন ভারত সম্রাটের সমসাময়িক ছিলেন?
(a) অশোক (b) চন্দ্রগুপ্ত মৌর্য (c) অজাতশত্রু (d) সমুদ্রগুপ্ত

☞ এরপর ৬ পাতায়




Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




## কর্মখালি

**স্টার হোটেলে চাকরি**
ফ্রী/কম খরচে ট্রেনিং, সরাসরি জয়েনিং। বেতন, থাকা-খাওয়া ফ্রী। BIHM, বোলপুর-9474833208
UM

**পরীক্ষা ছাড়াই 78,150 কর্মচারি নিয়োগ**
বেসরকারি সংস্থায় কাজের জন্য উচ্চমাধ্যমিক উত্তীর্ণ 78,150 জন অফিসার নিয়োগ চলছে। Application এর জন্য visit করুন আমাদের website-এ। শেষ Date-15.11.2019. বেতন: 15,000-22,000.Encom U.M (OPC) Pvt. Ltd., Kol-150. Ph. No: 8584010949. Website: encom.org.in, E-mail: encomuniversalmanufacturing@gmail.com
SH(S)

**স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ**
পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (11500 – 18500)। M - 8348727948.
SA

**আর্জেন্ট ভ্যাকান্সি**
শূন্যপদ - ১৩০। 3 Star এবং 5 Star হোটেল-এ বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। PF, ESI, থাকা ও খাওয়ার সুবিধা আছে। বেতন - 12792/- – 16792/-. M - 8609637802.
SA


### দোহাই, আর ঠকবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

### বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**।


## কর্মখালি

**JIO 4G, AIRTEL ও SBI Banking**
বাংলাভাষী কাস্টঃ কেয়ারে MP-Graduate (18-35) অভিজ্ঞ/অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতনঃ 12,000+ অন্যান্য সুবিধা। দমদম : 7365834373, গড়িয়া : 9002033880
R

**স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ**
পঃ বঃ প্রতিটি জেলার P.V.T স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (11600 – 18900) থাকা-খাওয়ার সুবিধা। M- 9830597944
SA

**সরাসরি কর্মী নিয়োগ**
প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, Pvt. Co., শপিংমলে নিয়োগ চলছে। বেতন - 12500–18500. 8436485750
SA

প্রতি শনিবারের
**কর্মসংস্থান**
**এখন প্রতি বুধবার বেরোয়**
বিজ্ঞাপন দিতে হবে ১ সপ্তাহ আগে শনিবারের মধ্যে বিজ্ঞাপন জমা না দিতে পারলে, ওই বিজ্ঞাপন বেরোনোর নিশ্চয়তা বিষয়ে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আগামী ২ নভেম্বর সংখ্যায় বিজ্ঞাপন বের করতে হলে, বিজ্ঞাপন জমা দিতে হবে ২৬ অক্টোবর, বিকেল ৫টার মধ্যে।
একমাত্র পত্রিকা দফতরে।
প্রতি রবিবার অফিস বন্ধ।

**এক জানালায়**
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার জন্য
**কর্মসংস্থান, সফল** ও Appointment & Career News -এর
বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

**বীরভূম ও মুর্শিদাবাদ**
UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally. (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE (EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

**পুরুলিয়া ও বাঁকুড়া**
Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com

**উত্তর কলকাতা**
SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : ashimchowdhury12@gmail.com

**দক্ষিণ ২৪ পরগণা**
Authenza Media Infotech Pvt. Ltd.
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
Tel. : 033 2423 0349
8100960001
Email : onlineadbooking1@gmail.com

সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য আবেদন করুন এই ই-মেল আইডিতে
appointmentnews@gmail.com
অথবা
যোগাযোগ করুন এই নম্বরে -
9874922004


## ঝাড়গ্রামে ২৬ ক্লার্ক, গ্রুপ 'ডি'

১ পাতার পর

**লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট** : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। কম্পিউটার জানলে অগ্রাধিকার পাবেন। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৬০০ টাকা। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, জেনাঃ ই.সি. ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ১, তঃজাঃ ই.সি. ১)।

**সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল ও ইলেক্ট্রিক্যাল)** : সিভিল বা, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা ও গ্রেড পে ৪,৪০০ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, জেনাঃ ই.সি. ১, তঃউঃজাঃ ১)।

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার** : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা ও গ্রেড পে ৫,৪০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**গ্রুপ-ডি** : ক্লাস এইট পাশরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৩, জেনাঃ ই.সি. ২, তঃউঃজাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১, তঃজাঃ ই.সি. ১)।

**কম্পিউটার অ্যাসিস্ট্যান্ট** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কম্পিউটার অ্যাপ্লিকেশনের ১ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। পলিটেকনিক থেকে কম্পিউটার সায়েন্স বা, ইনফর্মেশন টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। কম্পিউটার সায়েন্সের বি.এসসি অনার্স কিংবা বি.সি.এ. কোর্স পাশ হলেও যোগ্য। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**স্টেনোগ্রাফার** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ইংরিজি বা, বাংলা টাইপিংয়ে মিনিটে অন্তত যথাক্রমে ৪০টি বা, ৩০টি শব্দ তোলার গতি থাকলে আর ডিকটেশনে ইংরিজি বা, বাংলায় যথাক্রমে ৮০টি বা, ৭০টি শব্দ তোলায় গতি থাকলে যোগ্য। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০১৯'র হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের মেমো নং : 540/Estt/JZP/19.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। গ্রুপ-ডি পদের বেলায় ৪৩ নম্বরের লিখিত পরীক্ষায় থাকবে (ক) ইংরিজি -১০ নম্বর, (খ) বাংলা -১৩ নম্বর, (গ) অ্যারিথমেটিক ১০ নম্বর, (ঘ) জেনারেল নলেজ ১০ নম্বর। সফল হলে ৭ নম্বরের ইন্টারভিউ। লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় লিখিত পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (ক) ইংরিজি-২০ নম্বর, (খ) বাংলা -২০ নম্বর, (গ) অ্যারিথমেটিক ২৫ নম্বর, (ঘ) জেনারেল নলেজ -২০ নম্বর। সময় আড়াই ঘন্টা। সফল হলে ১৫ নম্বরের ইন্টারভিউ।

অন্যান্য পদের বেলায় ৮৫ নম্বরের লিখিত পরীক্ষা হবে। তারপর ১৫ নম্বরের ইন্টারভিউ। সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার ও অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদের বেলায় লিখিত পরীক্ষায় থাকবে আড়াই ঘন্টা। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://jhargram.gov.in

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://jhargram.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন ইউনিক রেজিস্ট্রেশন নম্বর পাবেন যা, প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সেনাবাহিনীতে ৪০ অফিসার

ভারতীয় স্থলবাহিনী 'টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সে (TGC-131)' অফিসার পদে ৪০ জন অবিবাহিত ছেলে নিচ্ছে।

কারা কোন শাখার জন্য যোগ্য :

সিভিল, সিভিল ইঞ্জিনিয়ারিং (স্ট্রাকচারাল), স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'সিভিল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৮টি।

মেকানিক্যাল, মেকানিক্যাল (মেকাট্রনিক্স), মেকানিক্যাল ও অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মেকানিক্যাল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৪টি।

ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল (ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার), পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রিক্যাল / ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৫টি।

কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং / কম্পিউটার টেকনোলজি / ইনফো টেক /এম.এসসি. (কম্পিউটার সায়েন্স)' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১১টি।

ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন / টেলিকমিউনিকেশন / ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন /স্যাটেলাইট কমিউনিকেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৮টি।

অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন / ইন্সট্রুমেন্টেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

পাওয়ার ইলেক্ট্রনিক্স অ্যান্ড ড্রাইভস ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

অ্যারোনটিক্যাল বা, অ্যাভোনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'অ্যারোনটিক্যাল /বালিস্টিক্স/ অ্যাভোনিক্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'আর্কিটেকচার' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

ওপরের ওইসব শাখার এবছরের ফাইনাল পরীক্ষার্থীরা আবেদনের যোগ্য নন। বয়স হতে হবে ১-৭-২০২০'র হিসাবে ২০ থেকে ২৭ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৯৩ থেকে ১-৭-২০০০'এর মধ্যে।

শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় ১৫৭.৫ সেমি আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি দরকার ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১৮। শুরুতে ১ বছরের ট্রেনিং শুরু জানুয়ারিতে। তখন স্টাইপেন্ড মাসে ২১,০০০ টাকা। সফল হলে লেফটেন্যান্ট পদে চাকরি। তখন মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড। শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের 'কল লেটার' পাঠানো হবে। ইন্টারভিউ হবে এলাহবাদ, বেঙ্গালুরু ও ভোপালে। মোট ৫ দিনের এই পরীক্ষায় সাইকোলজি ওরিয়েন্টেড ইন্টেলিজেন্স টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ হবে। এরপর ৩-৫ দিনের ডাক্তারি পরীক্ষা। ইন্টারভিউয়ে যাতায়াতের ভাড়া ফেরৎ পাবেন। পরীক্ষা সংক্রান্ত তথ্য ই-মেলে বা, এস.এম.এস.'এ জানানো হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার পর ২ কপি অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন। ইন্টারভিউয়ের সময় তখন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রিন্ট করা অ্যাপ্লিকেশন ফর্ম নিয়ে যাবেন। কোনো দরখাস্ত ডাকে পাঠাতে হবে না। আরো বিস্তারিত তথ্য জানতে ফোন করুন এই নম্বরে : ০১১-২৬১৭৩২১৫।

## পুরসভায় ৩৬ মজদুর

১ পাতার পর

১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ৩০টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৩, ও.বি.সি. -বি ক্যাটেগরি ১, জেনাঃ প্রাঃসঃকঃ ২, জেনাঃ মেধাবী খেলোয়াড় ১, প্রাঃসঃকঃ ১, জেনাঃ প্রতিবন্ধী ১, তঃউঃজাঃ প্রাঃসঃকঃ ১, ও.বি.সি. -বি ক্যাটেগরি প্রাঃসঃকঃ ১)।

**পাম্প অপারেটর** : ক্লাস এইট পাশরা ইলেক্ট্রিক ওয়ার্কম্যানশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে আর ইলেক্ট্রিক্যাল ওয়ার্কম্যানশিপের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,১০০ টাকা। শূন্যপদ : ২টি (তঃজাঃ প্রাঃসঃকঃ ১, জেনাঃ প্রতিবন্ধী ১)।

**হেল্পার** : ক্লাস এইট পাশরা যোগ্য। ভালো স্বাস্থ্য ও খেলাধূলায় দক্ষতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**ড্রাইভার** : ক্লাস এইট পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আর অন্তত গাড়ি চালানোর কাজে ৫ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ২০ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৩০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১-২০১৯'এর হিসাবে। প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। এই পদের মেমো নং : 918 / DLB / B-506 / 15-96 (pt.II), Dated Kolkata, the 17th July 2019 & 1134/DLB/B-506/15-96 (pt.II) Dated Kolkata, the 28th August, 2019.

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নিচের বয়ানে। তখন সঙ্গে দেবেন : (ক) এখনকার তোলা ও নিজের সই করা ২ কপি পাশপোর্ট মাপের ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও আরেক কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (খ) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট ইত্যাদি প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল, (গ) নিজের নাম-ঠিকানা লেখা ও ২৫ টাকার ডাকটিকিট সাঁটা একটি খাম। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন Application for Recruitment to the post...... with category'. দরখাস্ত পাঠাবেন সাধারণ ডাকে। পৌঁছনো চাই ১৪ নভেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Chairman, Bhadreswar Municipality, G.T. Road, P.O. & P.S. Bhadreswar, Dist. Hooghly, Pin - 712124. দরখাস্তের বয়ান :

### APPLICATION FORM

1.Name of the candidate (IN BLOCK LETTERS) :
2. Father's / Husband's Name :
3. Name of the post applied for :
4. Category :
5. EPIC Number :
6. Date of Birth :
7. Age as on 01.01.2019 :
8. Male / Female :
9. Residential Address (i) Present :
(ii) Permanent :
10. Contact Number :
11. Educational qualification (mentioning .......... the examinations, name of the board / institutions / year of passing).
12. Technical qualification :
13. Others qualification :

**DECLARATION**

Information furnished by me is true to the best of my knowledge & belief, incase any of them is found to be false subsequently my candidature will be liable to be cancelled.

Date :
Place :
Signature

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ৪টি সরকারি চাকরির পরীক্ষায় সফল প্রার্থীর পরামর্শ

সাফল্যের প্রস্তুতি



মৌসম তনবীর

নদিয়া জেলার চাপড়ার ছেলে আমি। বাবা শিক্ষক ছিলেন বলে পড়াশুনার পরিবেশে বড় হয়েছি। স্থানীয় স্কুল থেকে মাধ্যমিক ও কৃষ্ণনগরের একটি নামি স্কুল থেকে উচ্চমাধ্যমিক পাশ করি। কলকাতার মৌলানা আজাদ কলেজ থেকে ২০০৯ সালে ইংরিজি সাহিত্যে অনার্স নিয়ে ডিগ্রি কোর্স পাশ করি। এরপর শিক্ষকতার লক্ষ্যে স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় বসি। মাস্টার ডিগ্রি ছিল না বলে ইংরিজির পাস বিষয়ে পরীক্ষায় বসি। ২০১৩ সালে করিমপুরের একটি প্রত্যন্ত অঞ্চলের স্কুলে চাকরি পাই। টানা ২ বছর চাকরি করি। কিন্তু যাতায়াতের সমস্যা ও স্কুলের প্রশাসনিক সমস্যার জন্য কাজে মন বসাতে পারছিলাম না। বিকল্প চাকরির কথা ভাবি। এরমধ্যে প্রাইমারি স্কুলের 'টেট' পরীক্ষায় সফল হই। তবে আগ্রহ দেখাইনি। বরং শিক্ষকতার বৃত্ত থেকে বেরিয়ে এসে প্রশাসনিক চাকরির কথা ভাবি। ২০১৩ সালে পশ্চিমবঙ্গ মিসলেনিয়াস সার্ভিস কমিশনের পরীক্ষায় বসেছিলাম। সফল হয়ে ২০১৬ সালে কনজিউমার অফিসার পদে চাকরি পাই। পোস্টিং হয় কৃষ্ণনগরে। তবে, এই চাকরিটা পেয়ে থেমে থাকিনি। নিয়মিত পড়াশুনার মধ্যে থেকেছি। ২০১৭ সালে কলকাতা পুরনিগমে ডেপুটি ম্যানেজার পদের বিজ্ঞপ্তি দেখে দরখাস্ত করি। এই পদের জন্য আবেদন করেছিলাম এই ২টি কারণে। প্রথমত, কাজের ক্ষেত্র হবে কলকাতা ও দ্বিতীয়, পদটি গেজেটেড র‍্যাঙ্কের। পদমর্যাদার পাশাপাশি আছে সামাজিক সম্মান।

চাকরি করতে করতে প্রস্তুতি নিয়েছিলাম বলে খুব বেশি পড়াশুনার সুযোগ পাইনি। তবে রোজ অফিস থেকে ফিরে নিয়মিত ৪ থেকে ৫ ঘন্টা অনুশীলনে ব্যস্ত থাকতাম। বিভিন্ন বিষয়ের জন্য একাধিক লেখকের বই পড়েছি। যেমন, ইতিহাস : জীবন মুখোপাধ্যায়, ভূগোল : কার্তিকচন্দ্র মণ্ডল, ভারতীয় সংবিধান : লক্ষ্মীকান্ত, অ্যারিথমেটিক : আর.এস. আগরওয়াল ও সুবীর দাস, জেনারেল স্টাডিজ : লুসেন্ট, সাম্প্রতিক ঘটনা : দৈনিক সংবাদপত্র, 'কর্মসংস্থান' ও 'Appointment & Career News'. ইংরিজি সাহিত্যের ছাত্র ছিলাম বলে ইংরিজি বিষয় নিয়ে মাথা ঘামাতে হয়নি। প্রার্থী বাছাইয়ের জন্য পরীক্ষা নিয়েছিল পশ্চিমবঙ্গ মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। পরীক্ষা হয় ২০১৮ সালে। ২টি পর্যায়ের পরীক্ষায় প্রথম পেপারে ছিল জেনারেল স্টাডিজ আর দ্বিতীয় পেপারে ছিল ম্যাথমেটিক্স, জেনারেল ইন্টেলিজেন্স ও ইংরিজি গ্রামার-কম্পোজিশনের প্রশ্ন।

লিখিত পরীক্ষায় কোয়ালিফাই করার পর ইন্টারভিউয়ের জন্য ডাকা হয়। প্রস্তুতির জন্য নিজের পাঠ্য বিষয় ছাড়াও চলতি ঘটনা প্রবাহে নজর রাখতে নিয়মিত একাধিক সংবাদপত্র পড়তাম, টিভিতে খবর শুনতাম।

ইন্টারভিউ হয়েছিল মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের সদর কার্যালয়ে। বোর্ডে ছিলেন মোট ৪ জন সদস্য। শুরুতে নাম, ঠিকানা ইত্যাদি কিছু মামুলি বিষয়ে প্রশ্ন করার পর জানতে চাওয়া হয়, কেন এখনকার চাকরি ছাড়তে চাইছি, এখনকার কাজের গুরুত্ব। ইংরিজি বিষয়ে প্রশ্ন করা হয়। এরপর জানতে চাওয়া হয় আমার হবির কথা। খেলাধুলায় আগ্রহ শুনে সেই সংক্রান্ত প্রশ্ন ধরা হয়। চূড়ান্ত সফল হয়ে গত বছরের আগস্ট মাসে কলকাতা পুরনিগমে ডেপুটি ম্যানেজার পদে যোগ দিয়েছি। এই পদের মূল মাইনে : ১৫,৬০০-৪২০০০ টাকা ও সেই সঙ্গে গ্রেড পে ৫,৪০০ টাকা। এই মুহূর্তে আমার পদের নাম ডেপুটি কন্ট্রোলার (ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস)

৪টি চাকরির পরীক্ষায় সাফল্যের অভিজ্ঞতায় আমার মনে হয়, চাকরি পাওয়ার এই ৪টি সোনালী সূত্র : প্রথমত, আত্মবিশ্বাস। দ্বিতীয়ত, নিজের শক্তি ও দুর্বলতা বিষয়ে সচেতনতা। তৃতীয়ত, স্মার্ট প্রস্তুতি ও চতুর্থত, লেগে থাকার মানসিকতা।

# সংখ্যালঘু ছেলেমেয়েদের চাকরির পরীক্ষার জন্য কোচিং

**নিজস্ব প্রতিনিধি :** পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্তনিগম কলকাতা ও লাগোয়া অঞ্চলে (মুর্শিদাবাদ-সহ) বসবাসকারী রাজ্যের সংখ্যালঘু ছেলেমেয়েদের প্রি-রিক্রুটমেন্ট কোচিংয়ের জন্য অনলাইনে দরখাস্ত জমা নিচ্ছে। ট্রেনিং দেওয়া হবে এইসব চাকরির পরীক্ষার জন্য— পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন, সাব-ইন্সপেক্টর অফ পুলিশ, সাব-ইন্সপেক্টর স্কুল, সাব-ইন্সপেক্টর অফ ফুড, মিসলেনিয়াস সার্ভিসেস, ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিস, কৃষি প্রযুক্তি সহায়ক। এছাড়াও কেন্দ্রীয় সরকারের স্টাফ সিলেকশন কমিশন, কমাইন্ড গ্র্যাজুয়েট লেভেল, পোস্টাল ডিপার্টমেন্ট, ইন্টেলিজেন্স ব্যুরো, ইনসিওরেন্স ও ভারতীয় রেল (নন টেকনিক্যাল)। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে। রাজ্যের স্থায়ীভাবে বসবাসকারী সংখ্যালঘু ছেলেমেয়েরা (খ্রিস্টান, বৌদ্ধ, মুসলিম, জৈন, পার্সি ও শিখ) ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০-০৯-২০১৯-এর হিসাবে ২১ থেকে ৩৪ বছরের মধ্যে। সংরক্ষিত প্রার্থীরা যথারীতি বয়সের ছাড় পাবেন। শিক্ষাগত যোগ্যতা দরকার যেকোনো শাখার ডিগ্রি কোর্স পাশ। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে গড়ে ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। ট্রেনিং হবে ৭ মাসের (সময় বাড়তে পারে)। ট্রেনিং শুরু হবে সম্ভাব্য সময় ডিসেম্বর মাস। আগ্রহীরা ট্রেনিং নিতে চাইলে অনলাইনে নাম রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে— www.wbmdfc.org. নির্বাচিত প্রার্থীদের ২ হাজার টাকা সিকিউরিটি মানি জমা রাখতে হবে। টাকা পাঠাতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। ড্রাফট পাঠাবেন ওয়েস্ট বেঙ্গল মাইনরিটিজ ডেভেলপমেন্ট অ্যান্ড ফাইন্যান্স কর্পোরেশনের অনুকূলে। পেয়েবল অ্যাট লিখবেন কলকাতা। এছাড়াও নোটারির মাধ্যমে প্রত্যয়িত ১০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প পেপার লাগবে। পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম থেকে এসএমএস/ইমেল-এর মাধ্যমে প্রার্থী বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের দিন জানিয়ে দেওয়া হবে। পূরণ করা দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে জমা দিতে হবে এইসব নথিপত্র— (১) শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল, (২) বয়সের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল, (৩) ভোটার কার্ডের স্বপ্রত্যয়িত নকল। নথিপত্র যাচাইয়ের সময় সার্টিফিকেটের মূল কপি জমা দিতে হবে। দরখাস্ত জমা দিতে হবে ৩১ অক্টোবরের মধ্যে। অনলাইন দরখাস্ত জমা দেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে— www.wbmdfc.org. অসম্পূর্ণ দরখাস্ত বাতিল করা হবে। আরও অতিরিক্ত বিষয় জানতে চাইলে এই টোলফ্রি নম্বরে ফোন করতে পারেন— ১৮০০-১২০-২১৩০।

# ৩০ ডেপুটি ম্যানেজার

১ পাতার পর

তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৫,৬০০-৩৯,১০০ টাকা ও গ্রেড পে ৫,৪০০ টাকা। শূন্যপদ : ৩০টি (জেনাঃ ৩, ও.বি.সি. ৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১৩)। শুরুতে ১ বছরের প্রবেশন। চাকরি হবে ভারতের যে কোনো জায়গায়।

প্রার্থী বাছাই হবে ২০১৯ সালের 'গেট' পরীক্ষার স্কোর দেখে। সফল হলে ইন্টারভিউ। ইন্টারভিউয়ের সময় গেট পরীক্ষার স্কোর কার্ড, অ্যাডমিট কার্ড ও অন্যান্য প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স নিয়ে যেতে হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nhai.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র আর 'গেট'এর স্কোর কার্ড স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

**WEST BENGAL SCHEDULED CASTES, SCHEDULED TRIBES AND OTHER BACKWARD CLASSESS DEVELOPMENT & FINANCE CORPORATION**
(A Govt. of West Bengal Undertaking)
&
**CIPET: CENTRE FOR SKILLING AND TECHNICAL SUPPORT (CSTS), HALDIA**
(Deptt. of Chemicals & Petrochemicals, Ministry of Chemicals and Fertilizers, Govt. of India)
AN ISO 9001: 2015 CERTIFIED INSTITUTE

## ANNOUNCES

**6 (Six) months free of cost Residential Skill Development Training Progamme** on Plastics for unemployed Scheduled Castes (SC) candidates for the State of West Bengal having **annual family income not exceeding Rs.3,00,000/-**. The Programme is sponsored by the **West Bengal Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes Development & Finance Corporation, (A Govt. of West Bengal Undertaking).** There is scope of employment after successful completion of training. The Course details are as follows :

| Sl. No. | Name of the Course | Eligibility Criteria | | No of Seats | Date & Time of Interview | Venue |
|---|---|---|---|---|---|---|
| | | Educational Qualification | Age Limit | | | |
| 1 | Machine Operator - Injection Moulding (MO-IM) | VIII / Xth Pass | 18 – 40 Yrs | 150 | 23.10.2019, 24.10.2019 & 30.10.2019, 31.10.2019 (10.00AM ONWARDS) | CIPET:CSTS-HALDIA |
| 2 | Machine Operator - Extrusion Process (MO-EP) | VIII / Xth Pass | | 150 | | |
| 3 | Machine Operator - Plastic Processing (MO-PP) | VIII / Xth Pass | | 150 | | |
| 4 | Machine Operator - Blow Moulding (MO-BM) | HS/ITI/Diploma | | 150 | | |

**Interested candidates may attend walk in interview** on the dates & time indicated above at the following address, along with original and attested copies of certificates related to Educational Qualifications, Age Proof, Annual Family Income, Caste certificate, Aadhar Card, ID Proof (Voter ID/PAN/DL etc.) and 5(five) copies of recent passport size colour photographs. **For further details please contact : 9434039466/8008558644/ 9836127016 (9AM to 5.30PM ONLY)**, Address: CIPET, City Centre, P.O-Debhog, Haldia, Dist-Purba Medinipur (WB), Pin - 721 657, Phone - 03224-255534, E-mail: cipet.haldia.stc@gmail.com

*Sd/- Chief Manager, CIPET:CSTS - Haldia*

in collaboration with
Peerless SKILL ACADEMY
Ramakrishna Math Ramakrishna Mission
N.S.D.C National Skill Development Corporation
Skill India
Training Partner of N.S.D.C. National Skill Development Corporation, Govt of India, MSDE
HURRY রোজকার জীবনে হও রোজগেরে
ADMISSION NOTICE
Banking & Accounts
Accounts Executive | CASA Sales Executive
Media Courses with SRFTI
Digital Film Making • Script Writing • Screen Acting
Opening Shortly at SILIGURI
Hospitality Course
Front Office Associate
Meet & Greet Executive
Multi-Cuisine Cook
F & B Service Associate
Housekeeping Associate
Healthcare Courses
General Duty Assistant
Phlebotomy Technician
Cardiac Care Technician
Emergency Medical Technician (Basic)
Emergency Medical Technician (Advance)
Other Courses
Digital Marketing | Retail Sales Associate | Medical Representative
In Association With Tech Mahindra FOUNDATION
Training OPPORTUNITY!!
Peerless
Contact For Admission
6290 407 816 / 6291 786 778
1, Chowringhee Square, 4th Floor, Kolkata 700 069
www.facebook.com/peerlessskills | www.peerless-rkm-skills.org

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



নার্সিং জয়েন্ট
জেনপা-২০২০/২১
স্পেশাল প্রশিক্ষণ ও
সরকারি কলেজে চান্স।
Head : Dr. R. Sahani (M.D.)
2019 জেনপাতে আমাদের যে 17 জন 100 এর মধ্যে Rank করেছে তারা A.O.I সংগ্রহ করো।
Medi Guide
বেলঘরিয়া । বারাসাত । গড়িয়া
কল্যাণী । হাওড়া । বর্ধমান
ভর্তি চলছে : 7044647798

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল

৩ পাতার পর

**62.** 2019 সালে 'বিশ্ব ক্ষুধা সূচক'এ ভারতের স্থান কত?
(a) 84 (b) 112 (c) 102 (d) 93

**63.** 'আন্তর্জাতিক অসামরিক বিমান পরিবহণ দিবস' কবে পালিত হয়?
(a) 5 ডিসেম্বর (b) 6 ডিসেম্বর (c) 7 ডিসেম্বর (d) 8 ডিসেম্বর

**64.** তিউনিশিয়ার প্রেসিডেন্ট কে হতে চলেছেন?
(a) কাইস সঈদ (b) নাবিল কারোউই (c) ইউসেফ চাহেদ (d) মহম্মদ এন্নাকেউর

**65.** 'বিশ্ব মানবাধিকার দিবস' কবে পালিত হয়?
(a) 10 ডিসেম্বর (b) 11 ডিসেম্বর (c) 12 ডিসেম্বর (d) 13 ডিসেম্বর

**66.** কোন দেশে বিশ্বের বৃহত্তম ভাসমান সৌর প্রকল্প চালু হল?
(a) চিন (b) দক্ষিণ কোরিয়া (c) জাপান (d) নেদারল্যান্ডস

**67.** ভারতের ডি.এন.এ ফিঙ্গারপ্রিন্টিংয়ের জনক কাকে বলে?
(a) প্রভুজী লামা (b) হরিশ বন্দ্যোপাধ্যায় (c) নেমিচাঁদ পাণ্ডে (d) লালজি সিং

**68.** 'লোসার উৎসব' ভারতের কোন রাজ্যে পালিত হয়?
(a) জম্মু ও কাশ্মীর (b) হিমাচল প্রদেশ (c) অসম (d) ত্রিপুরা

**69.** 'ধনুযাত্রা' উৎসব ভারতের কোন রাজ্যে পালিত হয়?
(a) উত্তর প্রদেশ (b) রাজস্থান (c) মণিপুর (d) ওড়িশা

**70.** দারচিনি গাছের কোন অংশ মশলা হিসাবে ব্যবহৃত হয়?
(a) পাতা (b) বীজ (c) কুঁড়ি (d) বাকল

**71.** 'ইন্টারভিউ দ্বীপ' কোথায় আছে?
(a) লাক্ষাদ্বীপ (b) আন্দামান ও নিকোবর (c) গোয়া (d) পুদুচেরি

**72.** 'কোয়না জলবিদ্যুৎ প্রকল্প' ভারতের কোন রাজ্যে আছে?
(a) মধ্য প্রদেশ (b) গুজরাত (c) আন্ধ্রা প্রদেশ (d) মহারাষ্ট্র

**73.** 'কীর্তিস্তম্ভ' ভারতের কোন শহরে আছে?
(a) বারাণসী (b) জয়পুর (c) আহমেদাবাদ (d) চিতোর

**74.** কত সালে সুভাষচন্দ্র বসু অন্তর্বর্তীকালীন ভারত সরকার গঠন করেন?
(a) 1941 (b) 1942 (c) 1943 (d) 1944

**75.** নীচের কোন নদীটি অমরকন্টক থেকে সৃষ্টি হয়েছে?
(a) বেতোয়া (b) মাহি (c) নর্মদা (d) তাপী

**76.** একটি বহুভুজের কর্ণসংখ্যা 35. বহুভুজটির বাহুসংখ্যা কত?
(a) 8 (b) 10 (c) 12 (d) 14

**77.** একটি ষড়ভুজের কোণগুলির পরিমাপ যথাক্রমে $x^\circ$, $(x-5)^\circ$, $(x-5)^\circ$, $(2x-5)^\circ$, $(2x-5)^\circ$ ও $(2x+20)^\circ$, x এর মান কত?
(a) 50° (b) 60° (c) 70° (d) 80°

**78.** $\left(\frac{5\cos\theta-4}{3-5\sin\theta}-\frac{3+5\sin\theta}{4+5\cos\theta}\right)$ এর মান নির্ণয় কর, যেখানে $\theta$ একটি সূক্ষ্মকোণ।
(a) 1 (b) 0 (c) $\frac{1}{2}$ (d) $\frac{1}{4}$

**79.** চার অঙ্কের কোন বৃহত্তম সংখ্যাকে 6, 9, 12, 15 ও 20 দিয়ে ভাগ করলে যথাক্রমে 2, 5, 8, 11 ও 16 ভাগশেষ থাকবে?
(a) 9896 (b) 9894 (c) 8896 (d) 9996

**80.** সাত অঙ্কের কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 7, 9, 12, 14 ও 21 দিয়ে ভাগ করলে যথাক্রমে 3, 5, 8, 10 ও 17 ভাগশেষ থাকবে?
(a) 1000180 (b) 1000184 (c) 1000176 (d) 1000194

**81.** A ও B যৌথভাবে একটি কাজ 30 দিনে করতে পারে। B একা ওই কাজটি 35 দিনে করতে পারে। A একা কতদিনে কাজটি করতে পারে?
(a) 210 (b) 170 (c) 300 (d) 420

**82.** আকাশ ও বিকাশ একসঙ্গে একটি কাজ 15 দিনে শেষ করে। বিকাশ ওই কাজটি একা 24 দিনে শেষ করে। আকাশ ওই কাজটি কতদিনে শেষ করবে?
(a) 36 (b) 48 (c) 40 (d) 30

**83.** $xy(x+y)=1$ হলে, $x^3+y^3-\frac{1}{x^3y^3}=?$
(a) 3 (b) 1 (c) –1 (d) –3

**84.** $(2p-3q)^2+2(2p-3q)(3p+3q)+(3p+3q)^2=?$
(a) $5p^2$ (b) $25p^2$ (c) $4p^2$ (d) $p^2$

**85.** $1.2\times1.2+1.3\times1.3+1.5\times1.5+2\times1.2\times1.3+2\times1.3\times1.5+2\times1.2\times1.5=?$
(a) 16 (b) 18 (c) 20 (d) 24

**86.** $a=2+\sqrt{3}$ ও $ab=1$ হলে, $a^3+b^3=?$
(a) 48 (b) 76 (c) 52 (d) 68

**87.** $x+\frac{1}{x}=\sqrt{3}$ হলে, $x^{24}+x^{18}+x^6+1=?$
(a) 0 (b) 1 (c) –1 (d) 2

**88.** একটি চতুর্ভুজের চারটি কোণের অনুপাত 3 : 4 : 5 : 6. বৃহত্তম কোণটির মান কত?
(a) 100° (b) 120° (c) 130° (d) 140°

**89.** যদি $x=\frac{\sqrt{3}+\sqrt{2}}{\sqrt{3}-\sqrt{2}}$ হয়, তাহলে $x^3+\frac{1}{x^3}$ এর মান কত?
(a) 1000 (b) 970 (c) 5 (d) 98

**90.** $x=\frac{a-b}{a+b}$, $y=\frac{b-c}{b+c}$, $z=\frac{c-a}{c+a}$, তাহলে $\frac{(1-x)(1-y)(1-z)}{(1+x)(1+y)(1+z)}=?$
(a) 0 (b) 1 (c) $\frac{1}{2}$ (d) 2

**91.** $\frac{1}{a+1}+\frac{1}{b+1}+\frac{1}{c+1}=2$, তাহলে $a^2+b^2+c^2$ এর মান কত?
(a) $\frac{3}{4}$ (b) $\frac{1}{3}$ (c) $\frac{2}{1}$ (d) $\frac{4}{3}$

**92.** একটি সমদ্বিবাহু ত্রিভুজ FGH এর FG < 3 ও GH = 8 হলে, নীচের কোনটি সঠিক?
(a) GH = FH (b) GH < FH (c) GF = GH (d) FH > GH

**93.** একটি ত্রিভুজের তিনটি বাহুর ওপর অঙ্কিত লম্বের যোগফল :
(a) তিনটি বাহুর যোগফলের সমান (b) তিনটি বাহুর যোগফলের দ্বিগুণের সমান (c) তিনটি বাহুর যোগফলের থেকে বড় (d) তিনটি বাহুর যোগফলের থেকে ছোট

**94.** 19 দিয়ে বিভাজ্য কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 6, 9, 12, 15 ও 20 দিয়ে ভাগ করলে প্রতি ক্ষেত্রে 4 ভাগশেষ থাকবে?
(a) 1444 (b) 364 (c) 464 (d) 874

**95.** কোন বৃহত্তম সংখ্যা দিয়ে 1691, 1915 ও 2139 কে আলাদাভাবে ভাগ করলে প্রতি ক্ষেত্রে 11 ভাগশেষ থাকবে?
(a) 116 (b) 112 (c) 56 (d) 168

**96.** ন্যূনতম কতগুলি বর্গাকার টালি দিয়ে 10 মিটার 26 সেন্টিমিটার দৈর্ঘ্য ও 285 সেন্টিমিটার প্রস্থবিশিষ্ট একটি বারান্দাকে সম্পূর্ণভাবে ঢাকা যাবে?
(a) 180 (b) 270 (c) 30 (d) 90

**97.** রাজা একটি কাজ 18 দিনে করতে পারে। শামিম ওই কাজ 36 দিনে করতে পারে। দু'জনে একসঙ্গে কাজটি কতদিনে করবে?
(a) 15 (b) 6 (c) 12 (d) 24

**98.** A, B এর তুলনায় দ্বিগুণ ভালো কাজ করে। কোনো কাজ A করে 24 দিনে। B কতদিনে ওই কাজ করবে?
(a) 48 (b) 12 (c) 36 (d) 72

**99.** x, y এর তুলনায় চারগুণ ভালো কাজ করে। y একটি কাজ 20 দিনে শেষ করে। দু'জনে একসঙ্গে কাজটি কতদিনে করবে?
(a) 5 (b) 12 (c) 2 (d) 4

**100.** অমিত, অজয়ের থেকে চারগুণ ভালো কাজ করে ও অমিত একটি কাজ করতে অজয়ের থেকে 15 দিন কম সময় নেয়। দু'জনে একসঙ্গে কতদিনে কাজটি করবে?
(a) 5 (b) 8 (c) 4 (d) $3\frac{1}{2}$

## সেকেন্ডে উত্তরের কৌশল

**1(a). 2(a). 3(b). 4(a). 5(b). 6(d). 7(a). 8(b). 9(c). 10(b). 11(c). 12(c). 13(c). 14(b). 15(a). 16(d). 17(d). 18(b). 19(d). 20(a). 21(a). 22(b). 23(d). 24(b). 25(c). 26(b). 27(a). 28(c). 29(d). 30(a). 31(c). 32(c). 33(a). 34(a). 35(b). 36(a). 37(c). 38(a). 39(a). 40 (b). 41(b). 42(d). 43(a). 44(d). 45(a). 46(c). 47(a). 48(c). 49(c). 50(a). 51(a). 52(d). 53(c). 54(a). 55(c). 56(b). 57(b). 58(b). 59(c). 60(b). 61(b). 62(c). 63(c). 64(a). 65(a). 66(a). 67(d). 68(a). 69(d). 70(d). 71(b). 72(d). 73(d). 74(c).**

**75(c). 76(b).** মনে করি, বাহু সংখ্যা = n. তাহলে $\frac{n(n-3)}{2}=35$. সমাধান করে পাই, n = 10. **77(d).** $x+(x-5)+(x-5)+(2x-5)+(2x-5)+(2x+20)=(\text{বাহুসংখ্যা}-2)\times180$. তাহলে x = 80. **78(b). 79(a).** 6, 9, 12, 15 ও 20 এর ল.সা.গু = 180. 180 দিয়ে বিভাজ্য চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = 9900. তাহলে নির্ণেয় সংখ্যা = 9900 – সাধারণ অন্তর = 9900 – 4 = 9896. **80(b).** 79 নম্বর প্রশ্নের পদ্ধতি অবলম্বন করুন। **81(a).** A একদিনে করে কাজটির $\left(\frac{1}{30}-\frac{1}{35}\right)$ অংশ = $\frac{1}{210}$ অংশ। তাহলে A একা 210 দিনে কাজটি করবে। **82(c).** শর্টকাট ফর্মুলা : আকাশের দিনসংখ্যা $=\frac{24\times15}{24-15}=40$ দিন। **83(d). 84(b). 85(a). 86(c). 87(a). 88(b).** মনে করি, কোণগুলির মান 3x, 4x, 5x ও 6x. তাহলে 3x + 4x + 5x + 6x = 360. তাহলে x = 20. তাহলে বৃহত্তম কোণ = 6x = 6 × 20 = 120°. **89(b). 90(b). 91(a). 92(a). 93(d). 94(a).** 6, 9, 12, 15 ও 20 এর ল.সা.গু = 180. তাহলে (180 × x) + 4 সংখ্যাটি 19 দিয়ে বিভাজ্য হবে যদি x এর মান 8 হয়। তাহলে নির্ণেয় সংখ্যা = (180 × 8) + 4 = 1444. **95(b).** নির্ণেয় সংখ্যাটি হল (1691 – 11), (1915 – 11) ও (2139 – 11) এর গ.সা.গু = 112. **96(d).** 1026 সেন্টিমিটার ও 285 সেন্টিমিটার গ.সা.গু = 57. তাহলে টালিসংখ্যা $=\frac{1026\times285}{57\times57}=90$টি। **97(c).** একসঙ্গে কাজটি করবে $=\frac{18\times36}{18+36}=12$ দিনে। **98(a).** B কাজটি করবে = 24 × 2 = 48 দিনে। **99(d).** x একা কাজটি করে $=\frac{20}{4}=5$ দিনে। তাহলে একসঙ্গে কাজটি করবে $=\frac{20\times5}{20+5}=4$ দিনে। **100(c).** মনে করি, অমিত কাজটি করে x দিনে। অজয় করে 4x দিনে। তাহলে 4x – x = 15. তাহলে x = 5. তাহলে অমিত 5 দিনে ও অজয় 20 দিনে করে। তাহলে একসঙ্গে করবে $=\frac{5\times20}{5+20}=4$ দিনে।

Admission Going On
Approved by the Govt. of India
Placement Assistant
■ Diploma in Aviation & Hospitality Management (1 Year) • Per month 6,000/
■ Diploma in Hotel Management & Tourism (2 Years) • Per month 4,000/-
Last Date : 31.10.2019 • Eligibility: 10 + 2 above
ST. HELEN INSTITUTION (SHI)
396/4A, N.S.C. Bose Road, Kolkata - 700 047, Garia Rathtala, Near Gitanjali Metro
Phone: 033-40043921, 9831075678
Web: www.stheleninstitution.com

Jahan Institute of Nursing Sciences
Marasur (PO) Anekal Main Road, Near Narayana Hrudayalaya, Electronic City, Bangalore
Web : www.jinsnursing.in E-mail : director@jinsnursing.in

ব্যাঙ্গালোরের সেরা নার্সিং কলেজে ভর্তির শেষ সুযোগ। আর মাত্র কিছু সীট বাকি আছে।
Courses –
GNM (General Nursing & Midwifery)
Course Duration : 3 Years, Eligibility : Pass 10+2 in any stream with 40% marks
B.Sc Nursing
Course Duration : 4 Years. Eligibility : Pass 10+2 with Physics, Chemistry and Biology with 45% marks
ভর্তির জন্য বিস্তারিত জানতে যোগাযোগ —
West Bengal Contact : নার্সিং ওয়ার্ল্ড, কল্যাণী, নদিয়া। কল্যাণী মহাবিদ্যালয়ের সামনে।
ফোন : 9836876033, 7596840256
Bangalore Contact : 9343796249
Practical in Own Hospital JAYASHREE MULTI SPECIALITY HOSPITAL (100 BEDED)

পরপর ১৪ বার ১ নম্বরে
সব সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক বাংলা পত্র-পত্রিকার মধ্যে
আবার সর্বাধিক বিক্রির রেকর্ড
কর্মসংস্থান
এখন প্রতি সপ্তাহে বুধবার বেরোয়
*As per ABC(Audit Bureau of Circulations) Jan.-June 2019

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## রাজ্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে

১ পাতার পর

আর্কিটেকচার কোর্সে ১০০% সীটে ভরতি করা হবে এই এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে।

সেলফ ফিনান্সিং কলেজে ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, ফার্মাসি ও আর্কিটেকচার কোর্সের ৮০-৯০% সীটে ভরতি করা হবে এই এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে। সব ক্ষেত্রে তপশিলী, ও.বি.সি. - এ ক্যাটেগরি আর ও.বি.সি.-বি ক্যাটেগরির প্রার্থীদের জন্য যথারীতি শূন্যপদ সংরক্ষিত। পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের প্রার্থীরা আবেদনের যোগ্য। কারা কোন বিষয়ে আবেদন করতে পারবেন :

**ফার্মাসি** : ফিজিক্স ও কেমিস্ট্রি আবশ্যিক বিষয় আর অঙ্ক / বায়োলজি বিষয় মিলিয়ে মোট অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪০%) নম্বর আর ইংরিজিতে ৩০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন।

তবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ফার্মাসি কোর্সে ভরতির জন্য ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক আবশ্যিক বিষয় আর ওই তিন বিষয়ে মোট অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) আর অঙ্কে ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর ও ইংরিজিতে অন্তত ৩০% নম্বর পেয়ে থাকতে হবে। তবে নেওটিয়া বিশ্ববিদ্যালয়ের ফার্মাসি কোর্সে ভরতির জন্য ফিজিক্স, অঙ্ক, কেমিস্ট্রি /বায়োলজি আবশ্যিক বিষয় আর ওই তিন বিষয়ে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে।

**ইঞ্জিনিয়ারিং (বি.ই.) /টেকনোলজি (বি.টেক.)** : ফিজিক্স ও অঙ্ক বিষয় আর কেমিস্ট্রি /বায়োটেকনোলজি /বায়োলজি /কম্পিউটার সায়েন্স /কম্পিউটার অ্যাপ্লিকেশন / টেকনিক্যাল ভোকেশনাল বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪০%) আর ইংরিজিতে অন্তত ৩০% নম্বর পেয়ে থাকলে এই কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। ওপরের ওইসব বিষয়ের প্রতিটিতে পাশ নম্বর পেয়ে থাকতে হবে।

তবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং কোর্সে ভরতির জন্য ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক আবশ্যিক বিষয় আর ওই তিন বিষয়ে মোট অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) আর ইংরিজিতে অন্তত ৩০% নম্বর পেয়ে থাকতে হবে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের বেলায় ফিজিক্স, অঙ্ক ও কেমিস্ট্রি বিষয়ে মোট অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৫৫%) আর ইংরিজিতে অন্তত ৩০% নম্বর পেয়ে থাকতে হবে।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের জুট ও ফাইবার টেকনোলজি বিভাগের বেলায় ফিজিক্স, অঙ্ক ও কেমিস্ট্রি / বায়ো-টেকনোলজি / বায়োলজি বিষয়ে মোট অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৫০%) আর ইংরিজিতে অন্তত ৩০% নম্বর পেয়ে থাকতে হবে।

ওয়েস্ট বেঙ্গল ইউনির্ভাসিটি অফ অ্যানিম্যাল অ্যান্ড ফিশারি সায়েন্সের বি.টেক. (ডেয়ারি টেকনোলজি) কোর্সের বেলায় ফিজিক্স, অঙ্ক, কেমিস্ট্রি ও ইংরিজি বিষয় মিলিয়ে মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪০%) নম্বর পেয়ে থাকতে হবে। ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয়ের প্রতিটিতে আলাদাভাবে পাশ নম্বর পেয়ে থাকতে হবে।

নেওটিয়া বিশ্ববিদ্যালয়ের বি.টেক. (মেরিন ইঞ্জিনিয়ারিং) কোর্সের বেলায় ফিজিক্স, অঙ্ক, কেমিস্ট্রি বিষয়ে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে আর ইংরিজি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে।

নেওটিয়া বিশ্ববিদ্যালয়ের বি.টেক. (মেরিন ইঞ্জিনিয়ারিং ছাড়া অন্যান্য শাখার বেলায়) ফিজিক্স ও অঙ্ক বিষয় আর কেমিস্ট্রি /বায়োটেকনোলজি /বায়োলজি /কম্পিউটার সায়েন্স /কম্পিউটার অ্যাপ্লিকেশন আবশ্যিক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে এই কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন।

আলিয়া বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্সের বেলায় ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা প্রতিটি বিষয়ে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

সিস্টার নিবেদিতা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স ও বিজনেস সিস্টেমের ডিগ্রি (টি.সি.এস. -ইন্ডাস্ট্রি ইন্টিগ্রেটেড) কোর্সের বেলায় ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

**আর্কিটেকচার (বি. আর্ক)** : ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% নম্বর ও প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ওপরের ওইসব বিষয়ের প্রতিটিতে পাশ নম্বর পেয়ে থাকতে হবে। নয়াদিল্লির কাউন্সিল অফ আর্কিটেকচারের নেওয়া ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার (NATA) পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে ও কাউন্সেলিংয়ের সময় প্রয়োজনীয় প্রমাণপত্র দেখাতে হবে।

**মেরিন ইঞ্জিনিয়ারিং** : ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় মিলিয়ে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিকে ইংরিজিতে ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। এছাড়াও ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক, ইংরিজি ও বাংলা বিষয়ের প্রতিটিতে পাশ নম্বর পেয়ে থাকতে হবে।

সব কোর্সের বেলায় উচ্চমাধ্যমিকে মাতৃভাষা বা, অন্য কোনো পঞ্চম বিষয় থাকতে হবে। ওইসব বিষয় নিয়ে ২০২০ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য।

বয়স হতে হবে ৩১-১২-২০২০'র হিসাবে অন্তত ১৭ বছর বা, তার বেশি অর্থাৎ, জন্মতারিখ হতে হবে ৩১-১২-২০০৩'এর আগে। উচ্চতর বয়সের কোনো কড়াকড়ি নেই। তবে 'মেরিন ইঞ্জিনিয়ারিং' কোর্সের বেলায় ভরতির জন্য বয়স হতে হবে ৩১-১২-২০২০'র হিসাবে সর্বোচ্চ ২৫ বছর।

সব ক্ষেত্রে প্রার্থীকে অন্তত ১০ বছর নিরবচ্ছিন্নভাবে বা, একনাগাড়ে পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে কিংবা তাঁদের পিতামাতার স্থায়ী ঠিকানা-সহ পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে।

কোন কলেজে কোন-কোন বিষয়ে ডিগ্রি কোর্স পড়ানো হয় ও সীট ক'টি তা বিস্তারিতভাবে ইনফরমেশন বুকলেট থেকে জানতে পারবেন।

প্রার্থী বাছাই হবে ২০২০ সালের 'জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা (WBJEE-2020)'র মাধ্যমে। পরীক্ষা নেবে 'ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স বোর্ড'। প্রথমে হবে লিখিত পরীক্ষা ২ ফেব্রুয়ারি। অঙ্ক বিষয়ের পরীক্ষা হবে ১১টা থেকে ১টা। ফিজিক্স ও কেমিস্ট্রি বিষয়ের পরীক্ষা হবে ২ টা থেকে ৪ টা।

অঙ্ক বিষয়ে ১০০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। এর মধ্যে ক্যাটেগরি-।'এ থাকবে ৫০টি প্রশ্ন ও প্রতিটি প্রশ্নে ১ নম্বর। ক্যাটেগরি -।।'এ থাকবে ১৫টি প্রশ্ন ও প্রতি প্রশ্নে থাকবে ২ নম্বর। ক্যাটেগরি -।।।'এ থাকবে ১০টি প্রশ্ন ও প্রতি প্রশ্নে থাকবে ২ নম্বর।

ফিজিক্স বিষয়ে ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন হবে। এর মধ্যে ক্যাটেগরি-।'এ থাকবে ৩০টি প্রশ্ন ও প্রতিটি প্রশ্নে ১ নম্বর। ক্যাটেগরি -।।'এ থাকবে ৫টি প্রশ্ন ও প্রতি প্রশ্নে থাকবে ২ নম্বর। ক্যাটেগরি -।।।'এ থাকবে ৫টি প্রশ্ন ও প্রতি প্রশ্নে থাকবে ২ নম্বর।

কেমিস্ট্রি বিষয়ে ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন হবে। এর মধ্যে ক্যাটেগরি-।'এ থাকবে ৩০টি প্রশ্ন ও প্রতিটি প্রশ্নে ১ নম্বর। ক্যাটেগরি-।।'এ থাকবে ৫টি প্রশ্ন ও প্রতি প্রশ্নে থাকবে ২ নম্বর। ক্যাটেগরি-।।।'এ থাকবে ৫টি প্রশ্ন ও প্রতি প্রশ্নে থাকবে ২ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ২৭ জানুয়ারি থেকে।

পরীক্ষা হবে পশ্চিমবঙ্গ ও ত্রিপুরা রাজ্যের বিভিন্ন কেন্দ্রে। লিখিত পরীক্ষায় সফল হলে র‍্যাঙ্ক সার্টিফিকেট পাবেন। তারপর ওই র‍্যাঙ্ক অনুযায়ী বিভিন্ন প্রতিষ্ঠানে ভরতির জন্য কাউন্সেলিং হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস প্রস্পেক্টাস থেকে পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে ১৮ অক্টোবর থেকে ১৩ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbjeeb.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ৩-১০০ কে.বি.'র মধ্যে আর সিগনেচার ৩-৩০ কে.বি.র মধ্যে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Online Application WBJEE - 2020-তে ক্লিক করলে অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন। প্রথমে Personal Details ঠিকভাবে পূরণ করবেন তারপর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও ৭ সংখ্যার অ্যাপ্লিকেশন-নম্বর পাবেন। এবার লগ আউট করতে পারেন কিংবা Fee Payment Details - এ গিয়ে ই-চালান প্রিন্ট করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৭০০ (তপশিলী, ও.বি.সি. হলে ৫০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে জমা দিতে পারবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। এছাড়াও পাবেন এই ঠিকানায় : Controller of Examinations, West Bengal Joint Entrance Examination Board, AQ 13/1, Sector - V, Salt Lake City, Kolkata - 700 091. Ph: 18001023 781. ফর্ম পূরণের পর কোনো অসুবিধা হলে কারেকশন করার সুযোগ পাবেন ১৪ নভেম্বর থেকে ১৬ নভেম্বর পর্যন্ত।

## ৪৩ ইঞ্জিনিয়ার

১ পাতার পর

কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি বা, এম.সি.এ. কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৩১,০০০ টাকা (দিল্লি এলাকায় কাজের জন্য) ও ২৬,৫০০ টাকা (অন্যান্য এলাকার জন্য)। শূন্যপদ : ৪৩টি। ১ বছরের চুক্তিতে কাজ করতে হবে। চাকরি হবে দিল্লি ও ত্রিবান্দ্রমে।

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা হবে ১৭ নভেম্বর, ত্রিবান্দ্রমে। ইন্টারভিউ হবে ২৭/২৯ নভেম্বর।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.cdac.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। তারপর ৫০০ (মহিলা হলে ২৫০) টাকার ড্রাফট কাটবেন। 'C-DAC, Thiruvananthapuram'এর অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'Thiruvananthapuram'. প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন ইউনিক অ্যাপ্লিকেশন নম্বর প্রিন্ট করে নেবেন। এবার ওই দরখাস্ত ডাকে পাঠাতে হবে। তখন সঙ্গে দেবেন : (ক) ডিমান্ড ড্রাফটের মূল, (খ) সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম। দরখাস্ত -ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of...... (post Code......)'. দরখাস্ত পৌঁছনো চাই ৫ নভেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Department Head (HR), Centre for Development of Advanced Computing (CDAC), Post Box No. 6520, Vikasbhavan P.O., Vellayambalam, Thiruvananthapuram - 695 033.


Dominos-এ ফুল/পার্ট টাইম ডেলিভারি বয় চাই। রোজগারসীমা 17K+ for F.T এবং 8.5K+ for P.T, যোগ্যতা -10th পাশ। ড্রাইভিং লাইসেন্স, আধার কার্ড সহ সত্বর যোগাযোগ করুন। অ্যাক্রোপলিশ মল, 14th ফ্লোর।

PHONE :- 18002583848 8420053390

বিশেষ ঘোষণা

রানাঘাটে জানুয়ারি মাস থেকে তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক কলেজের বিশেষ কেন্দ্র স্থাপিত হচ্ছে।

WBCS, IAS, IPS, Police, Rail, PSC, Gr-'D' ইত্যাদি চাকরির জন্য পড়ানো হয়।

প্রধান কেন্দ্র — তাহেরপুর (নদিয়া)

শাখা : নৈহাটি (উত্তর ২৪ পরগনা), দমদম (কলকাতা-৩০), বেথুয়াডহরি (নদিয়া)



আচার্য্য ভবদেব
প্রাক্তন সিভিল সার্ভেন্ট
কেন্দ্র ও রাজ্য সরকার

প্রবাদপ্রতিম অফিসার-কাম-প্রফেসর আচার্য ভবদেব (প্রাক্তন ডব্লু.বি.সি.এস ও সেন্ট্রাল সিভিল সার্ভেন্ট)-সহ আরো ১০ জন বিখ্যাত অধ্যাপকগণ পড়াবেন ও কেরিয়ার গাইডেন্স দেবেন।

প্রতি সপ্তাহে মক টেস্ট হয়।
প্রত্যেক পরীক্ষার মক ইন্টারভিউ নেওয়া হয়।

বর্তমানে এস.আই. স্কুলের ইন্টারভিউয়ের মক চলছে।

১ বছর সম্পূর্ণ বিনামূল্যে পড়ার সুযোগ

এবছর নভেম্বর মাসের মধ্যে ১ বছরের জন্য ভর্তি হলে আরো ১ বছর সম্পূর্ণ বিনামূল্যে পড়ানো হবে (যদি প্রথম বছর কেউ চাকরি না পায়)

Mobile : 9474764885, 97715172089, 8536920172

Website : www.kabitakutir.org


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে সব ছেলেমেয়েরাই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।

## সাধারণ বিজ্ঞান

### জীববিদ্যা

১। বিজ্ঞানী জেনার কত সালে গুটিবসন্তের ভ্যাকসিন আবিষ্কার করেন



— ১৭৯৬ সালে।

২। মাজরা পোকার কোন দশা শস্যের ক্ষতি করে — লার্ভা।

৩। ক্লোরোফিলের মুখ্য মৌল কোনটি — ম্যাগনেশিয়াম।

৪। কোন উদ্ভিদে জলরন্ধ্র থাকে — কচু, টম্যাটো।

৫। কোন উদ্ভিদের চোষক মূল রয়েছে — স্বর্ণলতা।

### পদার্থবিদ্যা

৬। পেরেকের ওপর হাতুড়ি মারা কোন বলের উদাহরণ — ঘাত বলের।

৭। বালি ও আয়োডিনের মিশ্রণ থেকে উভয়কে আলাদা করা যায় কোন পদ্ধতিতে — ঊর্ধ্বপাতন পদ্ধতিতে।

৮। আইসক্রিমে জিলেটিন দেওয়া হয় কেন — যাতে কেলাসিত না হয়।

৯। পিচ্ছিলকারক পদার্থ হিসাবে কী ব্যবহৃত হয় — গ্রাফাইট।

১০। 'বেলচা' কোন শ্রেণির লিভারের অন্তর্গত — প্রথম শ্রেণি।

### রসায়ন

১১। 'গন্ধহীন গ্যাস' কোনটি — অক্সিজেন।

১২। কোন অ্যাসিড তীব্র জলশোষক — সালফিউরিক অ্যাসিড।

১৩। কোন গ্যাস প্রস্তুতিতে মার্বেল ব্যবহার করা হয় — কার্বন ডাই অক্সাইড।

১৪। কাঁদানে গ্যাসের রাসায়নিক নাম কী — ক্লোরোপিকরিন।

## ইতিহাস

### ভারতের ইতিহাস

১৫। মহেঞ্জোদারোতে শীলমোহরের ওপর যে দেবতার খোদাই করা মূর্তি পাওয়া গেছে, তা কীসের মূর্তি — শিবের আদি মূর্তি।

১৬। মহাবীরের পূর্বতম তীর্থঙ্করের নাম কী — পার্শ্বনাথ।

১৭। প্রতিহার রাজবংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন — প্রথম ভোজ।

১৮। 'যবন' বলতে কাদের বোঝায় — ব্যাকট্রিও বা, বাহ্লীক গ্রিকদের।

১৯। কুষাণরা কোন জাতিভুক্ত ছিল — ইউ-চি।

### ভারতের স্বাধীনতা সংগ্রাম

২০। কানপুরে সিপাহী বিদ্রোহের নেতা কে ছিলেন — নানাসাহেব।

২১। কুকা বিদ্রোহের নেতা কে ছিলেন — গুরু রাম সিং।

২২। 'ইন্ডিয়ান সোশিওলজিস্ট' পত্রিকার সম্পাদক কে ছিলেন — শ্যামজি কৃষ্ণবর্মা।

২৩। 'নীল কমিশন' কত সালে গঠন করা হয় — ১৮৬০।

২৪। কোন ভাইসরয়ের আমলে 'সিমলা



চুক্তি' স্বাক্ষরিত হয়েছিল — লর্ড ওয়েভেল।

## ভূগোল

### ভারতের ভূগোল

২৫। ভারতের কোন জায়গায় প্রচুর পরিমাণে গ্রানাইট শিলা দেখতে পাওয়া যায় — পুরুলিয়া জেলা ও ছোটনাগপুর মালভূমিতে।

২৬। ভারতের উপকূল অঞ্চলের জলবায়ু সমভাবাপন্ন কেন — সমুদ্র সান্নিধ্যের জন্য।

২৭। দক্ষিণ ভারতের দীর্ঘতম নদী কোনটি — গোদাবরী।

২৮। ভারতের কোন রাজ্যে পলিমাটি সবথেকে কম দেখা যায় — মধ্য প্রদেশে।

২৯। 'প্রায়া হ্রদ' ভারতে কী নামে পরিচিত — ধান্দ।

৩০। আন্ধ্র প্রদেশের 'ঘামাম' কীজন্য বিখ্যাত — আকরিক লোহার জন্য।

### আন্তর্জাতিক ভূগোল

৩১। ইউরোপের শ্রেষ্ঠ শিল্প প্রধান দেশের নাম কী — ব্রিটেন।

৩২। 'হিন্দুকুশ পর্বত' কোন দেশে আছে — আফগান-ই-স্তান।

৩৩। কোন দেশ বেশি কোবাল্ট রফতানি করে — জিম্বাবোয়ে।

৩৪। 'খাইবার পাস' গিরিপথটি কোন দেশে আছে — পাক-ই-স্তান।

## রাষ্ট্রনীতি

৩৫। কে সর্বপ্রথম 'রাষ্ট্র' শব্দটির প্রয়োগ করেন — ইতালির বিখ্যাত দার্শনিক মেকিয়াভেলি (১৫১৩ খ্রিস্টাব্দে প্রকাশিত, মেকিয়াভেলি রচিত বিখ্যাত গ্রন্থ 'Prince'এ প্রথম এই শব্দটির প্রয়োগ দেখা যায়)।

৩৬। শ্রেণিবিভক্ত সমাজের প্রথম পর্যায়ের নাম কী — দাস সমাজ।

৩৭। 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' (WHO) কবে প্রতিষ্ঠিত হয় — ১৯৪৮ খ্রিস্টাব্দের ৪ এপ্রিল।

৩৮। 'রাষ্ট্রসঙ্ঘ'এর প্রথম মহাসচিব কে — নরওয়ের বিদেশমন্ত্রী ট্রিগভি লি (তাঁর কার্যকাল ছিল ১৯৪৬ খ্রিস্টাব্দ থেকে ১৯৫২ খ্রিস্টাব্দ পর্যন্ত)।

৩৯। আন্তর্জাতিক বিচারালয়ের সংবিধানকে কী বলে — সংবিধি।

## অর্থনীতি

৪০। 'পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার এখন কে — এস.এস. মল্লিকার্জুন রাও।

৪১। সঞ্চয়ী আমানত (সেভিংস অ্যাকাউন্ট) ও স্থায়ী আমানতের (ফিক্সড ডিপোজিট) নির্দিষ্ট ক্ষেত্রে সুদের হার সম্প্রতি কমিয়ে কত শতাংশে আনার ঘোষণা করল 'স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া' — ৩.২৫% (এতদিন সেভিংস ব্যাঙ্কে ১ লাখ টাকা পর্যন্ত জমার ওপর ৩.৫% হারে সুদ দিত এস.বি.আই। এদিন ২৫ বেসিস পয়েন্ট বা, ০.২৫% কমিয়ে সেই হার ৩.২৫ শতাংশে নামিয়ে আনার সিদ্ধান্ত ঘোষণা করল তারা)।

৪২। 'অয়েল ইন্ডিয়া লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর এখন কে — সুশীল চন্দ্র মিশ্র।

৪৩। কাকে সম্প্রতি 'পঞ্জাব অ্যান্ড মহারাষ্ট্র কোঅপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড'এর (PMC) প্রশাসক হিসাবে নিয়োগ করল 'রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া' (RBI) — জয় ভগবান বহোরিয়া।

৪৪। অস্ট্রেলিয়ার ভিক্টোরিয়ায় শাখা রয়েছে, এমন প্রথম ভারতীয় ব্যাঙ্ক কোনটি — স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া।

৪৫। 'ইয়েস ব্যাঙ্ক'এর চিফ অপারেটিং অফিসার এখন কে — অনিতা পাই।

## সাম্প্রতিক ঘটনা

৪৬। ২০১৯ সালে প্রথম ছাত্রী হিসাবে কে 'রাষ্ট্রপতি পুরস্কার' পেয়ে নজির গড়লেন — 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি মাদ্রাজ'এর (IIT-M) পড়ুয়া কবিতা গোপাল (৬০ বছরে এই প্রথম কোনো ছাত্রী এই পুরস্কার পেয়ে নজির গড়লেন)।

৪৭। ভারতের প্রথম ভাসমান বাস্কেটবল কোর্ট কোন সাগরে চালু হয়েছে — আরব সাগরে।

৪৮। যুবসমাজকে নেশা থেকে দূরে রাখতে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি ম্যাগনেশিয়াম কার্বোনেট, নিকোটিন ও তামাকের মতো কয়েকটি ক্ষতিকারক পদার্থযুক্ত পানমশলা নিষিদ্ধ ঘোষণা করল — রাজস্থান।

৪৯। সম্প্রতি ভারতের প্রথম বেসরকারি ট্রেন চালু হল দিল্লি-লখনৌ রুটে। ট্রেনটির নাম কী — তেজস এক্সপ্রেস (লখনৌতে 'ইন্ডিয়ান রেলওয়ে ক্যাটেরিং অ্যান্ড টুরিজম



কর্পোরেশন'এর (IRCTC) অধীনে থাকা ট্রেনটির যাত্রার সূচনা করেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ)।

৫০। কোন দেশ সম্প্রতি 'ডংফেং-৪১' (DF-41) নামে সবথেকে শক্তিশালী ক্ষেপণাস্ত্র উদ্বোধন করল — চিন।

৫১। 'বিকাজি ফুডস ইন্টারন্যাশনাল লিমিটেড'এর প্রচারদূত এখন কে — বলিউড অভিনেতা অমিতাভ বচ্চন।

৫১। মোহনদাস করমচাঁদ গান্ধীর জন্মজয়ন্তীতে, তাঁর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করতে, কোন দেশ সম্প্রতি গান্ধীজির ছবি সমন্বিত একটি ডাকটিকিট চালু করল — প্যালেস্তাইন।

৫২। ২০১৯ সালে 'স্বচ্ছ রেল, স্বচ্ছ ভারত' রিপোর্ট অনুযায়ী, ভারতের সবথেকে পরিষ্কার রেলস্টেশনের তালিকায় কোন রেলওয়ে স্টেশন প্রথম স্থান পেল — রাজস্থানের জয়পুর রেলওয়ে স্টেশন (দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে রাজস্থানেরই যোধপুর ও দুর্গাপুরা রেলওয়ে স্টেশন)।

৫৩। 'বিশ্ব পশু দিবস' কবে পালিত হয় — ৪ অক্টোবর।

৫৪। ভারতের ১২টি পর্যটন স্থানের ভ্রমণ গাইডের জন্য, সম্প্রতি একটি মোবাইল অ্যাপস চালু করল ভারতের পর্যটন মন্ত্রক। অ্যাপসটির নাম কী — 'Audio Odigos'.

৫৫। লিথিয়াম আয়ন ব্যাটারি সংক্রান্ত গবেষণায় যুগান্তকারী সাফল্যের জন্য, ২০১৯ সালে কারা রসায়নে 'নোবেল' পুরস্কার পেলেন — 'টেক্সাস বিশ্ববিদ্যালয়'এর মার্কিন বিজ্ঞানী জন ব্যানিস্টার গুডএনাফ, ব্রিটেনের 'বিংহ্যামটন বিশ্ববিদ্যালয়'এর মাইকেল স্ট্যানলি হুইটিংহ্যাম ও জাপানের 'মেইজো বিশ্ববিদ্যালয়'এর আকিরা ইয়োসিনো।

৫৬। ব্রহ্মাণ্ডের বিবর্তন সম্পর্কে গুরুত্বপূর্ণ গবেষণা ও ভিনগ্রহ আবিষ্কারের জন্য, ২০১৯ সালে কারা পদার্থবিদ্যায় 'নোবেল' পুরস্কার পেলেন — কানাডিয়-মার্কিন বিজ্ঞানী জেমস পিবলস, সুইৎজারল্যান্ডের ২ জ্যোতির্বিজ্ঞানী মিশেল মেয়র ও দিদিয়ের ক্যুয়েলজ।

৫৭। দেহকোশ কীভাবে প্রয়োজনীয় অক্সিজেনের মাত্রা টের পায় ও গ্রহণ করে, তা আবিষ্কার করার জন্য, ২০১৯ সালে কারা চিকিৎসাবিজ্ঞানে 'নোবেল' পুরস্কার পেলেন — মার্কিন বিজ্ঞানী উইলিয়াম জি কেলিন জুনিয়ার, গ্রেগ লিওনার্দ সেমেঞ্জা ও ব্রিটিশ বিজ্ঞানী পিটার জন র‍্যাটক্লিফ।

৫৮। ২০১৮ সাল ও ২০১৯ সালে কারা সাহিত্যে 'নোবেল' পুরস্কার পেলেন — যথাক্রমে পোল্যান্ডের লেখিকা ওলগা তোকারজুক ও অস্ট্রিয়ার বিতর্কিত লেখক পিটার হান্ডকে (গত বছর মিটু সংক্রান্ত একটি বিতর্কের জেরে সাহিত্যে 'নোবেল' পুরস্কার দেয়নি 'সুইডিশ আকাদেমি'। তাই এবছর একসঙ্গে ২ জনের নাম ঘোষণা করল তারা)।

৫৯। প্রতিবেশী দেশ ইরিট্রিয়ার সঙ্গে দু'দশকের যুদ্ধ বন্ধ করার ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা নেওয়ার স্বীকৃতি হিসাবে, ২০১৯ সালে কে 'নোবেল' শান্তি পুরস্কার পেলেন — ইথিওপিয়ার প্রধানমন্ত্রী আবি আহমেদ আলি।

৬০। আন্তর্জাতিক দারিদ্র দূরীকরণে পরীক্ষানির্ভর পদ্ধতির সফল উপস্থাপনার স্বীকৃতি হিসাবে ২০১৯ সালে কারা অর্থনীতিতে 'নোবেল' পুরস্কার পেলেন — ভারতীয়-মার্কিনি অর্থনীতিবিদ অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায় ও তাঁর অর্থনীতিবিদ স্ত্রী ফরাসি-মার্কিনি এস্থার ডুফলো আর মার্কিন অর্থনীতিবিদ মাইকেল রবার্ট ক্রেমার।

৬১। বিদ্যুৎ চুরি বন্ধ করতে, সম্প্রতি একটি সচেতনতামূলক অভিযান শুরু



করলেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী ত্রিবেন্দ্র সিং রাওয়াত। এটির নাম কী — 'উরজাগিরি'।

৬২। গ্রিসে, ভারতের রাষ্ট্রদূত এখন কে — অমৃত লুগুন।

৬৩। ২০১৯ সালে 'ইউনাইটেড নেশনস হাই কমিশনার ফর রিফিউজিস'এর (UNHCR) তরফ থেকে কে 'নানসেন রিফিউজি অ্যাওয়ার্ড' পেলেন — কিরগিজস্তানের মানবাধিকার আইনজীবী আজিজবেক আশুরোভ।

৬৪। দক্ষিণ প্রশান্ত মহাসাগরের দ্বীপরাষ্ট্র Niue-তে ভারতের পরবর্তী হাই কমিশনার কে — মুক্তেশ কুমার পরদেশি।

৬৫। ২০১৯ সালে ভারতের কোন শহরে 'ইন্ডিয়া ইকোনমিক সামিট' অনুষ্ঠিত হয়েছে — নয়াদিল্লি।

৬৬। আন্ধ্র প্রদেশ হাই কোর্টের প্রধান বিচারপতি এখন কে — জিতেন্দ্র কুমার মহেশ্বরী।

৬৭। 'বিশ্ব শিক্ষক দিবস' কবে পালিত হয় — ৫ অক্টোবর।

৬৮। ২০১৯ সালে 'বিশ্ব শিক্ষক দিবস'এর থিম কী ছিল — ইয়ং টিচার্স : দ্য ফিউচার অফ প্রফেশনস।

৬৯। 'ইন্টারন্যাশনাল ডে অফ নো প্রস্টিটিউশন' কবে পালিত হয় — ৫ অক্টোবর।

৭০। ২০১৯ সালে 'ওয়ার্ল্ড স্পেস উইক'এর থিম কী — 'দ্য মুন : গেটওয়ে অফ দ্য স্টারস'।

৭১। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'ওয়াইএসআর বাহন মিত্র' প্রকল্প চালু করেছে — আন্ধ্র প্রদেশ (এই প্রকল্পে সব অটো, ট্যাক্সি ও ম্যাক্সি ক্যাবের ড্রাইভারদের ১০,০০০ টাকা করে ভাতা দেওয়া হবে)।

## খেলাধূলা

৭২। ২০১৯ সালে আই.বি.এস.এফ বিশ্ব স্নুকার টিম ইভেন্টে কোন জুটি চ্যাম্পিয়ন হলেন — পঙ্কজ আদবানি ও আদিত্য মেহতা জুটি (তাইল্যান্ডের জুটিকে ৫-২ ব্যবধানে হারিয়ে)।

৭৩। ২০১৯ সালে 'সাফাইগিরি পুরস্কার'এ কোন প্রখ্যাত ভারতীয় ক্রিকেটার 'মোস্ট এফেক্টিভ স্বচ্ছতা অ্যাম্বাসাডর' পুরস্কার



পেলেন — শচীন রমেশ তেন্ডুলকর।

৭৪। বিশ্বের প্রথম মহিলা ক্রিকেটার হিসাবে, কে সম্প্রতি আন্তর্জাতিক ক্রিকেটে ২০ বছর পূর্ণ করলেন — মিতালি দোরাই রাজ (তবে বিশ্বের চতুর্থ ক্রিকেটার হিসাবে তিনি এই কৃতিত্ব অর্জন করলেন)।

৭৫। ২০১৯ সালে 'লেভার কাপ'এ কোন দল চ্যাম্পিয়ন হল — ইউরোপ।

৭৬। ২০১৯ সালে 'অনূর্ধ্ব-১৮ সাফ ফুটবল চ্যাম্পিয়নশিপ'এ কোন দল চ্যাম্পিয়ন হল — ভারত (বাংলাদেশকে ২-১ গোলে হারিয়ে)।

৭৭। কোন প্রাক্তন ভারতীয় ক্রিকেটার সম্প্রতি 'বোর্ড অফ কন্ট্রোল ফর ক্রিকেট ইন ইন্ডিয়া'র (BCCI) 'ক্রিকেট অ্যাডভাইজরি কমিটি'র (CAC) প্রধানের পদ থেকে পদত্যাগ করলেন — কপিলদেব নিখাঞ্জ।

৭৮। ২০১৯ সালে 'প্রফেশনাল ক্রিকেটারস অ্যাসোসিয়েশন'এর (PCA) বিচারে, কে সম্প্রতি 'বর্ষসেরা ক্রিকেটার'এর সম্মান পেলেন — ইংল্যান্ডের অলরাউন্ডার ক্রিকেটার বেঞ্জামিন অ্যান্ড্রু স্টোকস।

৭৯। কোন ইতালিয়ান ফুটবলার সম্প্রতি আন্তর্জাতিক ফুটবল থেকে অবসর নিলেন — ক্লাউদিও মার্সিসিও।

৮০। ২০১৯ সালে দশম 'এশিয়ান এজ গ্রুপ চ্যাম্পিয়নশিপস' ভারতের কোন শহরে অনুষ্ঠিত হয়েছে — বেঙ্গালুরু।

৮১। ইংল্যান্ডের পুরুষ ক্রিকেট দলের প্রধান কোচ এখন কে — ক্রিস্টোফার এরিক উইলফ্রেড সিলভারউড।

৮২। ২০১৯ সালে 'উহান ওপেন'এ সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — বেলারুশের অ্যারিনা সাবালেঙ্কা।

সঙ্কলক : পলি দেওয়ান

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## ১০০ স্টেনো ও অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

এক্সেল, পাওয়ার পয়েন্ট বিষয়ে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ২১ থেকে ২৮ বছরের মধ্যে। মাইনে, ২৫,৫০০ টাকা। শূন্যপদ : ১৪টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ব্যাকলগ তঃউঃজাঃ ৪, ব্যাকলগ ও.বি.সি. ১, ব্যাকলগ প্রতিবন্ধী ১)।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড-। (এফ অ্যান্ড এ)** : কমার্স শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ তোলার গতি থাকতে হবে। কম্পিউটারে ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট বিষয়ে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ২১ থেকে ২৮ বছরের মধ্যে। মাইনে, ২৫,৫০০ টাকা। শূন্যপদ : ২৫টি (জেনাঃ ৭, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১, ব্যাকলগ তঃউঃজাঃ ৩, ব্যাকলগ ও.বি.সি. ১, ব্যাকলগ তঃজাঃ ৩, ব্যাকলগ প্রতিবন্ধী ১)।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড-। (সি অ্যান্ড এম.এম.)** : ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশ বা, কমার্স শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ২১ থেকে ২৮ বছরের মধ্যে। মাইনে, ২৫,৫০০ টাকা। শূন্যপদ : ১৯টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১, ব্যাকলগ তঃউঃজাঃ ১, ব্যাকলগ ও.বি.সি. ১, ব্যাকলগ তঃজাঃ ৩, ব্যাকলগ প্রতিবন্ধী ৩)।

**স্টেনো গ্রেড-।** : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা থাকলে যোগ্য। ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৪০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকতে হবে। বয়স হতে হবে ২১ থেকে ২৮ বছরের মধ্যে। মাইনে, ২৫,৫০০ টাকা। শূন্যপদ : ২৯টি (জেনাঃ ১২, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ২, ব্যাকলগ তঃউঃজাঃ ১, ব্যাকলগ ও.বি.সি. ৪)।

**ড্রাইভার কাম পাম্প অপারেটর কাম ফায়ারম্যান -এ** : কেমিস্ট্রি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। ভারি গাড়ি চালানোর ১ বছরের বৈধ লাইসেন্স থাকতে হবে। ফায়ার ফাইটিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৫ সেমি, ওজন অন্তত ৫০ কেজি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮১ সেমি ও ফুলিয়ে ৮৬ সেমি। দৃষ্টিশক্তি দরকার চশমা ছাড়া ৬/৬। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মাইনে, ২১,৭০০ টাকা। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ২)।

**নার্স-এ** : উচ্চমাধ্যমিক পাশরা নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। রাজ্য বা, কেন্দ্রীয় নার্সিং কাউন্সিলে নার্স হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে। বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। শূন্যপদ : মহিলাদের জন্য ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, ব্যাকলগ তঃউঃজাঃ ১), ছেলেদের জন্য ২টি (জেনাঃ)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ৬-১১-২০১৯'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা বা, কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। এরপর হবে স্কিল টেস্ট। পরীক্ষা হবে দু'টি পর্যায়ে। প্রথমে ১ ঘন্টার প্রিলিমিনারি পরীক্ষায় ১৫০ নম্বরের ৫০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স, কম্পিউটার নলেজ, ইংলিশ। এরপর হবে অ্যাডভান্সড টেস্ট। ২ ঘন্টার ১৫০ নম্বরের পরীক্ষায় ৫০টি প্রশ্ন হবে এইসব বি,য়ে : কোয়ান্টিটেটিব অ্যাপ্টিটিউট, ক্রিটিক্যাল রিজনিং। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। এরপর হবে স্কিল টেস্ট। ড্রাইভার কাম পাম্প অপারেটর কাম ফায়ারম্যান পদের বেলায় প্রথমে শারীরিক মাপজোখ, শারীরিক সক্ষমতার পরীক্ষা, ড্রাইভিং টেস্ট হবে। তারপর হবে লিখিত পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইন, ৬ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.npcilcareers.co.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## কেন্দ্রীয় সংস্থায় কয়েকশো অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা, আই.টি. ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস** : সিভিল, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা, আই.টি. ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য।

ওপরের সব ক্ষেত্রে ১ বছরের ট্রেনিং। ট্রেনিংয়ের সময় অ্যাপ্রেন্টিস আইনানুযায়ী স্টাইপেন্ড পাবেন। বয়স হতে হবে ১-১-২০২০'এর হিসাবে ন্যূনতম ১৪ বছর।

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে। আই.টি.আই. অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় নাম নথিভুক্ত করবেন এই ওয়েবসাইটে : www.apprenticeship.gov.in টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ও গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় নাম নথিভুক্ত করবেন এই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in নাম নথিভুক্ত করারপর রেজিস্ট্রেশন নম্বর-সহ প্রিন্ট করে নেবেন।

এবার দরখাস্ত করবেন সাধারণ A-4 মাপের কাগজে, নিচের বয়ানে। তখন সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) বাসিন্দা সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (৩) গেজেটেড অফিসারের দেওয়া ক্যারেক্টার সার্টিফিকেট, (৪) নিজের নাম-ঠিকানা লেখা ও ৪৫ টাকার ডাকটিকিট সাঁটা ১০x৮ ইঞ্চি মাপের ২টি খাম, (৫) এখনকার তোলা ও নিজের সই করা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত পাঠাবেন সাধারণ ডাকে পৌঁছনো চাই ৯ নভেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Senior Manager (HR), Loktak Power Station, Kom Keirap, P.O. Loktak, Distt. Churachandpur, Manipur-795124.

দরখাস্তের বয়ান :

### APPLICATION PROFORMA

To

The Senior Manager (HR),
Loktak Power Station, Manipur.
Notification No. & Date ..................................................

Affix Self Signed latest passport size photograph

1. Enrollment No. (Generated in NATs Portal) : ..................................................
2. Discipline of Engineering (Degree/Diploma) : ..................................................
3. Name of the Applicant (In Block Letter) : ..................................................
4. Gender : ..................................................
5. Marital Status : ..................................................
6. Father's Name : ..................................................
7. Correspondence Address (In Block Letter) : ..................................................
   PIN ............. Email & Contact No.........................
8. Date of Birth : ..................................................
9. Nationality : ..................................................
10. State of Domicile : ..................................................
11. Category (SC/ST/Gen./OBC) : ..................................................
12. Educational and Technical Qualification:

| Sl. No. | Examination Passed | Name of School/Institution/Board/ University | Year of Passing | Percentage of Marks |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

13. Whether apprenticeship training earlier Yes/No. ..................................................
    If 'Yes' please give details ..................................................
14. Aadhar No. ..................................................
15. No. of Enclosure ..................................................

**Declaration**

I do hereby declare that all statements made in this application are true, complete and correct to the best of my knowledge and behalf. I understand that in the event of any particular or information given above being found false or incorrect, my candidature is liable to rejected at any stage of the training.

Signature of applicant in full
Date :

## বিনা খরচে ইঞ্জিনিয়ারিং পড়ে

১ পাতার পর

একদিকে যেমন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশের সার্টিফিকেট পাবেন, অন্যদিকে তেমন লেফটেন্যান্ট পদে স্থায়ী চাকরি।

ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেরা মোট অন্তত ৭০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯ বছরের মধ্যে, অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-২০০১ থেকে ১-১-২০০৪'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় ১৫২-১৮৩ সেমি আর ওজন হতে হবে ৪৩-৬৮ কেজি। বুকের ছাতি ৫ সেমি প্রসারণক্ষম থাকা দরকার। এছাড়া শারীরিক সুস্থতা থাকতে হবে। মোট ৫ বছরের ট্রেনিং। এর মধ্যে প্রথমে ১ বছর বেসিক মিলিটারি ট্রেনিং হবে গয়ার অফিসার ট্রেনিং অ্যাকাডেমিতে। সফল হলে ৩ বছরের প্রি-কমিশন ট্রেনিং হবে পুনের কলেজ অফ মিলিটারি ইঞ্জিনিয়ারিংয়ে, সেকেন্দরাবাদের মিলিটারি কলেজ অফ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স ও মোহৌয়ের মিলিটারি কলেজ অফ টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে। এরপর ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় ১ বছরের পোস্ট কমিশন ট্রেনিং হবে। সফল হলে ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশের সার্টিফিকেট পাবেন। ৩ বছরের প্রি-কমিশন ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড মাসে ৫৬,১০০ টাকা। ৪ বছরের ট্রেনিং শেষে 'লেফটেন্যান্ট' র‍্যাঙ্কে চাকরি। তখন মূল মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। এরপর ধাপে ধাপে লেফটেন্যান্ট জেনারেল পদ পর্যন্ত পদোন্নতি হতে পারে। শূন্যপদ : ৯০টি। ট্রেনিং শুরু আগামী বছর জুলাইয়ে।

প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড। উচ্চমাধ্যমিকে পাওয়া নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের 'কল লেটার' পাঠানো হবে। ইন্টারভিউ হবে এলাহবাদ, বেঙ্গালউরু ও ভোপালে আগস্ট-সেপ্টেম্বরে। মোট ৫ দিনের এই পরীক্ষায় সাইকোলজি ওরিয়েন্টেড ইন্টেলিজেন্স টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ হবে। এরপর ৩-৫ দিনের ডাক্তারি পরীক্ষা। ইন্টারভিউয়ে যাতায়াতের ভাড়া ফেরৎ পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৩ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in

অনলাইনে দরখাস্ত করার পর ২ কপি অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন। এবার এই অ্যাপ্লিকেশনের ১ কপি নিজের কাছে রেখে দেবেন। আরেক কপির সঙ্গে যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত নকল আর ২০ কপি পাশপোর্ট মাপের ফটো নিয়ে প্রার্থী বাছাই পরীক্ষার সময় যেতে হবে। কোনো দরখাস্ত ডাকে পাঠাতে হবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


চাকরির পরীক্ষায় Common কীভাবে পাব??

• চমকে দেওয়ার জন্য এই প্রশ্ন নয়। 'কর্মসংস্থান', 'সাফল্য' প্রকাশনা সংস্থার সরকারি চাকরির ব্যাপারে ৩১ বছরের দীর্ঘ অভিজ্ঞতা থেকে করা হয়েছে। এখন আপনাদের মনে এই প্রশ্ন আসতেই পারে আমরা কেন এমন ভাবছি? আগে প্রতিটি পরীক্ষার প্রশ্নের ধরণ ও ট্রেন্ড বুঝতে হবে।

• প্রত্যেক বছর কেন্দ্র- রাজ্য মিলিয়ে কয়েক লাখ পদের সরকারি চাকরির বিজ্ঞপ্তি বেরোয়। আর প্রত্যেক সপ্তাহে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে এই জিজ্ঞাসা নিয়ে যে চাকরির পরীক্ষায় কি পড়লে common পাব? ওইসব চিঠিপত্র থেকে এইটুকু বোঝা যায় পরীক্ষার্থীরা কীভাবে পড়লে পরীক্ষায় common পাবে সেই ধ্যান ধারণা না জেনেই সব পরীক্ষাতে apply করে। ফলে যা হওয়ার তাই হয়। সব পরীক্ষাতে apply করলেও সঠিক study material -এর অভাবে পরীক্ষাগুলো crack করতে পারে না।

• এই সমস্যার সমাধানের জন্য আমরা প্রত্যেক মাসের ১ ও ১৫ তারিখ প্রতিটি সরকারি চাকরির study material হিসাবে একদম নতুন ভাবে বের করছি সাফল্য সাফল্য পত্রিকা দুটি।

• এই বিষয় আরও একটা কথা বলে রাখি, সরকারি চাকরির পরীক্ষায় 'common' বলে কিছু হয় না। 'uncommon'-এর মধ্যে থেকে 'common' কীভাবে বের করতে হয় তা জানাটাই আসল চাবিকাঠি।

• একটা কথা নিশ্চিত ভাবে বলা যায়, সাফল্য ও সাফল্য সাধারণ জ্ঞান পত্রিকা যদি আপনারা ১ বছর ঠিকঠাক follow করেন তাহলে কেন্দ্র ও রাজ্য সরকারের সম্ভাব্য সবরকমের চাকরির পরীক্ষায় আপনারা কাছে uncommon বলে কিছু থাকবে না।



মহঃ আলাউদ্দিন

নিম্ন মধ্যবিত্ত পরিবারের ছেলে আমি। বাবা ধান বিক্রি করেন। মা বিড়ি কর্মী। আর্থিক অস্বচ্ছলতার মধ্যে পড়াশোনা করেছি। শুরু থেকেই আমার স্বপ্ন ছিল শিক্ষক হওয়ার। কিন্তু কোনো কোচিং কেন্দ্রে ভর্তি হওয়ার পয়সা ছিল না। প্রস্তুতির জন্য নিয়মিত পড়তাম 'সাফল্য'। মনের জোর আর সাফল্য পত্রিকার ওপর ভরসা করেই ২০১৯ সালে জানুয়ারি মাসে ঝাড়খণ্ডের বড়তলা হিরালপুর উচ্চ বিদ্যালয়ে সহশিক্ষক পদে চাকরি পাই।



সুমন সরকার

নদিয়া জেলার হরিণঘাটা ব্লকের মহাদেবপুর গ্রামের ছেলে আমি। বাবা কাঠের মিস্ত্রীর কাজ করে আমাদের দু'ভাইকে লেখাপড়া শিখিয়েছেন। ২০১৬ সালে ডিপ্লোমা কোর্স পাশ করি। গত বছর WBSEDCL-এর জুনিয়র ইঞ্জিনিয়ার পদের পরীক্ষা দেই। প্রস্তুতি হিসাবে বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই-এর সাথে 'সাফল্য' পত্রিকা পড়েছিলাম। এখন চাকরি পেয়ে মুর্শিদাবাদের একটি সাব-স্টেশনে যোগ দিয়েছি।



অনিমেষ বিশ্বাস

নদিয়া জেলার কালীনারায়ণপুর গ্রামের এক কৃষক পরিবারের ছেলে আমি। বাবা চাষবাসের কাজ করেন। গ্রুপ স্টাডি, বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই আর সাফল্য পত্রিকাই ছিল আমার স্টাডি মেটেরিয়াল। WBSETCL-এর জুনিয়র ইঞ্জিনিয়ার হিসাবে কুলি জিআইএস সাবস্টেশনে এখন কর্মরত।

আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কমন পেতে জরুরি তথ্য

প্রত্যেক সপ্তাহে বিশ্ব জুড়ে অনেক ঘটনা ঘটে, যা আগামী দিনে চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে পরীক্ষার্থীদের কালঘাম ছুটে যায়। সেই উদ্দেশ্যে চালু হয়েছে এই নতুন বিভাগ।

# ‘নোবেল’ পুরস্কার

সম্প্রতি এবছরের ‘নোবেল’ পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা করল ‘নোবেল কমিটি’। বিশ্বের তাবড় তাবড় ব্যক্তিদের সঙ্গে ভারত তথা বাঙালির মুখ উজ্জ্বল করলেন অর্থনীতিবিদ তথা ‘সাউথ পয়েন্ট’ স্কুল ও ‘প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়’এর কৃতী ছাত্র **অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায়**।



## ‘নোবেল’ পুরস্কারের প্রচলন কীভাবে

● সুইডিশ রসায়নবিদ, ইঞ্জিনিয়ার ও উদ্ভাবক আলফ্রেড বার্নহার্ড নোবেলের ১৮৯৫ সালে করে যাওয়া একটি উইলের মর্মানুসারে ‘নোবেল’ পুরস্কার প্রচলন করা হয়।

● নোবেল ‘ডিনামাইট’ আবিষ্কার করেছিলেন। যার মাধ্যমে তাঁর প্রচুর আয় হয়। এই আয়ের টাকা দিয়েই তিনি এই পুরস্কার প্রদানের কথা বলে যান। এই ‘ডিনামাইট’ উদ্ভাবনটি ছিল অনেকাংশেই একটি বিস্ফোরক, যা প্রভূত ক্ষতির কারণ হতে পারত। তাই যুদ্ধক্ষেত্রে এই ডিনামাইটের ব্যবহার তাঁকে শঙ্কিত করে তোলে। তাই তিনি ৫টি ক্ষেত্রে (পদার্থবিজ্ঞান, রসায়ন, চিকিৎসাশাস্ত্র, সাহিত্য ও শান্তি) পুরস্কার দেওয়ার জন্য তাঁর মোট সম্পত্তির শতকরা ৯৪ ভাগ দান করে যান। কিন্তু তিনি এই পুরস্কার প্রচলন করলেও, এর কার্যক্রম দেখে যেতে পারেননি। কারণ, তাঁর পরিকল্পনাটি সম্পূর্ণ ছিল না। এছাড়াও, অন্যান্য বেশ কিছু কারণে ‘নোবেল ফাউন্ডেশন’ প্রতিষ্ঠায় কিছুটা দেরি হয়।

● অর্থনীতিতে পুরস্কার দেওয়ার বিষয়টি উইল করে যাননি আলফ্রেড বার্নহার্ড নোবেল। পরে ১৯৬৮ সালে ‘সুইডিশ কেন্দ্রীয় ব্যাঙ্ক’, ‘ভেরিজেস রিকসব্যাঙ্ক নোবেল ফাউন্ডেশন’কে বিপুল পরিমাণ টাকা দেয়। তা দিয়েই অর্থনীতিতে নতুন একটি পুরস্কার চালু হয়। তাই এই পুরস্কারের সরকারি নাম ‘ভেরিজেস রিকসব্যাঙ্ক’ পুরস্কার।

## আসুন জেনে নিই ‘নোবেল’ পুরস্কারের নানা অজানা তথ্য

● ১৯০১ সালের ১০ ডিসেম্বর (অর্থনীতি ছাড়া। অর্থনীতিতে ‘নোবেল’ পুরস্কার দেওয়া শুরু হয় ১৯৬৯ সাল থেকে) থেকে ‘নোবেল’ পুরস্কার দেওয়া শুরু হয়।

● ওই বছর থেকে পৃথিবীর বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সফল ও অনন্যসাধারণ গবেষণা ও উদ্ভাবন বা, মানবকল্যাণমূলক কর্মকাণ্ডের জন্য এই পুরস্কার দেওয়া হচ্ছে।

● পদার্থবিজ্ঞান, রসায়ন, চিকিৎসাশাস্ত্র, অর্থনীতি, সাহিত্য ও শান্তি — মোট ৬টি বিষয়ে ‘নোবেল’ পুরস্কার দেওয়া হয়।

● অক্টোবর মাসে পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা হওয়ার পর, ১০ ডিসেম্বর আলফ্রেড নোবেলের মৃত্যুবার্ষিকী অনুসারে এই দিনটিতে প্রাপকদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

● অন্যান্য পুরস্কারের তুলনায় ‘নোবেল’ পুরস্কারের মনোনয়ন ও নির্বাচন পদ্ধতি বেশ দীর্ঘ ও কঠোর। সেজন্য এই পুরস্কার পৃথিবীর সবথেকে সম্মানজনক পুরস্কারের মর্যাদা পেয়েছে।

☞ এরপর ১১ পাতায়

## যে দম্পতিরা একসঙ্গে ‘নোবেল’ পুরস্কার পেয়েছেন

● **মেরি সক্লোদোস্কা কুরি ও পিয়েরে কুরি** : ১৯০৩ সালে স্বামী পিয়েরে কুরির সঙ্গে মিলে পদার্থবিজ্ঞানে ‘নোবেল’



পুরস্কার পান মেরি কুরি।

● **আইরিন জোলিয়ট-কুরি ও জেয়ান ফ্রেডেরিক জোলিয়ট-কুরি** : কৃত্রিম তেজষ্ক্রিয়তা আবিষ্কারের জন্য, ১৯৩৫ সালে রসায়নে ‘নোবেল’ পুরস্কার পান মেরি-পিয়েরে দম্পতির বড় মেয়ে আইরিন কুরি ও তাঁর স্বামী ফ্রেডেরিক কুরি।

● **গার্টি থেরেসা কোরি ও কার্ল ফার্দিনান্দ কোরি** : গ্লুকোজ ও গ্লাইকোজেনের বিপাক ক্রিয়া সংক্রান্ত গবেষণার জন্য, ১৯৪৭ সালে চিকিৎসাশাস্ত্রে ‘নোবেল’ পুরস্কার পান এই দম্পতি।

● **মে-ব্রিট মোজার ও এডভার্ড ইংভাল্ড মোজার** : মস্তিষ্কের পজিশনিং সিস্টেম গঠনকারী কোশ আবিষ্কারের জন্য, ২০১৪ সালে চিকিৎসাশাস্ত্রে ‘নোবেল’ পুরস্কার পেয়েছেন এই দম্পতি।

● **অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায় ও এস্থার ডুফলো** : বিশ্বে দারিদ্র দূরীকরণে পরীক্ষামূলক গবেষণার জন্য, ২০১৯ সালে অর্থনীতিতে ‘নোবেল’ পুরস্কার পেয়েছেন এই দম্পতি।

## একনজরে মর্ত্যজয়ী অভিজিৎ



● **জন্ম** : ৫৮ বছর বয়সি এই অর্থনীতিবিদের জন্ম ১৯৬১ সালের ২১ ফেব্রুয়ারি, কলকাতায়।

● **বাবা-মা** : দীপক বন্দ্যোপাধ্যায় ও নির্মলা বন্দ্যোপাধ্যায়।

● **পড়াশোনা** : প্রথমে ‘সাউথ পয়েন্ট’ স্কুল, ‘প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়’ থেকে স্নাতক পাশ করার পর ‘জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়’ থেকে স্নাতকোত্তর পাশ করেন। তারপর পিএইচ.ডি করেন ‘হার্ভার্ড বিশ্ববিদ্যালয়’ থেকে। এখন ‘ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অফ টেকনোলজি’র (MIT) ফোর্ড ফাউন্ডেশনের অর্থনীতির অধ্যাপক তিনি।

● **গবেষণা ক্ষেত্র** : ডেভেলপমেন্ট ইকোনমিক্স, বিশ্ব দারিদ্রতা দূরীকরণ প্রভৃতি।

● **প্রকাশিত বই** : স্ত্রী এস্থার ডুফলোর সঙ্গে যৌথভাবে তাঁর লেখা বইয়ের নাম ‘Poor Economics : A Radical Rethinking of the Way to Fight Global Poverty’. বইটি একাধিক আন্তর্জাতিক সম্মান পেয়েছে ও ১৭টি ভাষায় অনুবাদ হয়েছে।

● ২০০৩ সালে বিশ্ব দারিদ্র নিয়ে গবেষণার জন্য স্ত্রী এস্থারের সঙ্গে মিলে ‘আব্দুল লতিফ জামিল পভার্টি অ্যাকশন ল্যাব’ প্রতিষ্ঠা করেন তিনি।

● ২০০৬ সালে ‘দ্য নেম অফ দ্য ডিজিজ’ শীর্ষক তথ্যচিত্র তৈরি করেন তিনি।

● ২০১৩ সালে ‘রাষ্ট্রপুঞ্জ’এর তৎকালীন মহাসচিব বান কি মুন তাঁকে ‘মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোলস’ শীর্ষক প্যানেলের অন্যতম উপদেষ্টা নিয়োগ করেন।

## ‘নোবেল’এর সঙ্গে ভারত তথা বাংলা যোগ

● **স্যার রোনাল্ড রস (১৯০২)** : কলকাতায় ম্যালেরিয়া নিয়ে গবেষণার জন্য চিকিৎসাশাস্ত্রে ‘নোবেল’ পান তিনি।

● **রবীন্দ্রনাথ ঠাকুর (১৯১৩)** : ‘গীতাঞ্জলি’ রচনার জন্য সাহিত্যে ‘নোবেল’ পান।

● **স্যার চন্দ্রশেখর ভেঙ্কট রামন (১৯৩০)** : ‘রামন এফেক্ট’ আবিষ্কারের জন্য পদার্থবিদ্যায় ‘নোবেল’ পান।

● **হর গোবিন্দ খুরানা (১৯৬৮)** : জেনেটিক কোডের ব্যাখ্যা ও প্রোটিন সংশ্লেষণে এর কার্যকারিতার জন্য চিকিৎসাশাস্ত্রে ‘নোবেল’ পান।

● **মাদার টেরিজা (১৯৭৯)** : অনাথ ও গরিবদের সেবার জন্য শান্তিতে ‘নোবেল’ পান।

● **সুব্রমনিয়াণ চন্দ্রশেখর (১৯৮৩)** : পদার্থবিদ্যায় ‘নোবেল’ পান।

● **অমর্ত্য কুমার সেন (১৯৯৮)** : কল্যাণমূলক অর্থনীতি নিয়ে কাজের জন্য অর্থনীতিতে ‘নোবেল’ পান।

● **মহম্মদ ইউনূস (২০০৬)** : বাংলাদেশে গ্রামীণ ব্যাঙ্ক মারফত ক্ষুদ্র ঋণ কর্মসূচি নিয়ে কাজের জন্য শান্তিতে ‘নোবেল’ পান।

● **ভেঙ্কটরামন রামকৃষ্ণণ (২০০৯)** : রাইবোজোমের গঠন ও কার্যকারিতার ক্ষেত্রে অধ্যয়নের জন্য রসায়নে ‘নোবেল’ পান।

● **কৈলাশ সত্যার্থী (২০১৪)** : বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে ও শিক্ষার দাবিতে লড়াইয়ের জন্য শান্তিতে ‘নোবেল’ পান।

● **অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায় (২০১৯)** : বিশ্বের দারিদ্র দূরীকরণে পরীক্ষামূলক গবেষণার জন্য অর্থনীতিতে ‘নোবেল’ পান।



রবীন্দ্রনাথ ঠাকুর | অমর্ত্য কুমার সেন | ভেঙ্কটরামন রামকৃষ্ণণ | স্যার রোনাল্ড রস | মাদার টেরিজা



সি.ভি. রামন | কৈলাশ সত্যার্থী | হরগোবিন্দ খুরানা | সুব্রহ্মনিয়ম চন্দ্রশেখর | মহম্মদ ইউনূস

## ২০১৯ সালের ‘নোবেল’ পুরস্কার প্রাপকদের তালিকা

### চিকিৎসাশাস্ত্র



মার্কিন বিজ্ঞানী উইলিয়াম জি কেলিন জুনিয়ার, গ্রেগ লিওনার্দ সেমেঞ্জা ও ব্রিটিশ বিজ্ঞানী পিটার জন র‌্যাটক্লিফ। দেহকোশ কীভাবে প্রয়োজনীয় অক্সিজেনের মাত্রা টের পায় ও গ্রহণ করে, তা আবিষ্কার করার জন্য ‘নোবেল’ পান।

### পদার্থবিদ্যা



কানাডিয়-মার্কিন বিজ্ঞানী জেমস পিবলস, সুইৎজারল্যান্ডের ২ জ্যোতির্বিজ্ঞানী মিশেল মেয়র ও দিদিয়ের ক্যুয়েলজ। ব্রহ্মাণ্ডের বিবর্তন সম্পর্কে গুরুত্বপূর্ণ গবেষণা ও ভিনগ্রহ আবিষ্কারের জন্য ‘নোবেল’ পান।

### রসায়ন



মার্কিন বিজ্ঞানী জন ব্যানিস্টার গুডএনাফ, ব্রিটেনের ‘বিংহ্যামটন বিশ্ববিদ্যালয়’এর মাইকেল স্ট্যানলি হুইটিংহ্যাম ও জাপানের ‘মেইজো বিশ্ববিদ্যালয়’এর আকিরা ইয়োসিনো। লিথিয়াম আয়ন ব্যাটারি সংক্রান্ত গবেষণায় যুগান্তকারী সাফল্যের জন্য ‘নোবেল’ পান।

### শান্তি



ইথিওপিয়ার প্রধানমন্ত্রী আবি আহমেদ আলি। প্রতিবেশী দেশ ইরিট্রিয়ার সঙ্গে দু’দশকের যুদ্ধ বন্ধ করার ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা নেওয়ার জন্য ‘নোবেল’ পান।

### সাহিত্য (২০১৮ ও ২০১৯)



পোল্যান্ডের লেখিকা ওলগা তোকারজুক। মানবজীবনের নানা সীমা অতিক্রমের গল্প নিজের কল্পনার তুলিতে ফুটিয়ে তোলার স্বীকৃতি হিসাবে ২০১৮ সালের জন্য ‘নোবেল’ পান। অস্ট্রিয়ার বিতর্কিত লেখক পিটার হান্ডকে। ভাষার সৌকর্য ও মানবিক অভিজ্ঞতার প্রান্তিক ও সুনির্দিষ্টতা উন্মোচনের জন্য এবছর ‘নোবেল’ পান।

### অর্থনীতি



ভারতীয়-মার্কিনি অর্থনীতিবিদ অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায় ও তাঁর অর্থনীতিবিদ স্ত্রী ফরাসি-মার্কিনি এস্থার ডুফলো আর মার্কিন অর্থনীতিবিদ মাইকেল রবার্ট ক্রেমার। আন্তর্জাতিক দারিদ্র দূরীকরণে পরীক্ষানির্ভর পদ্ধতির সফল উপস্থাপনার জন্য ‘নোবেল’ পান।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

KARMASANGSTHAAN ■ Vol. 32 ■ Issue No. 42 ■ 26 October, 2019 ■ 11

গত সপ্তাহের পর

**৭ অক্টোবর :** অন্ধ্রা প্রদেশ হাই কোর্টের প্রধান বিচারপতি হলেন জিতেন্দ্র কুমার মহেশ্বরী।

□ অস্ট্রেলিয়ায়, ভারতের পরবর্তী হাই কমিশনার হলেন অনুমুলা গীতেশ শর্মা।



ইংল্যান্ডের 'স্যালফোর্ড বিশ্ববিদ্যালয়'এর তরফ থেকে সাম্মানিক ডক্টরেট ডিগ্রি পেলেন ভারতের প্রখ্যাত সঙ্গীতশিল্পী আশা ভোঁসলে।

□ 'ইউনাইটেড নেশনস এনভায়রনমেন্ট প্রোগ্রাম'এর তরফ থেকে 'এশিয়া এনভায়রনমেন্টাল এনফোর্সমেন্ট অ্যাওয়ার্ড' পেলেন ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস অফিসার রমেশ পাণ্ডে।

□ ভারতীয় সেনাবাহিনীর বৃহত্তম পর্বত যুদ্ধের মহড়া 'হিম বিজয়' শুরু হল অরুণাচল প্রদেশে।

□ ইংল্যান্ডের পুরুষ ক্রিকেট দলের প্রধান কোচ হলেন ক্রিস্টোফার এরিক উইলফ্রেড সিলভারউড।

□ চিনে অনুষ্ঠিত ৪৪তম 'ওয়ার্ল্ড ব্রিজ চ্যাম্পিয়নশিপ'এ, ৪৪ বছরে এই প্রথমবার ব্রঞ্জ পদক পেল ভারতের সিনিয়র ব্রিজ দল।

**৮ অক্টোবর :** ৮ অক্টোবর তাদের ৮৭তম প্রতিষ্ঠা দিবস পালন করল ভারতীয় বিমানবাহিনী।

□ ২ অক্টোবর থেকে ৮ অক্টোবর পর্যন্ত পালিত হল 'বন্যপ্রাণী সপ্তাহ'। ২০১৯ সালে এর থিম ছিল 'লাইফ বিলো ওয়াটার : ফর পিপল অ্যান্ড প্ল্যানেট'।

□ দৃষ্টিশক্তির প্রতিবন্ধকতার ওপর, বিশ্বের প্রথম রিপোর্ট প্রকাশ করল 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' (WHO)।

**৯ অক্টোবর :** দূষণমুক্ত পরিবহণ পরিষেবা ও গতিময় পরিকাঠামো চালু করার জন্য, ডেনমার্কের রাজধানী কোপেনহেগেনে সেরা প্রশাসনের শিরোপা পেল 'কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি' (KMDA)।

□ সঞ্চয়ী আমানত (সেভিংস অ্যাকাউন্ট) ও স্থায়ী আমানতের (ফিক্সড ডিপোজিট) নির্দিষ্ট ক্ষেত্রে সুদের হার কমালো 'স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'। এতদিন সেভিংস ব্যাঙ্কে ১ লাখ টাকা পর্যন্ত জমার ওপর ৩.৫% হারে সুদ দিত এস.বি.আই। এদিন ২৫ বেসিস পয়েন্ট বা, ০.২৫% কমিয়ে সেই হার ৩.২৫ শতাংশে নামিয়ে আনার সিদ্ধান্ত ঘোষণা করল তারা।

□ পাক অধিকৃত কাশ্মীর থেকে কাশ্মীরে এসে বসবাসকারী ৫,৩০০ পরিবারকে পুনর্বাসন প্যাকেজ দেওয়ার সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় সরকার। এক কিস্তিতেই পরিবারপিছু ৫ লাখ টাকা করে দেওয়া হবে।

□ 'ইন্ডিয়ান এয়ার ফোর্স' মার্শাল অর্জন সিংয়ের সম্মানে স্মারক স্ট্যাম্প চালু করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী।

□ ফুটবল থেকে অবসর নিলেন জার্মানির বিশ্বকাপজয়ী মহাতারকা বাস্তিয়ান সোয়াইনস্টাইগার।

□ 'কলম্বিয়ান বিশ্ব জিমন্যাস্টিক্স চ্যাম্পিয়নশিপ'এ ২১তম পদক (কেরিয়ারের ১৫তম সোনার পদক) পেয়ে ইতিহাস গড়লেন মার্কিনি জিমন্যাস্ট সিমোনে আরিয়ান্নে বাইলস। এর আগে এই আসরে সবথেকে বেশি (২০টি) পদক পাওয়ার নজির ছিল রাশিয়ার শ্বেতলানা খোরকিনার দখলে। তবে, অ্যাথলেটিক্সের দুনিয়ায় পুরুষ ও মহিলা মিলিয়ে সবথেকে বেশি ২৩টি পদক জয়ের নজির রয়েছে বেলারুশের ভিটালি ভেনেডিক্টোভিচ স্কারবোর দখলে।

**১০ অক্টোবর :** 'ইয়েস ব্যাঙ্ক'এর চিফ অপারেটিং অফিসার হলেন অনিতা পাই।

□ 'ইন্ডিয়ান ফার্মাসিউটিক্যাল অ্যালিয়েন্স'এর (IPA) প্রেসিডেন্ট হলেন কে. সতীশ রেড্ডি।

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

□ বিশ্বের ভয়ংকর বিষাক্ত প্রজাতির মাশরুম বা, ছত্রাকের দেখা মিলল অস্ট্রেলিয়ায়। 'ফায়ার কোরাল' নামে গাঢ় লাল রঙের এই ছত্রাক দেখতে অনেকটা মাশরুমের মতো। জাপান, চিন, তাইল্যান্ড, পাপুয়া নিউগিনি ও কোরিয়ার পার্বত্য অঞ্চলেও এই ধরণের ফায়ার কোরাল দেখতে পাওয়া যায়। তবে অস্ট্রেলিয়ায় এই প্রথম এই ধরণের ছত্রাকের দেখা মিলল। এই ছত্রাক খেলে শরীরের একাধিক অঙ্গপ্রত্যঙ্গ অক্ষম হয়ে যায়, এমনকি, মস্তিষ্কেরও ক্ষতি হয়ে মানুষের মৃত্যু ঘটতে পারে।

□ চিনের ওপর নজর রাখতে ও আগাম সতর্কতা হিসাবে, চিনের যুদ্ধজাহাজ ও সাবমেরিনের ওপর নজরদারি চালাতে, বাংলাদেশ উপকূলে ২০টি উচ্চক্ষমতাসম্পন্ন বিশেষ রাডার বসানোর সিদ্ধান্ত নিল ভারতীয় নৌবাহিনী। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার এবারের দিল্লি সফরে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদীর সঙ্গে বৈঠক শেষে ২ দেশের মধ্যে এই গোপন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই ভারতীয় নেটওয়ার্কের নাম দেওয়া হয়েছে 'কোস্টাল সার্ভেইল্যান্স রাডার সিস্টেম ইন বাংলাদেশ'।

□ ডায়াবেটিসের উর্দ্ধগামী হার রুখতে, অস্বাস্থ্যকর মিষ্টি পানীয়ের বিজ্ঞাপন নিষিদ্ধ করল সিঙ্গাপুর। বিশ্বে এমন ব্যবস্থা এই প্রথম।

□ 'জাতীয় ওপন অ্যাথলেটিক্স'এ মহিলাদের জ্যাভলিন থ্রো বিভাগে সোনার পদক পেলেন ভারতের অন্নু রানি।



বিশ্বের প্রথম মহিলা ক্রিকেটার হিসাবে আন্তর্জাতিক ক্রিকেটে ২০ বছর পূর্ণ করলেন মিতালি দোরাই রাজ। তবে বিশ্বের চতুর্থ ক্রিকেটার হিসাবে তিনি এই কৃতিত্ব অর্জন করলেন।

**১১ অক্টোবর :** ২০১৭-'১৮ সালের জন্য, 'ইন্দিরা গান্ধী ন্যাশনাল ইন্টিগ্রেশন অ্যাওয়ার্ড' পেলেন চণ্ডী প্রসাদ ভট্ট।

□ অস্ট্রেলিয়ার ক্রীড়াজগতের সর্বোচ্চ ব্যক্তিগত সম্মান 'দ্য ডন' পেলেন মহিলা টেনিস তারকা অ্যাশলে বার্টি।

□ মানব ইতিহাসে প্রথমবার মহাকাশে পদচারণাকারী অ্যালেক্সি লিওনোভ (৮৫ বছর) মারা গেলেন। ১৯৬৫ সালে এই নজির গড়েছিলেন তৎকালীন সোভিয়েত রাশিয়ার এই মহাকাশচারী।

□ উত্তর প্রদেশের লখনৌ শহরে শুরু হল প্রথম 'ন্যাশনাল হিন্দি সায়েন্স রাইটার্স কনফারেন্স'।

□ রূপান্তরকামীদের জন্য মাসে ৩,৫০০ টাকা বেকার ভাতা দেওয়ার ঘোষণা করল রাজস্থান সরকার।

□ 'ফোর্বস' তালিকায় ভারতীয় ধনী ব্যক্তিদের মধ্যে শীর্ষ স্থান পেলেন শিল্পপতি মুকেশ আম্বানি। তাঁর মোট সম্পত্তির পরিমাণ ৫১.৪ বিলিয়ন মার্কিন ডলার।

□ 'নিউ ওয়ার্ল্ড হেলথ'এর রিপোর্ট অনুযায়ী, বিশ্বের সবথেকে ধনী শহরের তালিকায় শীর্ষস্থান পেল নিউইয়র্ক সিটি। ভারতের মধ্যে মুম্বইয়ের স্থান ১২ নম্বরে।

□ 'ইন্ডিয়ান প্রিমিয়র লিগ'এ (IPL) 'কিংস ইলেভেন পঞ্জাব'এর কোচ হলেন অনিল কুম্বলে।

**১২ অক্টোবর :** কোমোরোসের সর্বোচ্চ বেসামরিক সম্মান 'দ্য অর্ডার অফ দ্য গ্রিন ক্রিসেন্ট' পেলেন ভারতের উপরাষ্ট্রপতি মুপ্পাভারাপু বেঙ্কাইয়া নাইডু।

□ কেন্দ্রীয় সরকারের সুশ্রী কায়াকল্প প্রকল্পে স্বাস্থ্য পরিষেবার নিরিখে, রাজ্যে সেরা হাসপাতালের মর্যাদা পেল 'জলপাইগুড়ি জেলা সদর হাসপাতাল'।

□ জম্মু-কাশ্মীরের রাজৌরিতে এই প্রথম শুধুমাত্র মহিলাদের জন্য চালু হল গোলাপি ট্যাক্সি 'পিঙ্ক ক্যাব'। মহিলারা যাতে নিরাপদে সফর করতে পারেন, তা নিশ্চিত করতেই মোটর ভেহিক্যাল ডিপার্টমেন্টের সহযোগিতায় এই উদ্যোগ নিয়েছে রাজৌরি প্রশাসন।

□ 'বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপ'এ ৫১ কেজি বিভাগে ব্রঞ্জ পদক পেলেন ভারতীয় বক্সার মেরি কম।

□ মুম্বইয়ে অনুষ্ঠিত 'বিশ্ব দাবা'র অনূর্ধ্ব-১৮ বিভাগে চ্যাম্পিয়ন হলেন ভারতের আর. প্রজ্ঞানন্দ।

□ ১৫.৩৯৯ স্কোর করে, 'বিশ্ব জিমন্যাস্টিক্স'এর ভল্টের ফাইনালে সোনার পদক পেলেন মার্কিনি জিমন্যাস্ট সিমোনে আরিয়ান্নে বাইলস।

□ ২০.৯২ মিটার ছুঁড়ে, রাঁচিতে 'জাতীয় ওপন অ্যাথলেটিক্স'এ সোনার পদক পেলেন ভারতীয় শটপাটার তেজিন্দর পাল সিং।

□ 'অস্ট্রিয়া ম্যারাথন'এ ২ ঘন্টার কম সময় নিয়ে চ্যাম্পিয়ন হয়ে নজির গড়লেন কেনিয়ার এলিয়ুদ কিপচোগে। তিনি সময় নিয়েছেন ১ ঘন্টা ৫৯ মিনিট ৪০.২ সেকেন্ড।

**১৩ অক্টোবর :** কেরলের সিরীয় মালাবার চার্চের সন্ন্যাসিনী মরিয়ম থ্রেসিয়া চিরামেল মানকিদিয়ানকে খ্রিস্ট ধর্মের সর্বোচ্চ মর্যাদা 'সন্ত' হিসাবে ভূষিত করলেন পোপ ফ্রান্সিস।

□ রাশিয়ার সেরা মহিলা বক্সার ইক্যাটরিনা পাল্টসেভার কাছে ১-৪ ব্যবধানে হেরে, 'বিশ্ব বক্সিং'এ রুপোর পদক পেলেন ভারতের মঞ্জু রানি।

□ জার্মানির আলেকজান্ডার জেরেভকে ৬-৪ ও ৬-১ ব্যবধানে হারিয়ে, 'সাংহাই ওপন টেনিস'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন রাশিয়ার দানিল মেদভেদেভ।

□ জাপানের ইউসুকা ওনোদেরাকে ১৫-২১, ২১-১৪ ও ২১-১৫ ব্যবধানে হারিয়ে, 'ডাচ ওপন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ভারতের লক্ষ্য সেন।

**১৪ অক্টোবর :** 'বোর্ড অফ কন্ট্রোল ফর ক্রিকেট ইন ইন্ডিয়া'র (BCCI) প্রেসিডেন্ট হলেন সৌরভ গঙ্গোপাধ্যায়।

□ শিকাগো মহিলা ম্যারাথনে চ্যাম্পিয়ন হলেন কেনিয়ার ব্রিজিদ কোসেই।

□ কানাডার হো শু'কে ১৬-২১, ২১-৭ ও ২১-১২ ব্যবধানে হারিয়ে, 'বাহরিন আন্তর্জাতিক ব্যাডমিন্টন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ভারতের প্রিয়াংশু রাজাওয়াত।

**১৫ অক্টোবর :** ২০১৮-'১৯ সালের জন্য, মধ্য প্রদেশ সরকারের 'জাতীয় কিশোর কুমার' সম্মান পেলেন ভারতীয় চলচ্চিত্র পরিচালক ও প্রযোজক প্রিয়দর্শন।

□ 'ইউনেস্কো হেরিটেজ অ্যাওয়ার্ডস'এ, 'অ্যাওয়ার্ড অফ ডিস্টিঙ্কশন' বিভাগে পুরস্কৃত হল ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট আহমেদাবাদের 'বিক্রম সারাভাই লাইব্রেরি'।

□ জ্বালানি বাঁচাতে নতুন নজির গড়ল দিল্লির 'ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর'। এদিন সকালে রানওয়েতে নামল অত্যাধুনিক ট্যাক্সিবট। তা ব্যবহার করে নজির গড়ল এয়ার ইন্ডিয়ার 'এ-৩২০' উড়ান। ভিতরে যাত্রী রয়েছে, এমন কোনো এয়ারক্র্যাফটের সঙ্গে ট্যাক্সিবটের ব্যবহার এই প্রথম। সেদিক থেকে বিশ্বের মধ্যে প্রথমবার ট্যাক্সিবট ব্যবহার করে নজির গড়ল 'এয়ার ইন্ডিয়া'।

সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

□ ব্যাঙ্কের সঙ্গে পাল্লা দিতে, ডাক বিভাগ চালু করল 'ইন্ডিয়ান পোস্টাল ব্যাঙ্ক'। গ্রাহকরা এবার ঘরে বসেই অনলাইনে টাকা জমা থেকে নানা প্রকল্পের সুবিধা পাবেন। এর পোশাকি নাম 'ডিওপি মোবাইল ব্যাঙ্কিং'।



২৫ বছরের প্রথা ভেঙে, এবছর ২ সাহিত্যিকের হাতে উঠল ইংরিজি সাহিত্যের সবথেকে মর্যাদাপূর্ণ পুরস্কার 'বুকার'। 'Girl, Woman, Other' উপন্যাসের জন্য 'বুকার' পুরস্কার পাচ্ছেন ব্রিটিশ সাহিত্যিক বার্নারডাউন এভারিসটো ও 'The Testaments' উপন্যাসের জন্য 'বুকার' পুরস্কার পাচ্ছেন কানাডিয়ান ঔপন্যাসিক মার্গারেট অটউড। বইটি 'The Handmaid's Tale'এর সিক্যুয়েল। প্রথম কৃষ্ণাঙ্গ সাহিত্যিক হিসাবে 'বুকার' পুরস্কার পেলেন বার্নারডাউন এভারিসটো।

□ বাংলাদেশকে টাইব্রেকারে ৫-৩ ব্যবধানে হারিয়ে, মেয়েদের 'অনূর্ধ্ব-১৫ সাফ ফুটবল চ্যাম্পিয়নশিপ'এ চ্যাম্পিয়ন হল ভারত।

☛ এরপর আগামী সপ্তাহে

## 'নোবেল' পুরস্কারের নানা অজানা তথ্য

১০ পাতার পর

● শুধুমাত্র শান্তিতে 'নোবেল' পুরস্কার দেওয়া হয় নরওয়ের রাজধানী অসলো থেকে। বাকি সব ক্ষেত্রে সুইডেনের রাজধানী স্টকহোম থেকে এই পুরস্কার প্রদান অনুষ্ঠান আয়োজন করা হয়।

● দ্বিতীয় বিশ্বযুদ্ধের জন্য, ১৯৪০ সাল থেকে ১৯৪২ সাল পর্যন্ত এই পুরস্কার দেওয়া বন্ধ ছিল।

● মরণোত্তর 'নোবেল' পুরস্কার দেওয়া হয়না। প্রাপককে অবশ্যই পুরস্কার প্রদানের সময় জীবিত থাকতে হবে। তবে, যদি প্রার্থীর মৃত্যু মনোনয়ন প্রদান ও নোবেল কমিটির পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গ্রহণের মধ্যবর্তী সময়ে হয়, তবে তা নির্বাচিত হওয়ার যোগ্য হবে।

● 'নোবেল'এর ইতিহাসে এমন ঘটনা ২ বার ঘটেছে। ১৯৩১ সালে সাহিত্যে এরিক এক্সেল কার্লফেল্ড ও ১৯৬১ সালে শান্তিতে জাতিসঙ্ঘের মহাসচিব ড্যাগ হেমার্শেল্ড।

● প্রতি বছর একই বিষয়ে সর্বোচ্চ ৩ জনকে এই পুরস্কার দেওয়া হয়।

● প্রত্যেক 'নোবেল' পুরস্কার প্রাপককে পুরস্কার স্বরূপ একটি সোনার পদক, একটি ডিপ্লোমা, সুইডেনের নাগরিকত্ব ও নোবেল ফাউন্ডেশনের মাধ্যমে একটি মোটা অঙ্কের টাকা দেওয়া হয়। বর্তমানে এই টাকার পরিমাণ ১০ মিলিয়ন সুয়েডিয় ক্রোনার।

● এই বিপুল পরিমাণ টাকা দেওয়ার মূল কারণ, প্রাপকরা যেন পুরস্কার পাওয়ার পর আরও উচ্চতর গবেষণা চালিয়ে যেতে পারেন।

● 'নোবেল' পুরস্কার প্রদানের ইতিহাসে মাত্র ৪ জন ব্যক্তি ২ বার এই পুরস্কার পেয়েছেন। এঁরা হলেন — (১) মেরি সক্লোদোস্কা কুরি (প্রথম ব্যক্তি হিসাবে দ্বিতীয়বার 'নোবেল' পুরস্কার জিতে ইতিহাস গড়েছেন তিনি) : পদার্থবিজ্ঞান ১৯০৩ (তেজস্ক্রিয়তা আবিষ্কার), রসায়ন ১৯১১ (বিশুদ্ধ রেডিয়াম পৃথকীকরণ) (২) লিনাস কার্ল পাউলিং : রসায়ন ১৯৫৫ (অরবিটাল সংকরণ তত্ত্ব), শান্তি ১৯৬২ (নিউক্লিয় শক্তির পরীক্ষা নিষিদ্ধকরণ আইনের বাস্তবায়নের জন্য প্রচেষ্টা) (৩) জন বার্ডিন : পদার্থবিজ্ঞান ১৯৫৬ (ট্রানজিস্টার আবিষ্কার), পদার্থবিজ্ঞান ১৯৬২ (অতিপরিবাহিতার তত্ত্ব) (৪) ফ্রেডরিক স্যাঙ্গার : রসায়ন ১৯৫৮ (ইনসুলিন অণুর গঠন আবিষ্কার), রসায়ন ১৯৮০ (ভাইরাসের নিউক্লিওটাইডের ধারা আবিষ্কার)।

● ১৮৯০ এর দশকে 'ডিপথেরিয়া'র প্রতিরোধক তৈরি করায়, ১৯০১ সালে চিকিৎসাশাস্ত্রে প্রথম 'নোবেল' পুরস্কার পান জার্মান চিকিৎসক এমিল অ্যাডলফ ভন বেরিং।

● সাহিত্যে প্রথম 'নোবেল' পুরস্কার পান ফরাসি কবি সুলি প্রুধম্মে।

● মেরি কুরি ও পিয়েরে কুরি প্রথম দম্পতি, যাঁরা একই বছর একই বিভাগে 'নোবেল' পুরস্কার পেয়েছেন।

● ২০১৬ সালে মার্কিন গায়ক বব ডিলানকে সাহিত্যের জন্য 'নোবেল' পুরস্কার দিলে বিশ্বব্যাপী সমালোচনার ঝড় ওঠে। তিনিই প্রথম গায়ক ও গীতিকার, যাঁকে সাহিত্যে 'নোবেল' পুরস্কারের জন্য মনোনীত করেছিল 'নোবেল কমিটি'।

● জর্জ বার্নার্ড শ একমাত্র ব্যক্তি, যিনি 'নোবেল' পুরস্কার ও 'অস্কার' পুরস্কার দু'টিই পেয়েছেন।

● প্রথম বাঙালি হিসাবে অর্থনীতিতে 'নোবেল' পুরস্কার পান অমর্ত্য সেন (১৯৯৮ সালে)। তাঁর পর দ্বিতীয় বাঙালি হিসাবে এবছর অর্থনীতিতে 'নোবেল' পেলেন অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায়।

● অর্থনীতিতে প্রথম ও একমাত্র 'নোবেল' জয়ী মহিলা ছিলেন এলিনর অস্ট্রম (২০০৯ সালে)। তাঁর পরে ফের মহিলা হিসাবে এবছর 'নোবেল' পেলেন এস্থার ডুফলো।

● ২০১৮ সালে মিটু সংক্রান্ত একটি বিতর্কের জেরে সাহিত্যে 'নোবেল'এর ঘোষণা করেনি 'সুইডিশ আকাদেমি'। তাই এবছর একসঙ্গে ২ জনের নাম ঘোষণা করল তারা।

● সাহিত্যে একবছরে ২ জন প্রাপকের নাম ঘোষণা গত ৭৫ বছরে ঘটেনি।

● এখনও পর্যন্ত সর্বকনিষ্ঠ 'নোবেল' বিজয়ী হলেন পাকিস্তানের মালালা ইউসুফজাই। ১৭ বছর বয়সে ২০১৪ সালে 'নোবেল' শান্তি পুরস্কার পান তিনি।

সঙ্কলক : পল্লবী দেওয়ান

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জেনারেল ইন্টেলিজেন্স

চাকরির পরীক্ষার গাইড

1. A word is given in capital letters. It is followed by four words. Out of these four words, three cannot be formed from the letters of the word in capital letters. Point out the word which can be formed from the letters of the given word in capital letters.

BLASPHEMOUSLY

(A) SPHERE (B) LAPSE
(C) MOUTH (D) BIBLE

2. A goldsmith has five rings. Each having a different weight. Ring D weighing twice as much as Ring E, Ring E weighing four and one-half times as much as Ring F, Ring F weighing four and one-half times as much as Ring G, Ring weighing half as much as Ring H, Ring H weighing less than Ring D but more than Ring F, Which of the following represents the descending order of weights of the rings?

(A) D, E, G, H, F (B) D, E, F, H, G
(C) E, G, H, D, F (D) D, E, H, G, F

3. The average height of students in a class of 20 is 105 cm. If 10 students of average height of 120 cm are added to the class, what will be the average height of the students in the class?

(A) 117.5 cm (B) 116 cm
(C) 110 cm (D) 108cm

**Direction (Qs. 4 & 5)** : *With the help of the given data, answer the following. A boy walked 3 km towards South. Then he turned towards West and walked for 5 km. Then he turned towards North and walked for 6 km. Now he turned towards East and walked for 5 km.*

4. What is the distance between the boy and the starting point ?
(A) 3 km (B) 8 km (C) 14 km (D) 19 km

5. In which direction, the boy was moving while finishing ?
(A) North (B) South (C) East (D) West

6. Two statements are given followed by two conclusions I and II. You have to consider the two statements to be true even if they seem to be at variance from commonly known facts. You have to decide which one of the given conclusions is definitely drawn from the given statements.

**Statements :**

1. Sachin is a good cricketer.
2. Sachin's sister is a good singer.

**Conclusions :**

I. Sachin and his sister are good cricketers.
II. Sachin and his sister are talented.
(A) Only I follows (B) Only II follows
(C) Neither I nor II follows
(D) Both I and II follow

7. A statement followed by two assumptions I and II is given. You have to consider the statement to be true even if it seems to be at variance from commonly known facts. You are to decide which of the given assumptions can definitely be drawn from the given statement. Indicate which one of the four given responses is correct.


**Statement :**

Most villagers are uneducated and therefore superstitious.

**Assumptions :**


I. Education increases rational thinking. II. Villagers do not go to school.
(A) Only I is implicit (B) Only II is implicit (C) Both I and II are implicit (D) Neither I nor II is implicit

8. Which one of the following figures represents the relationship among Horses, Mammals, Animals ?




(A) (B) (C) (D)

9. There are 70 cycles in a cycle stand. 50 cycles have carriers, 35 have both bells and carriers, while some have only bells. Find out from the following Venn diagrams, which is the correct way of representing the above problem.



(A) (B) (C) (D)


10. In the following figures, four different views of a dice are given. Find the number of dots on the face opposite to the face with one dot.




(A) 4 (B) 6 (C) 5 (D) 3

11. A piece of paper is folded and punched as shown below. From the given responses, indicate how it will appear when opened.

*Question Figures :*




*Answer Figures :*




(A) (B) (C) (D)

12. Which of the answer figures shall complete the question figure ?

*Question Figure :*



*Answer Figure :*




(A) (B) (C) (D)

13. In which answer figure is the question figure embedded ?

*Question Figure :*



*Answer Figure :*



(A) (B) (C) (D)

**Direction : (Qs. 14 to 23)** : *Select the related word / letters / number / figure from the given responses.*

14. Sculptor : Statue : : Poet : ?
(A) Poem (B) Music
(C) Painting (D) Dance

15. Custom : Culture : : Ritual : ?
(A) Religion (B) Sect
(C) Practice (D) Function

16. Threat : Insecurity : : Challenge : ?
(A) Fight (B) Struggle
(C) Effort (D) Labour


17. ABCD : FGIH : DEGF : ?
(A) STRP (B) MNPO
(C) DEFG (D) XYZA

18. FIRST : RIFTS : GHOST : ?
(A) OGHST (B) OHGST
(C) OHGTS (D) OGHTS


19. 50 : 65 : : 101 : ?
(A) 12 (B) 117 (C) 122 (D) 145

20. 4, 16, 12 : 3, 9, 6 : : 6, 36, 30 : ?
(A) 5, 25, 20 (B) 7, 49, 42
(C) 9, 81, 72 (D) 2, 4, 2

21. *Question Figures :*




*Answer Figures :*




(A) (B) (C) (D)

22. *Question Figures :*




*Answer Figures :*




(A) (B) (C) (D)

23. *Question Figures :*



*Answer Figures :*



(A) (B) (C) (D)

**Direction : (Qs. 24 to 32) :** *Find the odd word / letters / number / figure from the given responses.*

24. (A) Violin (B) Sitar (C) Harp (D) Flute

25. (A) Crow (B) Bat (C) Pigeon (D) Parrot

26. (A) Ruby (B) Gold
(C) Sapphire (D) Topaz

27. (A) JLMK (B) SUVT (C) SVUT (D) GIJH

28. (A) MORV (B) DFIM
(C) QSVZ (D) EFGJ

29. (A) 123-273 (B) 280-430
(C) 48-198 (D) 53-193


30. (A) 72572 (B) 35453
(C) 78378 (D) 46246

31.




(A) (B) (C) (D)

32.



(A) (B) (C) (D)

33. A series of figures is given which can be grouped into classes. Select the group into which the figures can be classified from the given responses :



(A) 1, 2, 3; 4, 5, 6; 7, 8, 9 (B) 1, 3, 6; 2, 5, 8; 4, 7, 9 (C) 4, 5, 6; 7, 9, 8; 1, 2, 3 (D) 1, 2, 4; 3, 5, 6; 7, 8, 9

34. Which one of the given responses would be a meaningful order of the following words ?

1. Digest 2. Cook 3. Chew
4. Swallow 5. Taste

(A) 5, 2, 3, 4, 1 (B) 2, 5, 3, 4, 1
(C) 3, 5, 2, 4, 1 (D) 2,5, 4, 3, 1

35. Arrange the folowing words according to dictionary :

1. Counter 2. Courier 3. Courage
4. Counsel 5. Country

(A) 4, 1, 2, 3, 5 (B) 4, 1, 5, 3, 2
(C) 5, 1, 4, 2, 3 (D) 5, 4, 2, 1, 3

সেকেন্ডে উত্তরের কৌশল


## GENERAL INTELLIGENCE

**1(B). 2(D).** D E F G H


9 $4\frac{1}{2}$ 1 2 4

[F = 1 ধরে] ওজন বেশি থেকে কম অনুসারে সাজালে হবে DEHGF.


**3(C).** $105\ cm + \frac{(120-105)\ cm \times 10}{(20+10)} = 105\ cm + \frac{15cm \times 10}{30} = 110\ cm.$ (4–5) .





**4(A).** যাত্রা শুরুর স্থান থেকে বালকটি (6–3) km = 3 km. দূরে রয়েছে। **5(C).** শেষ করার সময় বালকটি পূর্ব দিকে যাচ্ছিল। **6(B). 7(A). 8(A).**




**9(A).** Carriers ও bells আছে 35টি সাইকেল। শুধুমাত্র carriers আছে (50-35) = 15টি সাইকেল। তাহলে শুধুমাত্র bells আছে (70–35–15) = 20টি সাইকেল। তাহলে সঠিক venn-diagrams হল




**10(B).** 2 এর বিপরীতে থাকবে না 1, 3, 5, 6 কারণ এগুলি পাশে দৃশ্য মান। 2 বিপরীতে 4 আছে। 1 এর বিপরীতে থাকবে না 2, 3, 4, 5. তাহলে 1 এর বিপরীতে 6 থাকবে। **11(C). 12(B). 13(C). 14(A).** যারা মূর্তি (Statue) তৈরি করে তাদেরকে ভাস্কর (Sculptor) বলে। তেমনি কবিতা (Poem) যারা লেখে তাদেরকে কবি (Poet) বলে। **15(A).** অভ্যাস/রীতি (Custom) থেকে আমরা যেমন সংস্কৃতি (Culture) বুঝতে পারি, তেমনি আচারনুষ্ঠান (Ritnal) থেকে আমরা বিভিন্ন ধর্ম (Religion) সম্বন্ধে জানতে পারে। **16(B).** Threat (ভয় দেখান) : Insecurity (নিরাপত্তাহিনতা) : : Challenge (দোষারোপ) : Struggle (মুশকিলে পড়া)। **17(B).** বর্ণগুলিকে বর্ণমালা অনুসারে গুছিয়ে লিখলে তৃতীয় স্থানের বর্ণটি চতুর্থ স্থানে ও চতুর্থ স্থানেরটি তৃতীয় স্থানে বসে। তাহলে '?' স্থানে MNPO বসাতে হবে। **18(C).**




এরকমভাবে, GHOST : OHGTS হবে। **19(C).** 50 : 65 : : 101 : ?

$\Rightarrow 7^2+1 : 8^2+1 :: 10^2+1 : ?$

$= (11^2+1) = 122$ হবে। **20(A).** 4-এর পূর্ববর্তী সংখ্যা 3 তাহলে '?' স্থানে 6 এর পূর্ববর্তী সংখ্যা দিয়ে serice টি শুরু হবে। তাহলে Sericeটি হবে— 5, $5^2$, $(5-1) \times 5$ = (5, 25, 20). **21(D). 22(D).** ত্রিভুজটি ঘড়ির কাঁটার দিকে $90^0$ স্থান পরিবর্তন করছে। গোল-বিন্দু দু'টি তার বিপরীত বাহুতে যাচ্ছে ও তিরটি বিপরীত মুখি হচ্ছে। **23(B).** মূল চিত্রটি ঘড়ির কাঁটার দিকে $90^0$ স্থান পরিবর্তন করছে ও ছোট চিত্র দু'টি স্থান বিনিময় করছে। **24(D).** Flute (বাঁশি) ছাড়া সবগুলি তার দিয়ে গঠিত বাদ্যযন্ত্র। **24(B). 26(B).** শুধুমাত্র সোনা ধাতু আর বাকি সবগুলি মূল্যবান পাথর। **27(C).** J $\underline{+2}$ L $\underline{+1}$ M $\underline{-2}$ K, S $\underline{+2}$ U $\underline{+1}$ V $\underline{-2}$ T, S $\underline{+3}$ V $\underline{-1}$ U $\underline{-1}$ T, G $\underline{+2}$ I $\underline{+1}$ J $\underline{-2}$ H. তাহলে, S V U T আলাদা। **28(D).** M $\underline{+2}$ O $\underline{+3}$ R $\underline{+4}$ V, D $\underline{+2}$ F $\underline{+3}$ I $\underline{+4}$ M, Q $\underline{+2}$ S $\underline{+3}$ V $\underline{+4}$ Z, E $\underline{+1}$ F $\underline{+1}$ G $\underline{+3}$ J. তাহলে E F G J আদালা। **29(D).** দু'টি সংখ্যা মৌলিক। **30(B).** শুধুমাত্র 'B' ছাড়া সবকটির 1ম সংখ্যা ও 4র্থ সংখ্যা ও 2য় ও 5ম সংখ্যা একই। **31(D).** এখানে D ছাড়া সবগুলি ছবির ভিতরের ছোট ছবিটা বড় হয়েছে ও বড় ছবিটি ছোট হয়ে মধ্যে গিয়েছে। **32(C). 33(B). 34(B).** Cook → Taste → Chew → Swallow → Digest. **35(B).**

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষার গণিত

# অ্যারিথমেটিক

1. In a group of 120 people, one-fifth are men, one-fourth are women and the rest children. The average age of women is five-sixth of the average age of men. Average age of children is one fourth of the average age of men. If average age of men is 60 years, what is the average age of the group?
(A) 50 (B) 45
(C) 38 (D) 32

2. A distance of 425 km. separates two trains moving towards each other at a speed of 200 km./hr. what will be the distance between them after 1 hr. 30 min. If they reduce their speed by half, every half an hour.
(A) 120 km. (B) 75 km.
(C) 250 km. (D) 150 km.

3. 10 men can complete 1/3rd of a job in 7 days of three women are equivalent to one man, then how many days will be taken by 10 women to complete that job?
(A) 70 (B) 63 (C) 140 (D) 30

4. Profit after selling a commodity for Rs. 425 is same as loss after selling it for Rs. 355. The cost of the commodity is
(A) Rs. 385 (B) Rs. 365 (C) Rs. 400 (D) Rs. 390

5. Find 3 numbers whose products 216 and sum of the first and the third numbers is 20.
(A) 6, 2 18 (B) 2, 18, 6
(C) 2, 6, 18 (D) 6, 18, 2

6. The area of a circle is 154 cms. What is the circumference?
(A) 44 cm. (B) 7 cm. (C) 26 cm. (D) 32 cm.

7. In a certain office, 1/3 of the workers are women. 1/2 of the women are married. 1/3 of the married women have children. Similarly, 3/4 of the men are married and 2/3 of the married men have children. What part of the workers are without children?
(A) $\frac{5}{18}$ (B) $\frac{1}{3}$
(C) $\frac{1}{18}$ (D) $\frac{11}{18}$

8. The average salary per head of all the workers is a workshop is Rs. 850. There are 7 technicians whose average salary is Rs. 1,000 and the average salary of others is Rs. 780. What is the total number of workers is the workshop?
(A) 18 (B) 20 (C) 21 (D) 22

9. A motorist drives first 20 km. at 60 km./hr., next 20 km. at 80 km./hr. and the next 20 km. at 100 km/hr. How much time did he take to cover the entire distnace of 60 km.?
(A) 25 minutes (B) 50 minutes
(C) 47 minutes (D) 60 minutes

10. The ratio of 2 numbers is 2 : 1. The sum of the reciprocals of these numbers will be
(A) 2 times the reciprocal of the first number (B) 3 times the reciprocal of the first number (C) 2 times the reciprocal of the second number (D) 2 times of the second number

11. In a management school with 120 students, 15 are interested in Finance, HRM and IT and 20 are not interested in any of these three areas. 10 are interested only in Finance, 12 only in HRM and 25 only in IT. Then what is the number of students interested in two of the above areas only?
(A) 52 (B) 132
(C) 63 (D) 38

12. There are 101 shares purchased by Ashok from the primary market at a price of Rs. 17 per share. If 2% dividend is announced, what will be the approximate percent gain (interms of divided) made by Ashok in that year. The premium per share paid by Ashok is Rs. 7
(A) 1% (B) 2%
(C) 2.5% (D) 3%

13. A ball is thrown from a height of 256 m. Every time it bounces back to half its height. How much distance will be covered by the ball before it comes to rest?
(A) 250 m (B) 512 m.
(C) 576 m. (D) 768m.

14. The cost incurred by an organisation is grouped into 3 categories operational expenses, administrative expenses and other expenses. When expressed in terms of revenue from sales, they form 35%, 20% and 30% of the revenue sales respectively in 1997. If each of the expenses increases by 10% and the revenue from sales increased by 10%, what is the change in profit percentage?
(A) 22% (B) 10%
(C) 16% (D) 29%

15. The difference between 12 times and 8 times of a number is 64, what is the number?
(A) 16 (B) 34
(C) 30 (D) 40

16. One bell strikes at every 6 seconds, the second bell at every 9 seconds and the third bell at every 12 seconds. When will they all strike together?
(A) 12 seconds (B) 18 seconds
(C) 24 seconds (D) 36 seconds

17. What is 40% of $\frac{10}{7}$?
(a) 2.7 (b) $\frac{4}{7}$ (c) $\frac{10}{28}$ (d) $\frac{11}{28}$

18. The sum of the digits of a 2 digit number is 8. If that number is increased by 18, the digits get interchanged what is the number?
(A) 26 (B) 35 (C) 53 (D) 62

19. There are 3 groups of students, each containing 25, 50 and 25 students respectively. The mean marks obtained by the first 2 groups are 60 and 55. The combined mean of all the 3 groups is 58. What is the mean of the marks scored by the 3rd group?
(A) 52 (B) 58
(C) 57 (D) 62

20. A student obtained the following marks is percentages in his semester examination. English 50, Maths 65, Statistics 70, Economics 58 and Accountancy 63. The weights of these subjects are 2, 2, 1, 1 and 1 respectively. What is the weighted arithmetic mean?
(A) 61 (B) 60
(C) 62 (D) 63

21. The value of
$30 - 5[2+3\{2-2(4-3)+3\}-10] \div \frac{1}{5}$
(a) 5 (b) $\frac{1}{5}$ (c) 10 (d) $\frac{1}{10}$

22. The value of
$(53+8\sqrt{15})^{\frac{1}{2}}+(53-8\sqrt{15})^{\frac{1}{2}}$ is
(a) $6\sqrt{3}$ (b) $8\sqrt{3}$ (c) $2\sqrt{5}$ (d) $3\sqrt{5}$

23. Simplify :
$$\frac{0.25\times0.25\times0.25+0.75\times0.75\times0.75}{0.25\times0.25-0.25\times0.75+0.75\times0.75}$$
(A) 0.1 (B) 1 (C) 2 (D) 0.2

24. The value of $\sqrt{72+\sqrt{72+\sqrt{72+}}}$ ...(i)
(A) euqal to 9 (B) between 8 and 9
(C) between 9 and 10
(D) greater than 10

25. The value of
$\sqrt{\frac{(0.06)^2+(0.21)^2+(0.34)^2}{(0.012)^2+(0.042)^2+(0.068)^2}}$ is
(A) 0.5 (B) 5 (C) 25 (D) 125

26. If A : B : C = 3 : 4 : 6 then $\frac{A}{B}:\frac{B}{C}:\frac{C}{A}$ is equal to
(A) 9 : 8 : 24 (B) 8 : 9 : 20
(C) 8 : 9 : 21 (D) 4 : 9 : 24

27. If $1^3 + 2^3 + .... + 11^3 = 4356$ then 4+32+108+ ...... +5324 is equal to
(A) 17024 (B) 17824
(C) 17424 (D) 8712

28. The Cube root of 148, 877 is 53 then the value of
$\sqrt[3]{148.877}+\sqrt[3]{0.148877}+\sqrt[3]{0.000148877}$ is equal to
(A) 5.881 (B) 5.081 (C) 5.883 (D) 58.83

29. The value of $0.34\overline{78}+0.13\overline{43}$ is
(a) $0.48\overline{22}$ (b) $0.48\overline{21}$
(C) 0.4831 (D) 0.4822


30. The value of $(4)^{0.16} \times (8)^{0.08} \times (4)^{0.22}$ is
(A) 0 (B) 1
(C) 2 (D) 3

## সেকেন্ডে উত্তরের কৌশল

**1(D).** পুরুষের সংখ্যা 24, মহিলার সংখ্যা 30. বাচ্চাদের সংখ্যা 120– (24+30) = 66. মনে করি, বাচ্চাদের গড় বয়স C, পুরুষদের গড় বয়স M, মহিলাদের গড় বয়স=W. তাহলে $C=\frac{M}{4}=15$. আবার, $W=\frac{5M}{6}=50$. তাহলে ওই দলের গড় বয়স $=\frac{24\times60+30\times50+66\times15}{120}$ $=\frac{1440+1500+990}{120}=32.75\approx32$.

**2(B).** আধ ঘন্টা পর তাদের মধ্যে দূরত্ব হবে 225 কিমি. (ঘন্টায় 200 কিমি. গতিবেগ নিয়ে)। 1 ঘন্টা পর তাদের মধ্যে দূরত্ব 125 কিমি. (ঘন্টায় 100 কিমি. গতিবেগ নিয়ে), $1\frac{1}{2}$ ঘন্টা পর তাদের মধ্যে দূরত্ব হবে 75 কিমি.। (ঘন্টায় 50 কিমি. বেগ নিয়ে)। **3(D).** 10 জন পুরুষ সম্পূর্ণ কাজ করে 21 দিনে। 30 জন মহিলা সম্পূর্ণ কাজ করে 21 দিনে। 10 জন মহিলা সম্পূর্ণ কাজ করে 63 দিনে। **4(D).** 425 – x = x – 355 বা, x = 390. **5(C).** প্রথম + তৃতীয় = 20. **6(A).** $\pi r^2=154$ বা, $r^2=\frac{154\times7}{22}=49$ বা, r = 7. তাহলে পরিধি $2\pi r=2\times\frac{22}{7}\times7=$ 44 সেমি.। **7(D).** মনে করি, সব কর্মচারি হল x জন। তাহলে পুরুষের সংখ্যা $\frac{2x}{3}$, মহিলার সংখ্যা $\frac{x}{3}$. বিবাহিত পুরুষের সংখ্যা $\frac{x}{2}$. বিবাহিত মহিলার সংখ্যা $\frac{x}{6}$. শিশু-সহ বিবাহিত পুরুষ $\frac{K}{3}$. শিশু-সহ বিবাহিত মহিলা $\frac{K}{18}$. শিশু-সহ কর্মচারি $\frac{x}{3}+\frac{x}{18}=\frac{7x}{18}$. শিশু ছাড়া কর্মচারি $x-\frac{7x}{18}=\frac{11x}{18}$. **8(D).** মনে করি, মোট কর্মচারি x. তাহলে, $\frac{7\times1000+(x-7)\times780}{x}=850$ বা, x= 22. **9(C).** 20+15+12 = 47. **10(B).** মনে করি, সংখ্যা দু'টি 2x ও x. $\frac{1}{2x}+\frac{1}{x}=\frac{3}{2x}$.

**11(D).**




**12(A).** টাকা শোধ করা হয় 101×17 = 1,717 টাকা। মোট dividend = 2% of (101 ×10) = $\frac{2}{100}\times101\times10$ =20.20. লাভের শতকরা হার = $\frac{2020}{1717}\times100=\frac{2020}{1717}=1.18\approx1$. **13(D).** প্রথমে বলটি যায় (256+128) = 384 মিটার। তারপর যায় 125+64 = 192 মিটার। তারপর = 64 + 32 = 96 মিটার। তাহলে থামার আগে পর্যন্ত বলটি যায় = 384 +192 + 96 + ............ $+\alpha=\frac{384}{1-\frac{1}{2}}=768$.

**14(B).** বিক্রি থেকে রাজস্ব আদায় হয় R টাকা। তাহলে 0.35R+0.2R+0.3R = 0.85R. লাভ (1–0.85)R = 0.15R. নতুন রাজস্ব 1.1R. নতুন দাম 0.935 R. নতুন লাভ 0.015R নতুন লাভের হার $\frac{0.015R}{0.15R}$ ×100 = 10%. **15(A).** 12K – 8K = 64 বা, K = 16. **16(D). 17(B).** $\frac{40}{100}\times\frac{10}{7}=\frac{4}{7}$. **18(B).** মনে করি, সংখ্যাটি 10x+y. x+y = 8 ও 10x+y+18 = 10y+x, x+y = 8, x – y = –2. তাহলে x = 3, y = 5. সংখ্যাটি = 35. **19(D).** $\frac{50\times100-(60\times25+55\times50)}{25}$ $=\frac{5800-(1500+2750)}{25}=\frac{1550}{25}=62$

**20(B).** $\frac{2\times50+2\times65+70\times1+50\times1+63\times1}{7}$ $=\frac{100+130+70+58+63}{7}=\frac{421}{7}$ = 60.14 = 60. **21(A).** 30–5[2+3{2–2×1+3}–10] ÷ $\frac{1}{5}$ = 30 – 5[2+3{3}–10] ÷ $\frac{1}{5}$ = 30–5 [2+9–10] ÷ $\frac{1}{5}$ = 30 – 5 × 5 = 30 – 25 = 5. **22(B).** এখন $(53+8\sqrt{15})^{\frac{1}{2}}=\left((4\sqrt{3}+\sqrt{5})^2\right)^{\frac{1}{2}}$ $=4\sqrt{3}+\sqrt{5}$. একই ভাবে, $(53-8\sqrt{15})^{\frac{1}{2}}=4\sqrt{3}-\sqrt{5}$. তাহলে নির্ণেয় রাশি $4\sqrt{3}+\sqrt{5}+4\sqrt{3}-\sqrt{5}=8\sqrt{3}$. **23(B).** $\frac{a^3+b^3}{a^2-ab+b^2}=a+b$. (এখানে, a = 0.25, b = 0.75 = 1). **24(A).** $x=\sqrt{72+\sqrt{72+\sqrt{72+.....\alpha}}}$ বা, $x^2$ = 72 +x বা, $x^2 - x - 72 = 0$ বা, (x–9) (x+8) = 0 বা, x = 9 অথবা –8. **25(B).** $\sqrt{\frac{100[(0.06)^2+(0.21)^2+(0.34)^2]}{4[(0.06)^2+(0.21)^2+(0.34)^2]}}$ $=\sqrt{25}=5$. **26(A).** A = 3x, B = 4x, C = 6x. $\frac{A}{B}:\frac{B}{C}:\frac{C}{A}$ বা, $\frac{3x}{4x}:\frac{4x}{6x}:\frac{6x}{3x}$ বা, $\frac{3}{4}:\frac{2}{3}:2$ বা, 9 : 8 : 24. **27(C).** 4[1+8+ 27+ ....+1331] = $4[1+2^3+3^3+............+11^3]$ = 4 × 4356 = 17424. **28(C).** $\sqrt[3]{148877}\approx53$. নির্ণেয় রাশি = 5.3 + 0.53 + 0.053 = 5.883.

**29(A).**

| | | |
|---|---|---|
| 0.34 | 78 | 78 |
| 0.13 | 43 | 43 |
| 0.48 | 22 | 21 |

তাহলে, $0.48\overline{22}$. **30(C).** $2^{0.32+0.24+0.44} = 2^1 = 2$.

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

## রেলে চাকরির

■ *রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? প্রার্থী বাছাই পরীক্ষায় কী কী বিষয় থাকে? — অর্ণব চ্যাটার্জী, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।*

■■ মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইন্সট্রুমেন্ট মেকানিক, মিল রাইট মেন্টেন্যান্স মেকানিক, মেকানিক রেডিও অ্যান্ড টি.ভি., ইলেক্ট্রনিক্স মেকানিক্স, মেকানিক মোটর ভেহিক্যাল, ওয়ারম্যান, ট্রাক্টর মেকানিক, আর্মেচার অ্যান্ড কয়েল ওয়াইন্ডার, মেকানিক ডিজেল, হিট ইঞ্জিন, টার্নার, মেশিনিস্ট বা, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ট্রেডে স্বীকৃত সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ট্রেডে অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ হলেও যোগ্য। পলিটেকনিক থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, অটোমোবাইল বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলেও আবেদন করার যোগ্য। ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের উচ্চ শিক্ষাগত যোগ্যতার (বি.ই. বা, বি.টেক.) ছেলেমেয়েরাও আবেদন করতে পারেন। দৃষ্টিশক্তি দরকার A-1. বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশে সাব-ইন্সপেক্টর পদের জন্য শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। — মনোজিৎ দাস, অশোকনগর, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ যেকোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা ২০ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। ও.বি.সি.রা ৩ বছর, তপশিলীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৯০০ টাকা। পশ্চিমবঙ্গ পুলিশের 'সাব-ইন্সপেক্টর (আন-আর্মড)' পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৭ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬০) সেমি, ওজন অন্তত ৫৬ (তপশিলী উপজাতিদের বেলায় ৫২ কেজি) আর বুকের ছাতি না-ফুলিয়ে ৭৪ (তঃউঃজাঃ ৭১ সেমি) ও ৫ সেমি প্রসারণক্ষম হতে হবে।

পশ্চিমবঙ্গ পুলিশের 'সাব-ইন্সপেক্টর (আর্মড)' পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭৩ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬৩) সেমি, ওজন অন্তত ৬০ (তঃউঃজাঃ বেলায় ৫৪ কেজি) আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮১ (তঃউঃজাঃ বেলায় ৭৬ সেমি) ও ৫ সেমি প্রসারণক্ষম হতে হবে।

পশ্চিমবঙ্গ পুলিশের 'লেডি সাব-ইন্সপেক্টর' পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ (তঃউঃজাঃ বেলায় ১৫৫) সেমি, ওজন অন্তত ৪৮ (তঃউঃজাঃ বেলায় ৪৫) কেজি।

প্রার্থী বাছাই হবে ৩টি ধাপে। প্রথমে হবে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা। তাতে সফল হলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা। এরপর হবে ফাইনাল লিখিত পরীক্ষা। সবশেষে হবে ৩০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল স্টাডিজ-১০০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) অ্যারিথমেটিক - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় ৯০ মিনিট। সফল হলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা।

শারীরিক মাপজোখের পরীক্ষায় উচ্চতা, ওজন ও বুকের ছাতি দেখা হবে। এরপর হবে শারীরিক সক্ষমতার পরীক্ষা। এই পরীক্ষায় ছেলেদের বেলায় থাকবে ৩ মিনিটে ৮০০ মিটার দৌড় আর মেয়েদের বেলায় ২ মিনিটে ৪০০ মিটার দৌড়। এরপর ফাইনাল লিখিত পরীক্ষা।

এই পরীক্ষায় থাকবে ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন। ২০০ নম্বরের এই ৩টি পেপার থাকবে : (১) জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক - ১০০ নম্বর (জেনারেল স্টাডিজ ৫০ নম্বর, লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং -২৫ নম্বর, অ্যারিথমেটিক -২৫ নম্বর)। সময় ২ ঘন্টা। (২) ইংরিজি -৫০ নম্বর। সময় ১ ঘন্টা। (৩) বাংলা - ৫০ নম্বর। সময় ১ ঘন্টা। সফল হলে ৩০ নম্বরের পার্সোনালিটি টেস্ট।

■ *কলকাতা পুলিশে কনস্টেবল পদের বিজ্ঞপ্তি কি এবছর বেরোবে? রাজ্য পুলিশে কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর দু'টিতেই লোক নেওয়া হয়েছে। কিন্তু কলকাতা পুলিশে নেওয়া হয়নি। — কেয়া সরকার, আন্দুল সাউথ কামরাঙ্গু, হাওড়া।*

■■ কলকাতা পুলিশে কনস্টেবল পদের বিজ্ঞপ্তি বেরোনোর কথা আছে। শিগগিরই বেরোনোর সম্ভাবনা। তবে এবছরই বেরোবে কিনা জানানো যাচ্ছে না।

## সেনাবাহিনীর

■ *বয়স ২৬ বছর। আই.টি.আই. করা আছে। সেনাবাহিনীর কোন পদে যোগ্য? — সহিদুল শেখ, কুসুমগ্রাম, পূর্ব বর্ধমান।*

■■ আপনি সেনাবাহিনীর কোনো পদেই যোগ্য নন। সেনাবাহিনীতে সর্বাধিক বয়স হতে হবে ২৩ বছরের মধ্যে। তবে সেপাই ফার্মা পদের বেলায় সর্বোচ্চ বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে।

■ *বয়স ২২ বছর ৪ মাস। উচ্চমাধ্যমিকে ৫০% নম্বর আছে ও সাধারণভাবে ডিগ্রি কোর্স করেছি। সোলজার ক্লার্ক পদে যোগ্য কি? — ইন্দ্রজিৎ রুইদাস, মঙ্গলচক, নন্দীগ্রাম, পূর্ব মেদিনীপুর।*

■■ না। আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

## পাব্লিক সার্ভিসের

■ *ফুডের সাব-ইন্সপেক্টর পদের লিখিত পরীক্ষার ফল কবে বেরোবে? — অভিজিৎ মণ্ডল, কাটোয়া, বর্ধমান। আব্দুল ফারুক, চেরামাটী, ভূপালপুর, উত্তর দিনাজপুর।*

■■ ফল শিগগিরই বেরোনোর সম্ভাবনা আছে।

■ *ক্লার্কশিপ পরীক্ষা কবে হবে? — সাগুন হেমরম, বালিবান্দা, ডেবরা, পশ্চিম মেদিনীপুর।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। এই পরীক্ষা পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশন নিতে পারে, তাই পরীক্ষা হতে একটু দেরি হবে।

■ *মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা কবে হবে? — সিরাজ নাগ, আদারপাড়া, জলপাইগুড়ি।*

■■ এখনো তারিখ ঠিক হয়নি। তবে ডিসেম্বরে পরীক্ষা হওয়ার সম্ভাবনা।

## স্কুল সার্ভিসের

■ *প্রাথমিক স্কুলে কর্মরত। ও.ডি.এল. মোডে ডি.এল.এড. করেছি। ডিগ্রি কোর্সে ৪৫% নম্বর আছে। জেনারেল ক্যাটেগরির প্রার্থী। উচ্চমাধ্যমিক 'টেট' দিতে পারব কি? — রামেশ্বর ভদ্র, কুমিরমারী, ছোটোমোল্লাখালি কোস্টাল, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ না, পারবেন না। ডিগ্রি কোর্সে ন্যূনতম ৫০% নম্বর পেয়ে থাকতে হবে।

■ *স্কুল সার্ভিস কমিশনের আপার প্রাইমারির পরীক্ষার জন্য শিক্ষাগত যোগ্যতা জানাবেন। — অঙ্কুর বণিক, অশোকনগর, উত্তর ২৪ পরগনা।*

■■ মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা 'ফ্রেশার প্রার্থী' হিসাবে আবেদন করতে পারেন। পেশাগত যোগ্যতা হিসাবে বি.এড. / এলিমেন্টারি এডুকেশনের ডিপ্লোমা / বি.এল.এড. / বি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্স পাশ হতে হবে : (১) যেকোনো শাখার ডিগ্রি কোর্স পাশরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে। (২) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে যেকোনো শাখার ডিগ্রি কোর্স পাশরা ১ বছরের বি.এড. কোর্স পাশ হলে। (৩) মোট অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধী হলে ৪০%) নম্বর পেয়ে যেকোনো শাখার ডিগ্রি কোর্স পাশরা এন.সি.টি.ই.'র আগের নিয়মানুযায়ী ১ বছরের বি.এড. কোর্স পাশ হলে। (৪) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা এলিমেন্টারি এডুকেশনের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশ হলে। (৫) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা ৪ বছরের বি.এ. /বি.এসসি. এড. কিংবা বি.এ. এড. / বি.এসসি. এড. কোর্স পাশ হলে। (৬) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে যেকোনো শাখার ডিগ্রি কোর্স পাশরা ১ বছরের বি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্স পাশ হলে। ওপরের সব বিষয়ের ক্ষেত্রেই এন.সি.টি.ই. /রিহ্যাবিলিটেশন কাউন্সিল অফ ইন্ডিয়া (আর.সি.আই.)'এর স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ডিগ্রি / ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে।

ডি.এড. (স্পেশাল এডুকেশন) যোগ্যতায় এবার যাঁরা 'টেট' দেবেন, তাঁদের বেলায় চাকরি পাওয়ার পর এন.সি.টি.ই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এলিমেন্টারি এডুকেশনের ৬ মাসের স্পেশাল প্রোগ্র্যাম কোর্স পাশ হতে হবে।

এই বিভাগে উত্তর পেতে হলে চিঠি লিখুন পোস্ট কার্ডে কিংবা ই-মেল করে। তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে লিখলে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, স্কুল সার্ভিস, ব্যাঙ্ক, পি.এস.সি. কোর্স কিনা) তা লিখে দেবেন। E-mail করবেন এই নম্বরে: karmajiggasa@gmail.com ই-মেল করলে নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে।

কর্মসংস্থান
জিজ্ঞাসা বিভাগ
১২ /৩ /৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| পশ্চিমবঙ্গ স্বাস্থ্য দফতরে ল্যাব অ্যাসিস্ট্যান্ট, ফার্মাসিস্ট গ্রেড-III | উচ্চমাধ্যমিক ও পেশাগত যোগ্যতা | ৭০ | ২৪-১০-১৯ | www.wbhrb.in |
| সুপ্রিম কোর্টে পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ২৩ | ২৪-১০-১৯ | www.sci.gov.in |
| ব্রড কাস্টে টেকনিশিয়ান ও অ্যাসিস্ট্যান্ট | উচ্চমাধ্যমিক বা, গ্র্যাজুয়েট | ৫৩ | ২৫-১০-১৯ | www.becil.com |
| ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়ায় অ্যাসিঃ ম্যানেজার | গ্র্যাজুয়েট | ৩৩০ | ২৭-১০-১৯ | www.fci.gov.in |
| আই.আই.টি.-তে টেকনিশিয়ান | ডিপ্লোমা /ডিগ্রি | ৬৪ | ২৮-১০-১৯ | http://recruitment.nith.ac.in |
| উত্তর-পূর্ব সীমান্ত রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই | ২,৫৯০ | ৩১-১০-১৯ | www.nfr.indianrailways.gov.in |
| আই.আই.টি. ধানবাদে জুনিয়র টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট | ১৮০ | ৪-১১-১৯ | www.iitism.ac.in |
| ইসরোতে সায়েন্টিস্ট | ডিগ্রি কোর্স পাশ | ৩২৭ | ৪-১১-১৯ | www.isro.gov.in |
| সেনাবাহিনীর ক্লার্ক, জি.ডি. সেপাই ফার্মা, নার্সিং অ্যাসিস্ট্যান্ট, ট্রেডসম্যান | এইট পাশ মাধ্যমিক উচ্চমাধ্যমিক | - | ৬-১১-১৯ | www.joinindianarmy.nic.in |
| সেনাবাহিনীতে সেপাই ফার্মা | উচ্চমাধ্যমিক | - | ৬-১১-১৯ | www.joinindianarmy.nic.in |
| দিল্লি সাব-অর্ডিনেট সার্ভিস সিলেকশন বোর্ডে ফায়ার অপারেটর | মাধ্যমিক | ৭০৬ | ৬-১১-১৯ | http://dsssbonline.nic.in |
| কোস্ট গার্ডে নাবিক ডোমেস্টিক (কুক ও স্টুয়ার্ড) | মাধ্যমিক | - | ৮-১১-১৯ | www.joinindiancoastguard.gov.in |
| ম্যাঙ্গালোর রিফাইনারিতে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | ডিপ্লোমা পাশ | ২১১ | ৯-১১-১৯ | www.mrpl.co.in |
| কোল ফিল্ডে জুনিয়র ওভারম্যান | ডিপ্লোমা পাশ | ৭৫ | ১০-১১-১৯ | www.centralcoalfields.in |
| দিল্লি পুলিশে হেড কনস্টেবল | উচ্চমাধ্যমিক | ৫৫৪ | ১৩-১১-১৯ | http://delhipolice.nic.in |
| ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জে অ্যাপ্রেন্টিস | ডিপ্লোমা পাশ | ১১৬ | ২০-১১-১৯ | www.hmrdnats.gov.in |
| বর্ডার রোডস অর্গানাইজেশনে মাল্টি স্কিল্ড ওয়ার্কার | মাধ্যমিক ও আই.টি.আই. | ৫০৪ | ২৫-১১-১৯ | www.bro.gov.in |

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষার গাইড

# জেনারেল ইংলিশ

**Directions (Qs. 1–3) :** *Each question consists of a word in capital letters, followed by four words or phrases. Choose the word or phrase which is most nearly opposite in meaning to the given word.*

1. LACKLUSTRE
(A) Courteous (B) Vibrant
(C) Superficial (D) Abundant

2. ENTRENCH
(A) Defy (B) Oust
(C) Extinguish (D) Intercede

3. DISPARITY
(A) Likeness (B) Complacency
(C) Influence (D) Timidity

**Directions (Qs. 4–8) :** *Read each of the sentences to find out whether there is any grammatical or idiomatic error in it. The sentences are divided into 4 parts and each part is numbered from A to D. Choose one part containing error in the sentence.*

4. They are both (A)/ excellent books (B)/, but this one is (C)/ best (D).

5. I will (A)/ always remember (B)/ you (C)/ standing by me and offering me ecouragement (D).

6. In 1986, the nuclear disaster at chernoby/has aroused (A)/ intense speculation about (B)/ the longterm effects of (C) / radiation that continued for the better part of a year (D).

7. Each one (A)/ of the dogs in the show require (B)/ a special (C)/ kind of diet (D).

8. We admired (A)/ his bravely (B) attempts (C)/ to enter the burning building (D).

9. No sooner the bell rang (A)/ then there was (B)/ a scramble for (C) / getting out of the theatre (D).

10. Needless to say (A)/ both Tanya and me (B)/ will do our best (C)/ to complete the project as scheduled (D).

11. I never remember (A)/ to have seen (B)/ a more (C)/ exciting hockey match (D).

12. Orders have been passed (A)/ as far as supply of medicine (B)/ to the public hospitals in (C)/ rural areas are concerned (D).

13. Do you realise (A)/ that I am waiting for you (B)/ for one hour. (C)/ No error (D).

**Directions (Qs. 14–23) :** *Select the most suitable word from the choices given to fill in the blanks in the sentences given below:*

14. A light breeze ____ the forest fire and made it more dangerous.
(A) extinguished (B) lit (C) fanned (D) blew

15. The Judge used his ____ power and let him off with reprimand.
(A) legal (B) discretionary (C) special (D) absolute

16. He failed to get the job though he was _____ for the interview.
(A) invited (B) summoned (C) asked (D) called

17. We hold this truth to be ____ that all men are created equal.
(A) evident (B) obvious (C) self-evident (D) false

18. Since Amit was an _____ photographer he did not charge any money for taking our picture.
(A) amateur (B) professional (C) useless (D) unknown

19. He is much too — in his writings. He writes a page when a sentence should suffice.
(A) devious (B) lucid (C) verbose (D) efficient

20. The present expansion of the military strength of our old enemy to the north must fill us with —.
(A) guilt (B) amazement (C) admiration (D) apprehension

21. If you cannot comply — the regulation, don't apply.
(A) on (B) for (C) with (D) in

22. Our expenses are mounting — as the prices soar.
(A) over (B) on (C) along (D) up

23. The prodigal son gambled — the wealth he had.
(A) up (B) away (C) in (D) through

**Directions (Qs. 24 & 25) :** *Each question consists of a word in capital letters, followed by our four words or phrases. Choose the word or phrase which is most nearly similar in meaning to the given word.*

24. ATROCITY
(A) Endurance (B) Hatred
(C) Fortitude (D) Heinous

25. AUGMENT
(A) Harvest (B) increase
(C) Reach (D) Make noble

**Direction (Qs. 26 to 30) :** *In each of these questions, choose the alternative which is nearest in meaning to the word in capital letters.*

26. NASCENT
(A) Incipient (B) Ignorant
(C) Unnamed (D) Treacherous

27. METICULOUS
(A) Steadfast (B) Recent
(C) Painstaking (D) Overt

28. PLAGIARISM
(A) Theft of funds (B) Arson
(C) Ethical theory (D) Theft of ideas

29. BROCHURE
(A) Opening (B) Bureau
(C) Pamphlet (D) Pin

30. ABET
(A) Conceive (B) Wager
(C) Encourage (D) Protect

**Direction (Qs. 31 to 40) :** *These questions are based upon the following paragraph in which there are some blanks which have been numbered from 31 to 40. The word which can appropriately fill in each blank has been given as one of the four alternatives against the number of the blank below the paragraph. Find the most suitable word in each case.*

India is basically a **(31)** of rural masses. Seventy-four percent of the people live in villages. When one talks of a village it is not just a **(32)** of a few hundred people living together. A village in India used to be an independent socio-economic **(33)** based on a decentralised socio economic system, built not on a **(34)** but a complementary structure. If one studies India's history of the past two hundred and **(35)** years, especially when the British first came, one finds the truth of the statement. The new rulers undid the very **(36)** of rural society because they knew that India could not be **(37)** unless the village **(38)** was completely destroyed. Thus it is that the East India Company introduced **(39)** production into village life and consequently smashed its system of co-operation and **(40)**.

31. (A) Group (B) Actually
(C) Nation (D) Society

32. (A) Cluster (B) Habitation
(C) Combination (D) Sum

33. (A) Individuality (B) Contract
(C) Habitation (D) Entity

34. (A) Political (B) Competitive
(C) Social (D) Co-operative

35. (A) Odd (B) Few
(C) More (D) Sum

36. (A) Thread (B) Texture
(C) Fabric (D) Soul

37. (A) Overcome (B) Obtained
(C) Held (D) Controlled

38. (A) Society (B) Structure
(C) Co-operative (D) Life

39. (C) Centralised (B) Controlled
(C) Wide (D) Unfair

40. (A) Togetherness (B) Competition
(C) Combination (D) Co-ordination

**Direction (Qs. 41 to 45) :** *Read each of the following passages to answer these questions given below them.*

The gharial's hide is very tough and durable and has a beautiful texture. One of the best hides, it takes a fine finish when polished. Demand in the leather industry being high, it naturally fatch a very high price. Hunters with powerful weapons pursued them relentlessly and fishermen trapped them in their nets in the large numbers. Although the main cause of its destruction is indiscriminate hunting India's gigantic development project in various parts of the country have also harmed it a great deal. Rivers were dammed and transformed into big lakes. Most of this water was diverted into canals for irrigation and generation of electricity. The rivers which used to be full throughout the year are now almost dry except in the rainy season. At the end of the rainy season, the gharial's survival on dry riverbeds became extremely difficult. Human population on the banks of the rivers increased and fishing thrived. Rivers were denuded of sand and stone. Sandbanks, the basking yards of gharials, were occupied by cattle and men leaving no safe place for gharials even to lay eggs. All this naturally inhibited breeding.

According to a survey by the International Union for the Conservation of Nature and Natural Resources, on an average, one species or sub-species of the creatures becomes extinct every year. The gharial, too, is on the verge of extinction. The population of the other two species of crocodiles has also depleted. The Government of India has provided full protection to the three species under the Wildlife (Protection) Act, 1972. Under this act a complete ban on killing, netting, trading and exporting has been imposed. Trading in gharial hides has been banned; the export of gharial hides and its use in the manufacture of various items have also been banned. Nature loves the world over are anxious to save this species and many explorers are busy studying related problems. Prestigious magazines like *The National Geographic*, Washington; *International Wildlife*, Wisconsin; *Tirewelt*, Germany wished to publish authentic information on gharials.

41. The main theme of this passage is
(A) Saving the rivers from becoming dry (B) The indiscriminate hunting of gharials (C) The demands of leather industry (D) Saving the gharials from becoming extinct

42. The gharials lay their eggs
(A) In the river (B) On the sandbank (C) In the forests (D) On the dry riverbeds

43. Which of the following is NOT a cause for the extinction of gharials in India?
(A) They are hunted indiscriminately (B) Rivers are almost dry for the major part of the year (C) Human population is increasing continuously (D) Riverbanks are occupied by men and cattle

44. Which of the following may lead to the survival of gharials in India?
(A) Survey by the International Union for the Conservation of Nature (2) Government of India's Wildlife Protection Act, 1972 (C) Study of related problems of explorers and nature lovers (D) Publishing of information by prestigious magazines

45. Which of the following measures is NOT taken up by the Government of India for the survival of gharials?
(A) Ban on studying problems of gharial breeding (B) Ban on export of gharial hides (C) Ban on killing of gharials (D) Ban on manufacturing items made of gharial hides

## সেকেন্ডে উত্তরের কৌশল

**1(B).** Lacklustre – নিষ্প্রভ বা, নিস্পন্দ। বিপরীত শব্দ হবে স্পন্দনশীল বা, vibrant. **2(B).** Entrench – অনধিকারে দখল করা। বিপরীত শব্দ হবে উচ্ছেদ-করা বা, oust. **3(A).** Disparity – বৈসদৃশ। বিপরীত শব্দ হবে সদৃশ বা, likeliness. **4(D).** দু'টি বস্তুর মধ্যে তুলনা করা হচ্ছে বলে comperative degree-র 'better' বসবে। 'best' হবে না। **5(C).** ক্রিয়াপদের Gerund রূপের (standing) আগে কখনো noun বা, Pronoun, nominative রূপ বসবে না। বসবে Possesive রূপে। **6(A).** বাক্যটি যেহেতু অতীত কালের (১৯৮৬), তাই ক্রিয়াপদPresent Perfect tense-এর (has aroused) না হয়ে অতীতকালের 'aroused' হবে। **7(B).** 'Each one' যেহেতু এক বচনের, তাই ক্রিয়াপদের (require) গায়ে 's' বসবে। **8(B).** এখানে প্রচেষ্টা noun-টির বিশেষণ হিসাবে adverb 'bravely' বসবে না। বসবে adjective 'brave'. **9(B).** 'No sooner'-এর পরে আসে 'than', 'then' নয়। **10(B).** 'both'-এর পর 'subject' বা, কর্তারূপে বিশেষ্য আসবে। তাই এখানে 'me' স্থলে 'I' বসবে। **11(A).** বাক্যটি 'present perfect tense'-এর। তাই 'I never remember' স্থলে 'I have never remember' হবে। **12(D).** বাক্যটিতে একবার ক্রিয়াপদ 'have been passed' রয়েছে। তাই দ্বিতীয়বার আর শেষাংশে 'are' বসবে না। হবে 'rural areas concerned'. **13(B).** বাক্যটির শেষাংশে 'for one hour' থাকায় present perfect continuous tense হবে ও 'I am waiting' স্থলে 'I have been waiting' বসবে। **14(C). 15(B). 16(D). 17(C). 18(A). 19(C).** Devious - ভ্রান্ত, Lucid - তরল, Verbose - প্রয়োজনাতিরিক্ত শব্দ ব্যবহার করা, Efficient - দক্ষ, Pleasant - মনোহর। **20(D).** Guilt - দোষ বা, পাপ, Amazement - বিস্ময়, Admiration - প্রশংসার যোগ্য, Apprehension - ভবিষ্যতের জন্য আশঙ্কা, Repugnance - বিতৃষ্ণা. **21(C).** Comply -র পর সব সময় 'with' preposition বসবে। **22(D).** Mounting - ক্রমশ বাড়া। **23(B).** Gamble - জুয়াখেলা বা, অপচয় করা। এই ক্রিয়াপদের সঙ্গে preposition হিসাবে 'away' বসবে। **24(D). 25(B). 26(A).** Nascent – জায়মান/বিকাশমান। Incipient – প্রাথমিক, Ignorant – অজ্ঞ, Unnamed – পরিচিতিহীন, Treacherous – বিশ্বাসঘাতক। **27(C).** Meticulous – অত্যন্ত সতর্ক। Stead fast – দৃঢ়, Recent – সাম্প্রতিক, Painstaking – অত্যন্ত যত্নশীল, Overt – প্রকাশ্য। **28(D).** Plagiarism – অন্যের লেখা থেকে চুরি। Arson – অনিষ্ট করার উদ্দেশ্যে অন্যের গৃহদাহ। **29(C).** Brochure – ক্ষুদ্র পুস্তক/ পুস্তিকা। **30(C).** Abet – উত্তেজিত করা, Conceive – ভাবা/কল্পনা করা, Wager – বাজি ধরা, Encourge – উৎসাহিত করা, Protect – রক্ষা করা। **31(C). 32(C). 33(D). 34(B). 35(C). 36(A). 37(A). 38(C). 39(D). 40(D). 41(D). 42(B). 43(C). 44(B). 45(A).**

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## ২৯৬ টেকনিশিয়ান

১ পাতার পর

৩৮টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১৩, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ৪, প্রতিবন্ধী ৩)। কেমিক্যাল ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। মেকানিক্যাল ৩৭টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ৪, প্রতিবন্ধী ২)। মেটালার্জি ৩৪টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ৩)। ইন্সট্রুমেন্টেশন ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। ইলেক্ট্রনিক্স ৮টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১, প্রতিবন্ধী ১)।

**অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান (ট্রেনি /বয়লার অপারেটর)** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান, ড্রিল অপারেটর, হার্থম্যান, বয়লার অপারেটর ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আর বয়লার অ্যাটেন্ড্যান্ট কম্পিটেন্সির প্রথম শ্রেণি ও দ্বিতীয় শ্রেণির কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মূল মাইনে : ১৫,৮৩০-২২,১৫০ টাকা। শূন্যপদ : ৫৩টি। এর মধ্যে ফিটার ১৫টি (জেনাঃ ১০, তঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ১, প্রতিবন্ধী ১)। ওয়েল্ডার ৪টি (জেনাঃ ৩, তঃজাঃ ১)। ইলেক্ট্রিশিয়ান ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ই.ডব্লু.এস.১)। ড্রিল অপারেটর ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। হার্থম্যান ৯টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)। বয়লার অপারেটর ১৫টি (জেনাঃ ১০, তঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ১, প্রতিবন্ধী ১)।

**ফায়ারম্যান কাম ফায়ার ইঞ্জিন ড্রাইভার (ট্রেনি)** : মাধ্যমিক পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আর গাড়ি চালানোর কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ৩৬টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ৪)।

**সাব ফায়ার স্টেশন অফিসার (ট্রেনি)** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা নাগপুরের ফায়ার সার্ভিস ইনস্টিটিউট থেকে সাব-অফিসার কোর্স পাশ হলে যোগ্য। ইনস্টিটিউট অফ ফায়ার ইঞ্জিনিয়ার্স থেকে মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী ও ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে ৪০%) নম্বর পেয়ে থাকলেও যোগ্য। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৫, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)।

**ফার্মাসিস্ট (ট্রেনি)** : ফার্মাসির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪০%) নম্বর পেয়ে ফার্মাসির ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। ফার্মাসিস্ট হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে। এছাড়াও এবছরের পোস্ট-কোয়ালিকেশনে যোগ্যতা থাকতে হবে। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৩, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ১)।

**জুনিয়র স্টাফ নার্স (ট্রেনি)** : বি.এসসি. নার্সিং কোর্স পাশরা যোগ্য। সায়েন্স শাখার উচ্চমাধ্যমিক পাশরা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্স পাশ হলে আর মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। এছাড়াও এবছরের পোস্ট-কোয়ালিকেশন যোগ্যতা থাকতে হবে। শূন্যপদ : ২১টি (জেনাঃ ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ২, প্রতিবন্ধী১)।

**মাইনিং মেট** : মাধ্যমিক পাশরা বৈধ মাইনিং মেট কম্পিটেন্সি সার্টিফিকেট কোর্স পাশ হলে ও মাইনিং মেটের কাজে অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ৩০টি (জেনাঃ ১১, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১০, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ৩)।

**মাইনিং ফোরম্যান** : মাধ্যমিক পাশরা মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আর মাইন্স ফোরম্যান সার্টিফিকেট অফ কম্পিটেন্সি সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪০%) নম্বর পেয়ে থাকতে হবে। এছাড়াও এক বছরের পোস্ট কোয়ালিফিকেশন যোগ্যতা থাকতে হবে। শূন্যপদ : ১৪টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

সব পদের বেলায় শুরুতে ২ বছরের ট্রেনিং। অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান ট্রেনি ও ফায়ারম্যান কাম ফায়ার ইঞ্জিন ড্রাইভার পদের বেলায় স্টাইপেন্ড প্রথম বছর মাসে ৮,৬০০ টাকা ও দ্বিতীয় বছর মাসে ১০,০০০ টাকা আর অন্যান্য পদের বেলায় প্রথম বছর স্টাইপেন্ড মাসে ১০,৭০০ টাকা ও দ্বিতীয় বছর স্টাইপেন্ড মাসে ১২,২০০ টাকা। সফল হলে ১ বছরের প্রবেশন।

সব পদের বেলায় বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন।

অপারেটর কাম টেকনিশিয়ান ট্রেনি, অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান ট্রেনি, সার্ভেয়র, মাইনিং ফোরম্যান, মাইনিং মেট পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় — লম্বায় অন্তত ১৫৫ সেমি আর ওজন অন্তত ৪৫ কেজি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৫ সেমি ও ফুলিয়ে ৭৯ সেমি। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৪৩ সেমি ও ওজন অন্তত ৩৫ কেজি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭০ সেমি ও ফুলিয়ে ৭৩ সেমি। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় উভয় চোখে চশমা ছাড়া ৬/৯। আর কাছের বেলায় J-1.

জুনিয়র স্টাফ নার্স ও ফার্মাসিস্ট পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় — লম্বায় অন্তত ১৫০ সেমি আর ওজন অন্তত ৪০ কেজি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৫ সেমি ও ফুলিয়ে ৭৯ সেমি। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৪৩ সেমি ও ওজন অন্তত ৩৫ কেজি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭০ সেমি ও ফুলিয়ে ৭৩ সেমি। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় উভয় চোখে চশমা ছাড়া ৬/১৮। আর কাছের বেলায় J-2.

সাব-ফায়ার স্টেশন অফিসার ও ফায়ারম্যান কাম ফায়ার ইঞ্জিন ড্রাইভার পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় — লম্বায় অন্তত ১৬৫ সেমি আর ওজন অন্তত ৫০ কেজি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮১ সেমি ও ফুলিয়ে ৮৬.৫ সেমি। দৃষ্টিশক্তি হতে হবে উভয় চোখে চশমা ছাড়া ৬/৬। বিজ্ঞপ্তি নং : BSP-30 (Rectt) /19-20, Dt : 03.10.19.

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। সফল হলে মোট শূন্যপদের ৪ গুণ প্রার্থীকে স্কিল টেস্ট, ফিজিক্যাল এবিলিটি টেস্ট বা, ড্রাইভিং টেস্ট হবে। অনলাইন পরীক্ষায় ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪০%) নম্বর পেলে সফল হবেন। কবে কোথায় পরীক্ষা হবে, তার অ্যাডমিট কার্ড সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন ই-মেলে বা, এই ওয়েবসাইটে : www.sail.co.in

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.sail.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার ৫০০ কে.বি.'র মধ্যে জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নিয়ে যাবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Apply Online-ক্লিক করে যাবতীয় তথ্য দেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ 'অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান (ট্রেনি /বয়লার অপারেশন)', ফায়ারম্যান কাম ফায়ার ইঞ্জিন ড্রাইভার (ট্রেনি) ও মাইনিং মেট পদের বেলায় ১৫০ টাকা আর অন্যান্য পদের বেলায় ২৫০ টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না।

এবার আবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Registered Applicant-এ ক্লিক করে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো ও সিগনেচার আপলোড করে আর ফী ডিটেলস দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন 'সিস্টেম জেনারেটেড রেজিস্ট্রেশন স্লিপ' প্রিন্ট করে নেবেন। তখন ই-মেল আই.ডি. ও পাসওয়ার্ড পাবেন। কোনো প্রমাণপত্র ডাকে পাঠাতে হবে না। লিখিত পরীক্ষার সময় ফটো অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নিয়ে যাবেন।


# GSCE-র হাত ধরে WBCS অফিসার হওয়ার স্বপ্নপূরণ

**মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও স্নাতকস্তরের পরীক্ষা শেষেই সরকারি চাকরির প্রস্তুতি শুরু করুন**

আধুনিক প্রতিযোগীতার সময়ে সরকারি চাকরি পাওয়ার জন্য ছাত্রছাত্রীদের প্রস্তুতি পরীক্ষার পরপরই শুরু করা উচিত। স্নাতকস্তর পাশ করেছে এমন ছাত্রছাত্রীরা বেশী সময় নষ্ট না করে জীবনে সফল হতে পারে সেইজন্য GSCE-তে রয়েছে বিশেষ কোর্সের সুবিধা। ছাত্রছাত্রীরা পৃথক পৃথক জায়গা থেকে ভিন্ন ভিন্ন বিষয়ের প্রস্তুতি নেওয়ার মাধ্যমে তারা দিকভ্রষ্ট হয়ে পড়ছে। সাধারণত WBCS-এ সাফল্য পেতে গেলে প্রয়োজন সঠিক পরিকল্পনা, পরীক্ষার প্রতিটি বিষয়ের উপর স্বচ্ছ ধারণা, নিয়ম মেনে পড়াশুনা, অভিজ্ঞ শিক্ষকের সুনির্দিষ্ট গাইডলাইন, স্বকীয়তা, আত্মবিশ্বাস, দৃঢ় প্রত্যয়ী মানসিকতা ও উপস্থিত বুদ্ধি। WBCS পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণ হতে গেলে সঠিক মানসিক প্রস্তুতি গ্রহণ করা অবশ্যকর্তব্য। পাশাপাশি যেকোন পরিস্থিতিতে নিজের ইচ্ছাশক্তির উপর নির্ভর করে সকলকে অতিক্রম করার অদম্য মনোভাব পোষন করতে হবে, যা GSCE-তে প্রত্যেকটি ছাত্রছাত্রীকে হাতে ধরিয়ে শেখানো হয়ে থাকে। WBCS পরীক্ষাটির পুরো নাম West Bengal Civil Service (Executive) Etc. Examination এখন দরকার পরীক্ষাটির খুঁটিনাটি সম্পর্কে জেনে নেওয়া। শুধুমাত্র স্নাতক যোগ্যতাতেই এই পরীক্ষাটি দেওয়া যায়। এই পরীক্ষাটিতে সফল প্রার্থীরা ডেপুটি কালেক্টর কাম ডেপুটি ম্যাজিস্ট্রেট, ব্লক ডেভেলপমেন্ট অফিসার (B.D.O.), কমার্শিয়াল ট্যাক্স অফিসার, ল্যান্ড অ্যান্ড রেভেনিউ অফিসার, পুলিশের ক্ষেত্রে ডি.এস.পি., পশ্চিমবঙ্গ সরকারের প্রভৃতি উচ্চপদ আলোকিত করেন। পরীক্ষাটি সাধারণত প্রিলিমিনারি, মেইনস, ইন্টারভিউ এই তিনটি ধাপে হয়ে থাকে। একচান্সেই সাফল্য পেতে কয়েকটি বিষয় মাথায় রাখা অত্যন্ত জরুরি : (i) নিয়মিত মকটেস্ট (ii) কাট অফ মার্কসের ব্যাপারে অবগত হওয়া (iii) পরীক্ষার কোনটি গুরুত্বপূর্ণ এবং কোনটি গুরুত্বপূর্ণ নয় সেই বিষয় সম্বন্ধে সম্যক ধারণা। (iv) বিশেষজ্ঞের মাধ্যমে বিষয়গুলির ১০০ শতাংশ কমন প্রশ্নের লক্ষ্যে প্রস্তুতি নেওয়া। (v) সময়ের মধ্যে প্রশ্ন শেষ করার কৌশল রপ্ত করা। (vi) ইন্টারভিউ রুমে নিজেকে সপ্রতিভ রাখা। এ বিষয়ে সাফল্যের দিক নির্দেশিকা দিয়ে চলেছে শতাব্দী প্রাচীন জর্জ টেলিগ্রাফ গ্রুপের জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এক্সামস্ বা জিএসসিই। WBCS সহ অন্যান্য সরকারি চাকরির জন্য প্রস্তুত হচ্ছেন বা নেওয়ার কথা ভাবছেন এমন প্রত্যেকেই নিকটবর্তী GSCE কেন্দ্রে শীঘ্রই যোগাযোগ করতে পারেন। এই পরীক্ষায় সফল প্রার্থীরা পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি অফিসার পদে দায়িত্বভার গ্রহণ করেন। একচান্সেই সাফল্য পেতে GSCE-র WBCS কোর্সের বৈশিষ্ট্যগুলি হল : ● অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী ● পরীক্ষার কোনটি গুরুত্বপূর্ণ এবং কোনটি গুরুত্বপূর্ণ নয় সেই বিষয় সম্বন্ধে সম্যক ধারণা ● অতি প্রয়োজনীয় Time Management এবং Shortcut Technique শেখার সুযোগ ● ১০০% কমনযোগ্য, সাজেস্টিভ এবং কার্যকরী স্টাডি মেটেরিয়ালস ও পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞানসম্মত পরীক্ষা পদ্ধতি ● নিয়মিত ক্লাস, ক্লাস টেস্ট, মক টেস্ট এবং ডাউট ক্লিয়ারিং ক্লাস ● Home Works, Judge Yourself ● ইন্ডিভিজুয়াল কেয়ারের মাধ্যমে পিছিয়ে পড়া ছাত্রছাত্রীদের উপর বিশেষ যত্ন প্রদান ● প্রতিদিন ক্লাসের শুরুতেই প্রস্তুতি যাচাই করার জন্য Performance Test বিশেষ হোম ওয়ার্ক কপির ব্যবস্থা ● বিশেষ ক্লাসের ব্যবস্থা ● স্পীড টেস্ট-এর ব্যবস্থা ও লাস্ট মিনিট সাজেশন ● প্রিলিমিনারি, মেন এবং ইন্টারভিউ-এর সুসংবদ্ধ গাইডলাইন ● কাট অফ মার্কসের ব্যাপারে অবগত হওয়া ● শিক্ষামূলক পরিবেশে সমস্ত কেন্দ্রই হেড অফিস কলকাতা থেকে পরিচালিত হয় ● সাপ্তাহিক স্টাডি মেটিরিয়ালস ● নিজস্ব বাংলা মাসিক ম্যাগাজিন 'অ্যাচিভার্স' ● ইংরাজি মাসিক ম্যাগাজিন 'অ্যাচিভার্স ইন ফোকাস' ● নিজস্ব সাপ্তাহিক ট্যাবলয়েড 'শিক্ষা, চাকরি ও খেলা' ● উন্নতমানের ফ্রি লাইব্রেরি ও গ্রুপ স্টাডির ব্যবস্থা ● Personality Development ও Group Discussion-এর উপর বিশেষ যত্নপ্রদান ● ই-ম্যাগাজিন-এর সুবিধা ● অফলাইন পরীক্ষার ব্যবস্থা ● ইন্টারভিউ রুমে নিজেকে সপ্রতিভ রাখতে শেখা ● ছাত্রছাত্রীদের সুযোগ সুবিধার জন্য প্রতিটি ব্যাচে কোর্স মেনটর ● অনলাইন ও অফলাইন ফর্ম ফিল-আপ-এর সুবন্দোবস্ত ● চাকরি পাওয়া পর্যন্ত সমস্ত ধরনের সুযোগসুবিধা পাওয়া ● সর্বোপরি আধিকারিকবৃন্দের সম্পূর্ণ গাইডলাইন ও মোটিভেশন। ফলাফল- GSCE-র WBCS কোর্সে ভর্তি হলেই সুনিশ্চিত সরকারি চাকরি।

**GSCE**

পড়লেই সরকারি চাকরি

Helpline : 9830277100 / 200 / 300

২০১৯ সালে প্রতি ঘরে ডব্লুবিসিএস সহ অন্যান্য অন্তত ১০,০০০ সরকারি চাকরি পাওয়ানোর লক্ষ্য নিয়ে এগিয়ে চলেছে জিএসসিই।

GSCE-নিয়ে এল তিন মাসের Foundation Course

আসন সংখ্যা সীমিত।

জিএসসিই-তে নিম্নলিখিত কোর্স সমূহে ভর্তি চলছে

**WBCS** (Preliminary, Main, Interview + Other Exams)

**Regular Combined** (CGL, Bank (P.O & Clerk), Rail, Police, PSC, Army etc.)

**Crash Course** Bank / Primary TET / TET

**Interview & Personality Grooming Course**

(হেড অফিস) শিয়ালদহ

১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২

© 9674087465

© 9051040306

উপরিউক্ত নম্বরে ফোন করুন অথবা আপনার নাম ও ফোন নম্বর সহ SMS করুন

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ডানলপ(C.O.) | 9230056673 | ডায়মন্ডহারবার | 9230056662 | আসানসোল | 9674087475 | মালদা | 9674087472 |
| গড়িয়াহাট | 9230056665 | ক্যানিং | 7031615596 | দুর্গাপুর | 9674025500 | বালুরঘাট | 9230056676 |
| নেতাজীনগর | 9674087860 | হাওড়া ময়দান | 9230056677 | বর্ধমান | 9674025700 | রায়গঞ্জ | 8017491728 |
| বারাসাত | 9674087467 | বাগনান | 9674087468 | কোন্নগর | 9230056667 | ইসলামপুর | 9830277597 |
| ব্যারাকপুর | 9230056668 | তমলুক | 8697984951 | তারকেশ্বর | 9830277743 | শিলিগুড়ি | 9674087473 |
| কল্যানী | 9674087469 | কাঁথি | 9674140376 | ব্যান্ডেল | 9230056669 | কালিম্পং | 9830277171 |
| রানাঘাট | 9674083508 | পঃমেদিনীপুর | 9230056671 | কাটোয়া | 9830277230 | জলপাইগুড়ি | 9674025600 |
| কৃষ্ণনগর | 9674087470 | ঝাড়গ্রাম | 9674087874 | বোলপুর | 9674012025 | ধূপগুড়ি | 9830277257 |
| সোনারপুর | 9674087466 | বাঁকুড়া | 8017491727 | রামপুরহাট | 9674061397 | আলিপুরদুয়ার | 9674033336 |
| | | পুরুলিয়া | 9830277820 | বহরমপুর | 9674087471 | কোচবিহার | 9830277023 |
| | | | | | | দিনহাটা | 9830277698 |

শীঘ্রই বিজ্ঞপ্তি

SSC CGL

WBCS ও School Service

ফর্ম ফিলাপ সংক্রান্ত সমস্ত কিছু জানতে- © 9231036500

Website : www.gsceindia.org

George Telegraph • Since 1920


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad